আদর্শ তন্ত্রোক্ত বৃহৎ

শ্রীশ্রীকালীপূজা পদ্ধতি

(নিত্যকালীপূজাদি বিংশতি কালীপূজাবিধি সম্বলিত)

(বরাতবিহীন)

ওঁ পৌরোহিত্য-পূজা বিজ্ঞান
পৌরোহিত্য হোক সর্বজনীন

শ্রী অশোককুমার বন্দ্যোপাধ্যায়

আদর্শ তন্ত্রোক্ত বৃহৎ

শ্রীশ্রীকালীপূজা পদ্ধতি

[নিত্যকালীপূজাদি বিংশতি কালীপূজাবিধি সম্বলিত]
(বরাতবিহীন)

উৎসর্গ

সৌমিতা মে প্রিয়াকন্যা কালীনাম্নেতিবিশ্রুতা।
কাপি কর্ম্মস্পৃহা নাস্তি তথাপি কর্মকাতরা।।
কালিকাকৃপয়া যদি কাচিৎ কর্ম্মস্পৃহা ভবেৎ।
কালীপূজাবিধিস্তেন তস্যৈ ময়া প্রদীয়তে।।

আশীর্বাদক
শ্রীঅশোককুমার বন্দ্যোপাধ্যায়

ওঁ পৌরোহিত্য-পূজা বিজ্ঞান
পৌরোহিত্য হোক সর্বজনীন

সূচীপত্র

বিষয় পৃষ্ঠাঙ্ক
কালিকাতত্ত্ব ১-৪
নিবেদন ৫
শ্যামাযন্ত্র ৬
কালীপূজার সময় নিরূপণ ৭
ফর্দমালা ৮
শ্যামাপূজাক্রম ৮
নিত্যাপূজাবিধি ১১
নৈমিত্তিক কাম্য বিশেষ পূজাবিধি ২৩
  ১। শ্রীশ্রী দক্ষিণাকালিকা পূজা
  ২। শ্যামাপূজা
  ৩। দীপান্বিতা কালিকা পূজা
স্বস্তিবাচন ২৪
সঙ্কল্প ২৫
বরণ ২৫
ঘটস্থাপন ২৬
গন্ধাদির অর্চনা ২৭
সামান্যার্ঘস্থাপন-দ্বারদেবতাপূজা ২৮
বিঘ্নাপসারণ-মাষভক্তবলি ২৯
আসনশুদ্ধি ৩০
করশুদ্ধি-পুষ্পশুদ্ধি ৩১
অধিবাস ৩১
ভূতশুদ্ধি ৩৫
স্বশরীরে প্রাণপ্রতিষ্ঠা-মাতৃকান্যাস ৩৬
অন্তর্মাতৃকান্যাস-বাহ্যমাতৃকান্যাস ৩৭
সংহার মাতৃকান্যাস ৩৮
গুরুপূজা ৪০

বিষয়	পৃষ্ঠাঙ্ক
পঞ্চদেবতা পূজা	৪০
পীঠন্যাস	৪২
বর্ণন্যাস-প্রাণায়াম	৪২
ঋষ্যাদিন্যাস-করন্যাস	৪৪
অঙ্গন্যাস-সংক্ষেপ ষোঢ়ান্যাস	৪৪
বৃহৎষোঢ়ান্যাস	৪৫
তত্ত্বন্যাস	৬২
বীজন্যাস-ব্যাপকন্যাস	৬৩
মুদ্রাপরিচয়	৬৩
চর্ক্ষুদান	৬৫
প্রাণপ্রতিষ্ঠা	৬৬
মানসপূজা-বিশেষার্ঘ্য স্থাপন	৬৮
পীঠপূজা	৬৯
আবাহন	৭২
প্রধানপূজা-উপচারদানবিধি	৭২
আবরণপূজা	৭৬
ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তির পূজা	৮১
অষ্টভৈরবের পূজা	৮৪
দিক্‌পালগণের পূজা	৮৭
অস্ত্রপূজা	৮৮
মহাকাল ভৈরবের পূজা	৯০
শবরূপ মহাদেবের ধ্যান	৯১
নবগ্রহ পূজা	৯১
দেবীর অস্ত্রাদি পূজা-গুরুপংক্তি পূজা	৯১
বলিপ্রকরণ	৯২
কুষ্মাণ্ডাদি বলি	৯৪
মহিষবলি	৯৬

বিষয়	পৃষ্ঠাঙ্ক
হোমবিধি	১০২
বিসর্জন ক্রিয়া	১১০
শান্তিমন্ত্র-পুষ্পাঞ্জলিমন্ত্র	১১২
কর্পূরাদি স্তোত্রম্	১১৩
কাল্যপরাধভঞ্জন স্তোত্রম্	১১৭
কালীকবচম্	১১৯
দক্ষিণকালিকা স্তোত্রম্	১২২
শ্রীমদ্দক্ষিণ কালিকা কবচম্	১২৪
বিশ্বসারীয় স্তুতি	১২৬
শান্তিস্তোত্রম্	১২৭
কালিকাস্তোত্রম্	১২৮
দেবীস্তোত্রাণি	১২৯
তারাস্ত্রোত্রম্	১৩৪
তারিণীস্তব	১৩৬
কালিকাপ্রত্যাঙ্গিরাস্তোত্র	১৩৬
কালিকায়া ককরাদি সহস্রনামস্তোত্রম্	১৪৫
৪। শ্রীশ্রীশ্মশানকালিকাপূজা	১৮৩
৫। শ্রীশ্রীরটন্তীকালী পূজা	১৯১
৬। শ্রীশ্রীফলহারিণী কালীকাপূজা	১৯২
৭। শ্রীশ্রীভদ্রকালী পূজা	১৯৩
৮। শ্রীশ্রীরক্ষাকালী পূজা	১৯৪
৯। শ্রীশ্রীনিশাকালী পূজা	১৯৭
১০। শ্রীশ্রীমহাকালী পূজা	১৯৮
১১। শ্রীশ্রীগুহ্যকালিকা পূজা	১৯৯
১২। রাধাতন্ত্রোক্ত শ্রীশ্রীকৃষ্ণকালী পূজা	২০০
১৩। শ্রীশ্রীনিত্য কালীপূজা	২০৪

বিষয় পৃষ্ঠাঙ্ক
১৪। মৃত্যুনাশিনী শ্রীশ্রীরক্ষাকালিকা পূজা ২০৫
১৫। শ্রীশ্রীসিদ্ধেশ্বরী কালী পূজা ২০৮
১৬। শ্রীশ্রীসিদ্ধকালী পূজা ২০৯
১৭। শ্রীশ্রীকৌশিকী কালী বা
শ্রীশ্রীকৌষী বা শ্রীশ্রীকৌশীকালী পূজা ২১০
১৮। অমাবস্যা নিমিত্তক মাসিক শ্রীশ্রীকালীপূজা ২১১
১৯। শ্রীশ্রীদোলকালী পূজা ২১২
২০। শ্রীশ্রীসুষরময়ীকালী পূজা ২১৩

ওঁ পৌরোহিত্য-পূজা বিজ্ঞান
পৌরোহিত্য হোক সর্বজনীন

কালিকাতত্ত্ব

শ্রীশ্রী কালিকার আরাধনা ও মন্ত্রসাধন সম্পর্কে ভৈরবতন্ত্রে বলা হ'য়েছে যে, কালিকার মহামন্ত্রগ্রহণে মন্ত্রশুদ্ধি বিবেচনা ও অরিমিত্রাদি দোষ বিচার করতে হয় না। এই মন্ত্রের উপাসনায় প্রয়াসবাহুল্য অথবা সময় অসময় বিবেচনা নাই এবং অধিক অর্থব্যয় বা অধিক কায়ক্লেশও করতে হয় না। যে সাধক সর্বসিদ্ধিদায়িনী কালিকা দেবীকে চিন্তা করে, তার হাতে সবসময় সকলসিদ্ধি বিরাজ করে।

নাত্র চিত্তবিশুদ্ধি স্যান্ন বা মিত্রাদি দূষণম্।
ন বা প্রয়াস বাহুল্যম্ সময়াসময়াদিকম্।
ন বিভবব্যয়বাহুল্যং কায়ক্লেশকরং ন চ।
য এনং চিন্তয়েন্মন্ত্রী সর্বকাম সমৃদ্ধিদাম্।
তস্য হস্তে সদৈবাস্তি সর্ব সিদ্ধির্ন সংশয়ঃ।।

কালিকার স্বরূপ ঃ- বিভিন্ন তন্ত্রশাস্ত্রে কালিকার আরাধনা এবং তার মন্ত্র সাধনের যে সমস্ত ফলের কথা উল্লেখ করা হয়েছে, সেগুলি পাঠ করলে স্বতঃই প্রশ্ন জাগে — সেই কালী কিরূপ? এই প্রশ্নের উত্তর কিন্তু পুরাণে যেরূপ পাওয়া যায় তন্ত্রে সেরূপ পাওয়া যায় না। বঙ্গভূমিতে তন্ত্রের প্রাধান্য থাকায় তন্ত্রোক্ত কালীমূর্তির সঙ্গেই আমরা পরিচিত। পুরাণে যে রূপগুলি খুঁজে পাওয়া যায়, সেগুলি ভিন্ন ভিন্ন নামে পূজিত হয়। যেমন মার্কণ্ডেয় পুরাণান্তর্গত চণ্ডীতে দুবার কালীর আবির্ভাব দেখান হয়েছে, কিন্তু সেখানে কোনবারই শিব বা শব কারও অস্তিত্ব নাই। চণ্ডমুণ্ডের বধের সময় — দেবী চণ্ডীর ললাট থেকে যে কালীমূর্তির আবির্ভাব ঘটেছিল তাঁর শরীরের সঙ্গে আমাদের আরাধিতা কালীর শরীরের কিছুটা সামঞ্জস্য থাকলেও তিনি ব্যাঘ্র চর্ম পরিহিতা, দিগম্বরী নন এবং তার পদতলেও শব বা শিব কিছুই ছিল না। তাছাড়া অধিকাংশ পুরাণেই হিমালয়-কন্যা উমা বা পার্বতীরই গাত্রবর্ণ মলিন থাকায় অপর নাম ছিল কালী। কালিকাপুরাণে আছে—

তাম্ভনীলোৎপলদলশ্যামাং হিমবতঃ সুতাম্।
কালীতি নাম্না হিমবানাজুহাব কৃতে দিনে।।

(জন্মদিনে নীলপদ্মের ন্যায় শ্যামবর্ণা কন্যার নাম হিমবান রাখলেন কালী।) পরে পার্বতী শিবকর্তৃক উপহসিতা হয়ে কঠোর তপস্যা করে ব্রহ্মার বরে কাঞ্চনবর্ণ হয়ে গৌরী নাম পেয়েছিলেন।

বামনপুরাণ, বরাহপুরাণ, মৎস্যপুরাণ, স্কন্দপুরাণ ও কূর্মপুরাণ — সর্বত্র পার্বতীই গাত্রবর্ণ অনুসারে কালী নামে পরিচিতা ছিলেন। বিভিন্ন পুরাণের বর্ণনায় বিভিন্ন সময়ে শিব পার্বতীকে ঐরূপ গাত্রবর্ণ নিয়ে উপহাস করেছিলেন। তার ফলে পার্বতী গাত্রবর্ণ পরিবর্তনের জন্য তপস্যা করেন। তবে কোথাও শিবের বরে কোথাও বা ব্রহ্মার বরে পার্বতী স্বর্ণতুল্য গৌরবর্ণ লাভ করেন এবং তাঁর পরিত্যক্ত ঐ কৃষ্ণবর্ণ শরীর থেকে এক দেবীর সৃষ্টি হয় তাঁর নাম হলো কৌশিকী। শিবপুরাণেও বলা হয়েছে যে, ব্রহ্মার ইচ্ছায় দেবী কৃষ্ণবর্ণ ত্বক কোশ পরিত্যাগ করে গৌরী হলেন আর ঐ কোশ থেকে জন্ম নিল এক কৃষ্ণবর্ণাকন্যা যাঁর নাম হলো কৌশিকী কালী

ব্রহ্মণাভ্যর্থিতা চৈবং দেবী গিরিবরাত্মজা।।
ত্বক্‌কোশং সহসোৎসৃজ্য গৌরী সা সমজায়ত।
সা ত্বক্‌কোশাত্মনোৎসৃষ্টা কৌশিকী নাম নামতঃ।
কালী কালাম্বুদপ্রখ্যা কন্যকা সমপদ্যত।।

এই দেবী কৌশিকী অষ্টভুজা — ত্রিশূল, শঙ্খ, চক্র প্রভৃতি আটপ্রকার অস্ত্রধারিণী সৌম্যা এবং ভয়ংকরী, ত্রিনেত্রা ও চন্দ্রশেখরা। সুতরাং দেখা যাচ্ছে আমাদের আরাধ্যা কালী পুরাণোক্ত কালী হতে ভিন্ন। কেবল বৃহদ্ধর্মপুরাণে বর্ণিত কালীর মধ্যে তন্ত্রোক্ত কালীর সঙ্গে অনেকখানি রূপ সাদৃশ্য পাওয়া যায়। এবং এখানে কালীরূপ ধারণের কাহিনীর মধ্যেও অন্যান্য পুরাণের থেকে পার্থক্য আছে। এখানে উল্লেখ আছে যে, দক্ষকন্যা সতী শিবের সম্মুখে তাঁর শরীরের সোনার বর্ণ ত্যাগ করে অন্ধকার কাজলের মত বর্ণধারণ করলেন এবং পীনোন্নত পয়োধরা, মুক্তকেশা বিবস্ত্রা, চতুর্ভুজা রূপ ধারণ করলেন। (**মুক্তকেশা বিবস্ত্রা চ বীরবাহুচতুষ্টয়ী, দেহভারেন তং শৈলং কম্পয়ন্তীব সর্বতঃ। এবং ভ সতী দেবী শ্যামা কমললোচনা।।**) কিন্তু এখানেও কালী শিবের ব

দণ্ডায়মানা নন। ভারতচন্দ্র রায় গুণাকর বাংলা ভাষায় কালীর যে রূপ বর্ণনা করেছেন, তার মধ্যে শব আছে কিন্তু শিব নাই।

আমাদের পূজিতা কালীর রূপ সম্পূর্ণরূপে তন্ত্রোক্ত। সেই রূপের প্রথম দর্শন মিলেছে সাধক কৃষ্ণানন্দ আগমবাগীশের মাধ্যমে। তিনিই প্রথম তাঁর তন্ত্রসার গ্রন্থে শ্রীশ্রীকালীর কতকগুলি ধ্যান ও মন্ত্র সঙ্কলন করেন। সে সমস্ত ধ্যানগুলির মধ্যে কালীতন্ত্রোক্ত 'করালবদনাং ঘোরাং .... ইত্যাদি ধ্যানমন্ত্রটি অধিকমাত্রায় প্রচলিত। এই ধ্যানানুসারেই প্রায় প্রতিমাগুলি নির্মিত হয়ে থাকে, তবে মহাকালের সঙ্গে বিপরীত বিহারে রতা — এমন মূর্তি প্রায় দেখা যায় না। শোনা যায় নবদ্বীপে শক্তিরাসে কোন কোন স্থানে শবরূপী শায়িত শিবের উপরে উত্তানভাবে শায়িত মহাকালের সঙ্গে কালীকে বিপরীত বিহারে রতা অবস্থায় থাকা মূর্তি নির্মাণ করা হয়।

তবে পুরাণ আর তন্ত্রের কালীমূর্তি ধ্যান করলে সহজেই অনুমান করা যায় যে, কালী ও তেজঃস্বরূপা চণ্ডী অভিন্ন। পার্থক্য নামে আর আমাদের রূপ চিন্তনে। উপনিষদে কালী আবার অগ্নি জিহ্বা। অগ্নির সাতটি জিহ্বা—

কালী করালী চ মনোজবা চ, সুলোহিতা যা চ, সুধূম্রবর্ণা।
স্ফুলিঙ্গিনী বিশ্বরুচী চ দেবী, লোলায়মানা ইতি সপ্তজিহ্বা।।

অগ্নি ও সূর্য অভিন্ন বলেই দেবতেজোজাতা চণ্ডী ও রুদ্রযজ্ঞাগ্নি দুর্গা যেমন অভিন্না, সেরূপ অগ্নিজিহ্বা সূর্যজ্যোতিঃ অদর্শনজনিত কৃষ্ণবর্ণাত্মিকা তেজঃশক্তিও একাত্মিকা। দুর্গা-চণ্ডী তাঁর সংহারাত্মিকা শক্তি বিসর্জন দিয়ে হ'লেন বাঙ্গালীর জননী জগদ্ধাত্রী বা আদরিণী উমা। আর রুদ্রের ধ্বংসাত্মিকা শক্তি নিয়ে আবির্ভূতা হ'লেন মহাকালরূপী রুদ্রশক্তি মহাকালী। কিন্তু রুদ্র কেবল ধ্বংসেরই দেবতা নন, তিনি শিবও। শিব কল্যাণময়, তাঁর দক্ষিণহস্তে আরোগ্যের ঔষধ। রুদ্র তাই দক্ষিণ মূর্তিতে ভক্তকে রক্ষা করেন। আর রুদ্রশক্তি কালী ঘোররূপা হ'য়েও দক্ষিণা কালী।

এরূপ কালিকার ভৈরবভেদে ভিন্ন ভিন্ন নাম পাওয়া যায়। যেমন— রুদ্র চিতাগ্নিরূপে শ্মশানবাসী, তাই মহাকালী তখন রুদ্রশক্তিরূপে শ্মশানকালী।

খড়্গ ও নরমুণ্ডহস্তা নরমুণ্ডমালিনী নরকরমেখলাধারিণী সৃষ্টিনাশিনী রুদ্রাণী কালী ভক্তের নিকট বরাভয় দাত্রী শিবা; তাই তিনিই আবার **রক্ষাকালী।**

কালীর রূপ কল্পনায় দার্শনিক চিন্তার স্পষ্ট প্রতিফলন ঘটেছে। এখানে পুরুষপ্রকৃতিতত্ত্ব অত্যন্ত কার্যকরী। সাংখ্যদর্শনের পুরুষ চৈতন্যময় হ'য়েও নিষ্ক্রিয় অথচ প্রকৃতি অচেতনা হ'য়েও পুরুষের চেতনা সহযোগে সচেতনা হ'য়ে ক্রিয়াশীলা — চৈতন্যরূপ পুরুষের সংসর্গে সৃষ্টিক্রিয়ায় রতা। এক্ষেত্রে সাংখ্যতত্ত্বের কিছুটা সংমিশ্রণ ঘটেছে। যেমন নিষ্ক্রিয় সচেতন শিবের বক্ষোবিহারিনী হ'লেও তাঁকে সৃষ্টির দেবতা হিসাবে কল্পনা করা হয় না। তিনি রুদ্রের প্রতিরূপা রুদ্রাণী, ধ্বংসের তাণ্ডবলীলায় মত্তা। তিনি রক্তবীজের রক্ত পান করেছেন — **মুখেন কালী জগৃহে রক্তবীজস্য শোণিতম্।** তিনি আরও অশুভশক্তিনাশ করেছেন, গলায় পরেছেন [illegible] অশুভশক্তিনাশের প্রতীক হিসাবে দানবের মুণ্ডমালা। ছিন্নমুণ্ড ও খড়্গ অশুভশক্তিনাশের প্রতীক। করালবদন, লোলজিহ্বা ও দুইকষে রক্তধারা বিশ্বনাশিনী ধ্বংসশক্তির ভয়াবহতার প্রকাশক।

কালীরই আর এক মূর্তি ভদ্রকালী। ভদ্রকালীর মূর্তি চামুণ্ডার অনুরূপ। এছাড়াও তন্ত্রসারে গুহ্যকালী নামে আর এক কালী মূর্তির বিবরণ আছে। তবে তন্ত্রসারে উল্লিখিত রূপ বর্ণনায় গুহ্যকালী ও ভদ্রকালী একই। মুখ্যতঃ এই মূর্ত্তি যেন কালী ও চামুণ্ডার মিশ্রিত রূপ।

তন্ত্রসমুদ্রে কালীর মন্ত্র ও মূর্তি এমনভাবে পল্লবিত হ'য়েছে যা অল্প কথায় প্রকাশ করা অসম্ভব। তবে সর্বতন্ত্রের সার কথা হ'লো কালীর যে ধ্বংসলীলা, তা অশুভনাশের লীলা, তাই তিনি মঙ্গলদায়িনী জগজ্জননী। তাই তো দেখি, শিব অর্থাৎ মঙ্গল তাঁর পদে পতিত। ওপদ ছাড়া মঙ্গল অন্য কোথাও থাকে না। সেজন্যই তারারহস্যে উল্লিখিত, — **ললজিহ্বা উগ্ররূপা কালী সর্বৈঃ সুপূজিতা।।**

শ্রী অশোক কুমার বন্দ্যোপাধ্যায়

নিবেদন

কালীপূজার পদ্ধতি এখন অত্যন্ত সুলভ। তথাপি এই পদ্ধতিটি প্রকাশ করার একমাত্র কারণ হ'লো, গুরুনাথ বিদ্যানিধি সম্পাদিত পদ্ধতিটি নিঃশেষ হ'য়ে যাওয়ার পর বর্তমানে যে পদ্ধতিগুলি প্রকাশিত হ'য়েছে, সে গুলির অধিকাংশের মধ্যেই তন্ত্রোক্ত পূজার নিয়মগুলিকে যথাযথ স্বীকার করা হয়নি। ফলে তন্ত্রোক্ত ও পুরাণোক্ত বিধির সংমিশ্রণে একটি ভ্রান্ত রীতি প্রবর্ত্তিত হচ্ছে। বর্তমানে সংস্কৃতশিক্ষা সঙ্কোচনের ফলে ক্রমেই যোগ্য শাস্ত্রজ্ঞ পুরোহিতের অভাব সৃষ্টি হচ্ছে। সেক্ষেত্রে পদ্ধতিগুলি যথাযথ শাস্ত্রানুগ হ'লে অনভিজ্ঞ ব্যক্তিও সঠিক কাজটি করতে পারেন। নচেৎ বিপত্তি জন্মায়। সুতরাং সম্পূর্ণ তন্ত্রোক্ত বিধি অনুসারে কালীপূজা ও জগদ্ধাত্রী পূজার একটি পদ্ধতি প্রণয়ন করার ইচ্ছাতেই আমাদের পূর্বাচার্য শ্রীমদ্‌গুরুনাথ বিদ্যানিধি মহাশয় কর্ত্তৃক নির্ণীত বিধি অনুসারে এই পদ্ধতিটি সম্পাদন করা হ'য়েছে। প্রতিটি কার্যপ্রণালী সহজ বাংলা ভাষায় লেখা থাকায় নিতান্ত অনভিজ্ঞ ব্যক্তিও এই পদ্ধতির সাহায্যে সুষ্ঠুভাবে পূজাগুলি করতে পারবেন বলে আশা রাখি। আর গ্রন্থটি সম্পাদনা ও প্রকাশনায় যার অবদান বর্ণনাতীত সেই শ্রীমান দেবাশিস ভট্টাচার্যের ক্রমোন্নতি কামনা করি জগন্মাতা শ্রীশ্রীকালীমাতার কাছে।

ইত্যলম্।



গুহ্যকালী, শ্মশানকালী, ভদ্রকালী মহাকালী যন্ত্রম্।



শ্যামা যন্ত্রম্।

শ্রী শ্রী কালীপূজার সময় নিরূপণ।

শ্রী শ্রী কালীপূজার সময় নিরূপণ — "দিবা ন পূজয়েদ্দেবীং রাত্রৌ নৈবচ নৈবচ। সর্ব্বদা পূজয়েদ্দেবীং দিবারাত্রৌ ন পূজয়েৎ।।" এই তন্ত্রোক্ত প্রমাণানুসারে সাধারণতঃ মহানিশা অর্থাৎ রাত্রির মধ্যম প্রহরদ্বয় পূজার প্রশস্তকাল। **দীপান্বিতা শ্যামাপূজায়** বিশেষ এই যে — অর্দ্ধরাত্রব্যাপিনী অমাবস্যা তিথিযুক্ত দিনে পূজা হবে। যদি অমাবস্যা উভয়দিনেই অর্দ্ধরাত্রব্যাপিনী না হয় অর্থাৎ পূর্ব্ব দিবসে অর্দ্ধরাত্রির পর হবে এবং পরদিনেও অর্দ্ধরাত্র পর্য্যন্ত থাকবেনা এরূপ স্থলে দিব্য ও বীরভাবী সাধকগণ পূর্ব্বদিনে অর্দ্ধরাত্রির পর অমাবস্যা পড়লে পূজা করবেন এবং পশুভাবী সাধকগণ পরদিনে অমাবস্যাযুক্ত অর্দ্ধরাত্রির মধ্যেই পূজা করবেন। ক্ষীণা-অমাবস্যা স্থলে — পূর্ব্বদিনেও অমাবস্যা অর্দ্ধরাত্রব্যাপিনী হবে না; পরন্তু তিথিক্ষয় বশতঃ পরদিনেও রাত্রিতে মাত্র নয়দণ্ড কাল স্থিতি সে স্থলে দিব্য বীর ও পশুভাবী প্রভৃতি সকল সাধকগণ পূর্ব্বদিনেই পূজা করবেন। যে সময় অমাবস্যা উভয় দিনেই অর্থাৎ পূর্ব্ব ও পরদিনে অর্দ্ধরাত্রব্যাপিনী হবে সে সময়ে পরদিবসে মঙ্গলবারাদি যুক্ত হলেও পূর্ব্বদিনেই পূজা হবে।

ফলহারিণী কালীপূজা— জ্যৈষ্ঠমাসের অমাবস্যাতে মুক্তকেশী কালিকাদেবীকে পুষ্পদ্বারা সুশোভিত করে নানাবিধ ফলদ্বারা পূজা করা হয়। এ স্থলে সঙ্কল্পবাক্যে গৌণচান্দ্র উল্লেখ কর্ত্তব্য।

রটন্তী কালীপূজা— মাঘমাসের কৃষ্ণপক্ষে রটন্তী চতুর্দ্দশী তিথিতে সন্ধ্যাকালে মুণ্ডমালিনী কালিকাদেবীর পূজা করবেন।

নৈমিত্তিক কালীপূজায় প্রশস্ত দিনাদি— চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা, সংক্রান্তি প্রভৃতি পর্ব্বদিনে কালীপূজা প্রশস্তা। তারমধ্যে অমাবস্যা মহাপর্ব্ব, সেসময় পূজা করলে গৃহী ও সাধক সমধিক ফলভোগী হবেন। সাধারণতঃ শনি-মঙ্গলবারে, অমাবস্যাযুক্ত মঙ্গল এবং শনিবারে, পুষ্যানক্ষত্রযুক্ত নবমীতিথিতে, তুলারাশিস্থিত অমাবস্যাতে মহাদেবীর অর্চ্চনা

অতি প্রশস্তা। মঙ্গলবারে অমাবস্যা, শনিবারে পূর্ণিমা, শুক্রবারে দ্বিতীয়া ও দশমী তিথিতে দেবীর পূজা করলে বিশেষ ফল পাওয়া যায়।

ফর্দ্দমালা

কালীপূজায় প্রয়োজনীয় দ্রব্যাদি—

প্রতিমা। ঘট ১ টি। পঞ্চপল্লব (আম, কাঁঠাল, বট, অশ্বত্থ, বকুলের এক
একটি পল্লব)। আমশাখা — ২টি। নবরত্ন, পঞ্চরত্ন, পঞ্চশস্য। পঞ্চগব্য।
পঞ্চগুড়ি। পঞ্চামৃত। সশীষ ডাব ৩টি । দ্বারঘট ২টি। কলাগাছ ২টি। আতপ
চাউলপূর্ণ সরা ১ টি। সিন্দূর। কুণ্ডহাঁড়ি। তীরকাঠি ৪, তেকাঠা। কাজল।
আলতাপাতা, বরণডালা, শ্রী, পুষ্প, বিল্বপত্র, দূর্ব্বা, শ্বেত ও রক্তচন্দন।
জলশঙ্খ, ত্রিপদী, ঘন্টা, কাঁশর, কুশ, তিল, হরীতকী, শ্বেতসরিষা, গব্যঘৃত,
মাষকলাই, দধি, মধু, চিনি, ধূপ, দীপ, ধুনা। দুধ, লালসূতা। নৈবেদ্য —
বড় ৫ খানা, ছোট ৫০ খানা। যজ্ঞোপবীত ৬টি। ঘটাচ্ছাদনের গামছা ২
খানা। মূলপূজার শাড়ী ২ খানা। মহাকাল পূজার সাদা ধুতি ১ জোড়া।
মধুপর্কের কাঁসার বাটী ২টি। ৪ অঙ্গুলী পরিমাণ রৌপ্যাসন ২ খানা,
অঙ্গুরীয় ২টি। চন্দ্রমাল্য ১টি, বিল্বপত্রমাল্য ২টি, পুষ্পমাল্য ৪টি, লোহা,
নত, শাঁখা, সিন্দুর চুবড়ি, থালা১, গ্লাস ১, কাঁসার বাটী ১, যন্ত্রপুষ্প —
পদ্মপুষ্প, রক্তজবা, কৃষ্ণাপরাজিতা, রক্তকরবী, দ্রোণপুষ্প। বলিদানের
ছাগ। খড়্গ, হাড়ীকাঠ, রুধিরপাত্র। কাষ্ঠ, বালি, গব্যঘৃত — ৫০০ গ্রাম,
হোমের বিল্বপত্র ১০৮, ২ প্রস্থ নবগ্রহসমিধ। পূর্ণপাত্র, কলা ও পান।
ভোগের দ্রব্যাদি কর্পূর, তাম্বুল, তাম্বুলের মসলা, আরতির সাজ।
বরণডালা। পূজকের বরণ — সাদাধুতি ও উড়ানী। তন্ত্রধারকের বরণ
— সাদাধুতি ও উড়ানী। বরণাঙ্গুরী ২টি, দক্ষিণা।

শ্যামারহস্যে শ্রীশ্রীশ্যামাপূজাক্রমঃ—

অথানন্দময়ীপূজাং বক্ষ্যামি গুপ্ততান্ত্রিকীম্।
যাং কৃত্বা শিবসাযুজ্যং লভতে সাধকোত্তমঃ।।
পূজাগৃহং সমাসাদ্য সাধকেন্দ্রো মহশ্বেরি।
প্রথমং জলমানীয় পাদপ্রক্ষালনং ততঃ।।
উত্তরাভিমুখো ভূত্বা পাদপ্রক্ষালনং চরেৎ।
দিবা পূর্ব্বমুখো ভূত্বা রাত্রৌ কুর্য্যাদুদঙ্মুখঃ।।

দেবীপূজাং শিবস্যৈব সদা কুর্য্যাদুদঙ্মুখঃ।
প্রণবং পূর্ব্বমুচ্চার্য্য তদিতীতি পরস্ততঃ।।
সদিতিতু সমুচ্চার্য্য কর্ম্মকুর্য্যাদ্বিচক্ষণঃ।
স্মরণাৎ কর্ম্মনামাদ্যো ব্রহ্মভূয়ায় কল্পতে।।
সর্ব্বদা সর্ব্বকার্য্যেষু তান্ত্রিকে বৈদিকে তথা।
স্ববিদ্যাং সংস্মরন্ কুর্য্যাৎ ক্রিয়াং সর্ব্বপ্রচোদিতাম্।
সূত্রাকারেণ দেবেশি পূজাবিধিরিহোচ্যতে।।
তত্রাদৌ আচমনং কুর্য্যাৎ বিষ্ণুস্মরণপূর্ব্বকম্।
ভাস্করায় নিবেদ্যার্ঘ্যং কালিকায়ৈ ততঃপরম্।।
স্বস্তিবাচনসংকল্পং ঘটং সংস্থাপ্য যত্নতঃ।
গণেশাদীন্ সমভ্যর্চ্চ্য মন্ত্রেণাচমনং ততঃ।।
সামান্যার্ঘ্যং ততঃ কৃত্বা তজ্জলৈর্দ্বারভ্যুক্ষণম্।
দ্বারপূজাং বিধায়াথ ত্রিবিধং বিঘ্নসারণম্।।
মাষভক্তবলিং দদ্যাৎ পশ্চাদাসনশোধনম্।
গুরুদেবং নমস্কৃত্বা পরমেষ্ঠিগুরুং সুধীঃ।।
করশুদ্ধিঞ্চ তালঞ্চ ত্রয়ং দিগ্বন্ধনং ততঃ।
অগ্নিনা বেষ্টনং কার্য্যং প্রাণায়াম ততঃপরম্।।
ভূতশুদ্ধিং বিধায়াথ দেবীরূপং বিচিন্তনম্।
পুনঃ প্রাণায়ামং কুর্য্যাৎ মূলমন্ত্রেণ চৈব হি ।।
মাতৃকায়াঃ ষড়ঙ্গঞ্চ কুর্য্যাৎ আন্তরমাতৃকাম্।
মাতৃকাধ্যানমুচ্চার্য্য বাহ্যেতু মাতৃকাং ন্যসেৎ।।
পীঠন্যাসং ততঃ কৃত্বা বর্ণন্যাসং সমাপয়েৎ।
প্রাণায়ামং ততঃ কৃত্বা ঋষ্যাদিকং সমাপয়েৎ।।
করন্যাসাঙ্গন্যাসঞ্চ ষোঢ়ান্যাসং ততঃপরম্।
কায়িকং বাচিকং বাপি মানসঞ্চাপি দুষ্কৃতম্।
সর্ব্বং তস্য বিনাশত্বং যাতি ন্যাসস্য চিন্তনাৎ।।
পুরস্কৃত্য ক্ষয়ং যাতি যৎ কিঞ্চিদুপপাতকম্।
যদ্রূপং দৃশ্যতে যোঽ পি স তদ্রূপঞ্চ গচ্ছতি।।

---

* যাবন্ন দীয়তে চার্ঘ্যং ভাস্করায় মহাত্মনে। তাবন্ন পূজয়েদ্বিষ্ণুং শঙ্করং বা মহেশ্বরীম্।। (নন্দিকেশ্বর সংহিতা)

এবং দেবি ব্যাপকঞ্চ তত্ত্বন্যাসং সমাচরেৎ।
বীজন্যাসং ততঃ কৃত্বা ব্যাপকং বিন্যসেৎ সুধীঃ।।
মূলমন্ত্রেণ সপ্তধা ব্যাপকং বিন্যসেৎ সুধীঃ।।
মূলেন সপ্তধা ধ্যানং মানসৈঃ দেবীপূজনম্।।
বিশেষার্ঘ্যং বিধায়াথ পীঠপূজাং সমাচরেৎ।
পুনর্ধ্যানং ততঃ কৃত্বা দেবীমাবাহয়েৎ ততঃ।।
মুদ্রাদি দর্শনং কার্য্যং হৃদাদিনা ষড়ঙ্গকম্।
ধেন্বাদিকং ততঃ প্রাণ-নেত্রত্রয়সমন্বিতম্।
প্রতিষ্ঠাঞ্চ ততঃ কৃত্বা মূলপূজাং সমাচরেৎ।।
বিশেষার্ঘ্যদ্বয়ং কুর্য্যাৎ যত্নতঃ জ্ঞানবান্ সুধীঃ।
যাবৎ কালস্তু পূজনং সাধকঃ নৈব চালয়েৎ।।
আজ্ঞা প্রার্থনমঙ্গানি কাল্যাদীন্ পরিপূজয়েৎ।
ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তিগণান্ অসিতাঙ্গাদি ভৈরবান্।
মহাকালং যজেৎ যত্নাৎ তর্পণঞ্চ সমাপনম্।।
খড়্গাদীন্ গুরুপংক্তিঞ্চ পুনর্দেবীং প্রপূজনম্।
বলিদানং ততঃ কৃত্বা সমাংস-রুধিরং বুধঃ।।
দেব্যৈ দদ্যাচ্ছাগশীর্ষং অন্নাদিকং নিবেদনম।
নীরাজনং ততঃ পশ্চাৎ হোমং কুর্য্যাৎ যথাবিধিঃ।।
প্রাণায়ামং ততো জপং অর্ঘ্যাম্ভসা সমর্পণম্।
প্রাণায়ামং পুনঃ কৃত্বা কারণাদীন্ সমাচরেৎ।
অর্ঘ্যং দত্ত্বা মহেশানি চাত্মানঞ্চ সমর্পয়েৎ।
স্তুতিঞ্চ কবচং স্মৃত্বা চাষ্টাঙ্গং প্রণমেৎ সুধীঃ।।
শিবোঽহং ইতি বিচিন্ত্য সংহারেণ বিসর্জ্জয়েৎ।
ঐশান্যাং মণ্ডলং কৃত্বা চাণ্ডাল্যুচ্ছিষ্ট পূর্ব্বিকাম্।।
অর্ঘ্যং সন্ধ্যার্য্য শিরসি তিলকঞ্চ ললাটকে
(দ্বিতীয়ার্ঘ্যং শিরে দদ্যাৎ প্রথমার্ঘ্যং পরে পদে)।
কিঞ্চিৎ স্বীকৃত্য নৈবেদ্যং বিহরেচ্চ নিজেচ্ছয়া।।

---

* মুক্তা মাণিক্য বৈদূর্যং গোমেদ বজ্রবিক্রমৌ। পদ্মরাগং মরকতং নী
যথাক্রমাৎ।। * পনসাম্রং বটংবকুলমেব চ। পঞ্চপল্লবমুক্তঞ্চ মুনিভিস্তন্ত্রবেদিভি

নিত্য কালীপূজা বিধি

প্রয়োগঃ—

পূজক প্রথমে পূজামন্দিরে উপস্থিত হয়ে হাত পা ধুয়ে উত্তরমুখে বসে প্রথমে পাপাপনোদনের জন্য করযোড়ে বলবেন—

ওঁ দেবি তৎ প্রাকৃতং চিত্তং পাপাক্রান্তমভূন্মম।
তন্নিঃসারয় চিত্তান্ মে পাপং হুং ফট্ চ তে নমঃ।।

তারপর বৈদিক আচমন ও বিষ্ণুস্মরণ করে—

তারপর **বৈদিক আচমন**—ব্রাহ্মতীর্থে জল নিয়ে ৩ বার পান করে হস্তপ্রক্ষালন মার্জনাদি করে বিষ্ণুস্মরণ—

ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ।
ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ।
দিবীব চক্ষুরাততম্।।
ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্বাবস্থাং গতোঽপি বা।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং সবাহ্যাভ্যন্তরঃ শুচিঃ।। (ওঁ শ্রীপুণ্ডরীকাক্ষ ৩ বার)
ওঁ সর্বমঙ্গলমঙ্গল্যং বরেণ্যং বরদ্ শুভম্।
নারায়ণং নমস্কৃত্য সর্বকর্মাণি কারয়েৎ।। (ওঁ নমো নারায়ণায়)
ওঁ শঙ্খচক্রধরং বিষ্ণুং দ্বিভুজং পীতবাসসম্।
প্রারম্ভে কর্মণাং বিপ্রঃ পুণ্ডরীকাং স্মরেদ্ধরিম্।। (ওঁ শ্রীপুণ্ডরীকাক্ষ ৩ বার)
ওঁ মাধবো মাধবো বাচি মাধবো মাধবো হৃদি।
স্মরন্তি সাধবঃ সর্বে সর্বকার্যেষু মাধবঃ। (ওঁ শ্রীমাধবঃ ৩ বার)

সূর্য্যার্ঘ্যদান—

এরপর **সূর্যার্ঘ্যদান** করতে হয়। একটি তাম্রপাত্রে রক্তপুষ্প, তুলসী, দূর্বা, রক্তচন্দন ও জল দিয়ে অর্ঘ্যটি সাজিয়ে প্রথমে এতেগন্ধপুষ্পে শ্রীসূর্যায় নমঃ ন্ত্রে পূজা করে অর্ঘ্যটি অর্চনা করে অর্ঘ্যপাত্রটি অঞ্জলি দ্বারা মস্তকে ধারণ রে হাঁটুগেড়ে বসে—

ওঁ দিশি দিশি তপনং মহোগ্রতাপং
জ্বলিত-হুতাশন-দীপ্ততেজসম্।
তিথি-করণ-মুহূর্তকালচক্রং
দিবসকর-শরণমুপৈমি-সূর্যম্।।
ওঁ নমোবিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে,
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্মদায়িনে।
ওঁ এহি সূর্য সহস্রাংশো তেজরাশে জগৎপতে।
অনুকম্পয় মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর।।

ইদম্ অর্ঘ্যম্ (যজুর্বেদী-এষঅর্ঘ্যঃ) ঘৃণি সূর্য আদিত্য মার্তণ্ডভৈরবায় প্রকাশশক্তি সাহিতায় হ্রাং হ্রী সঃ সূর্যায় নমঃ। ওঁ সূর্যায় নমঃ-মন্ত্রে অর্ঘ্য দিয়ে সূর্যকে প্রণাম করবে।

ওঁ জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্বপাপঘ্নং পণতোঽস্মি দিবাকরম্।।

দেবীর জন্য আর একটি অর্ঘ সাজিয়ে অর্চনাকরে দুহাতে করে মাথায় দিয়ে ওঁ ক্রীং কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নোঘোরে প্রচোদয়াৎ এষ অর্ঘ ওঁ উদ্যতাদিত্যমণ্ডল মধ্যবর্তিন্যৈ নিত্য চৈত্রন্যোদিতায়ৈ শ্রীমদদ্দক্ষিণাকালিকায়ৈ স্বাহা বলে অর্ঘ্যটি তাম্রকুণ্ডে ঢেলে দেবেন।

সূর্যার্ঘদানের পর সূর্যকে ও দেবীকে অর্ঘ্যদান করে কালীমন্ত্রাচমন—

কাল্যাচমন—

ক্রীং ক্রীং ক্রীং—মন্ত্রে তিনবার জলপান
ওষ্ঠাধর মার্জন—ওঁ কাল্যৈ নমঃ। ওঁ কপালিন্যৈ নমঃ।
হস্ত প্রক্ষালন—ওঁ কুল্বায়ৈ নমঃ। মুখস্পর্শ—ওঁ কুরুকুল্বায়ৈ নমঃ।
দক্ষিণ নামা—ওঁ বিরোধিন্যৈ নমঃ। বামনাসা—ওঁ বিপ্রচিত্তায়ৈ নমঃ।
দক্ষিণ চক্ষু—ওঁ উগ্রায়ৈ নমঃ। বামচক্ষু—ওঁ উগ্রপ্রভায়ৈ নমঃ।
দক্ষিণ কর্ণ—ওঁ দীপ্তায়ৈ নমঃ। বামকর্ণ—ওঁ নীলায়ৈ নমঃ।
নাভি—ওঁ ঘনায়ৈ নমঃ। বক্ষঃ—ওঁ বলাকায়ৈ নমঃ।
মস্তক—ওঁ মাত্রায়ৈ নমঃ। দক্ষিণ বাহুমূল—ওঁ মুদ্রায়ৈ নমঃ।
বাম বাহুমূল—ওঁ মিত্রায়ৈ নমঃ।

হাত ধুয়ে মনে মনে দেবীকে চিন্তা করে—ক্রীং কালিকায়ৈ বিদ্ম

শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নো ঘোরে প্রচোদয়াৎ।। দেবী গায়ত্রী ১০ বার জপ করে—

কামিনীদেবীর ধ্যান করবেন—

ধ্যান—ওঁ সিংহস্কন্ধসমারূঢ়াং রক্তবর্ণাং চতুর্ভুজাম্।
নানালঙ্কারভূষ্যাঢ্যাং রক্তবস্ত্রবিভূষিতাম্।।
শঙ্খচক্রধনুর্বাণ বিরাজিত করাম্বুজাম্।।
কামিনীং প্রথমং ধ্যাত্বা জপপূজাং সমাচরেৎ।।

এরপর **'কং'** মন্ত্রে ১০ বার জপ করবেন।

'ওঁ তৎসৎ' মন্ত্রটি উচ্চারণ করবেন।

গন্ধাদির অর্চনা

'বং' বলে পুষ্পপাত্রে জলের ছিটা দিয়ে

এতেগন্ধপুষ্পে ওঁ এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ। (১টি ফুল মাটিতে ফেলবে)

এতেগন্ধপুষ্পে এতদধিপতয়ে বিষ্ণবে নমঃ। (১টি ফুল তাম্রকুণ্ডের জলে দেবে।)

এতেগন্ধপুষ্পে এতৎসম্প্রদানেভ্যো নারায়ণাদিভ্যো নমঃ। (১টি ফুল তাম্রকুণ্ডের জলে দেবে।)

এরপর বাম হাতটি ডান হাতে যুক্ত করে একটি করে ফুল নিয়ে তাম্রকুণ্ডের জলে দেবে।

এতেগন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ শ্রীগুরবে নমঃ।

গুরুপ্রণাম— ওঁ ব্রহ্মানন্দং পরমসুখদং কেবলং জ্ঞানমূর্তিং
দ্বন্দ্বাতীতং গগনসদৃশং তত্ত্বমস্যাদি লক্ষ্যম্।
একং নিত্যং বিমলমচলং সর্বধী সাক্ষিভূতং
ভাবাতীতং ত্রিগুণরহিতং সদ্গুরুং তং নমামি।।

এতেগন্ধপুষ্পে ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ।
এতেগন্ধপুষ্পে সর্বেভ্যো দেবেভ্যো নমঃ।
এতেগন্ধপুষ্পে সর্বাভ্যো দেবীভ্যো নমঃ।

সামান্যার্ঘ্যস্থাপন—জলশুদ্ধি



কোশা রাখার স্থানটিতে মধ্যমার সাহায্যে জল দিয়ে একটি ত্রিকোণ এরপর বৃত্ত ও তারপর চতুষ্কোণ এঁকে—

'এতে গন্ধপুষ্পে ওঁ আধার শক্তয়ে নমঃ'

বলে তার উপর ১টি সচন্দন পুষ্প দিয়ে **'ফট্'** বলে তার উপরে

রেখে **নমঃ** বলে কোশার অগ্রভাগে সচন্দন পুষ্প, দুর্বা ও অক্ষত (অর্ঘ্য)

অঙ্কুশমুদ্রায় জলটি স্পর্শ করে নীচের মন্ত্রটি বলতে হয়—

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।।

তারপর 'ওঁ গঙ্গাদি তীর্থেভ্যো নমঃ' বলে ঐ জলে গন্ধ পুষ্প ধেনুমুদ্রা দেখিয়ে মৎস্যমুদ্রায় আচ্ছাদন করে **'ওঁ'** মন্ত্র বা মূলমন্ত্র ১০ বার করতে হয়।

আসনশুদ্ধি



সামনে ডানদিকে আসনের তলায় মধ্যমার সাহায্যে জল দিয়ে ত্রিকোণ, তার বাইরে গোলাকার ও তার বাইরে একটি চতুষ্কোণ **'ওঁ আধারশক্তয়ে কমলাসনায় নমঃ'** বলে তাতে একটি ফুল দিয়ে ধরে বলবেন—

অস্য আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ
কূর্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।

কৃতাঞ্জলি হয়ে—

ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুণা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্।।

এরপর জোড়হাত করে বাঁদিকে—

ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ। ওঁ পরাপরগুরুভ্যো নমঃ।
ওঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ।

ডানদিকে—ওঁ গণেশায় নমঃ। উপরে—ওঁ ব্রহ্মণে নমঃ।
নীচে—ওঁ অনন্তায় নমঃ। পশ্চাতে—ওঁ ক্ষেত্রপালয় নমঃ।
সম্মুখে—মহাকালভৈরব সহিত শ্রীমদ্দক্ষিণাকালিকা দেব্যৈ নমঃ।

করশুদ্ধি

'ঐং' বলে একটি ফুল নিয়ে ওঁ বলে দু হাত পিষে 'ক্লীং' বলে আঘ্রাণ নিয়ে 'হেসৌঃ' বলে ঈশান কোণে ফেলে দেবেন মন্ত্রটি বলতে বলতে—

ওঁ তে সর্বে বিলয়ং যান্তু যে মাং হিংসন্তি হিংসকাঃ।
মৃত্যুরোগ-ভয়ঃ ক্লেশঃ পতন্তু রিপু মস্তকে।।

পুষ্পশুদ্ধি

হাতটি ধুয়ে পুষ্পপাত্রে ফুলগুলি ছুঁয়ে বলতে হয়—

ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে।।
পুষ্প চয়াবকীর্ণ চ হুং ফট্ স্বাহা।।

'হ্রাং হ্রীং হুং ফট্' বলে পুষ্প ও নৈবেদ্যাদিতে অনিমেষ দৃষ্টিপাত করে—
ওঁ জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা' বলে ঘণ্টায় একটি ফুল দিতে হয়।
তারপর ক্রীং মন্ত্রে ত্রিপ্রাণায়াম করে গায়ত্রীর আবাহন—

ওঁ আয়াহি বরদে দেবি, ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি।
গায়ত্রিচ্ছন্দসাং মাত র্ব্রহ্মযোনি নমোঽস্তুতে।

বলে গায়ত্রীর আবাহন করে গায়ত্রী ১০৮ বার জপ করে বিসর্জন করবে—

ওঁ মহেশবদনোৎপন্না বিষ্ণোর্হৃদয়সম্ভবা।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া।।

ইষ্টমন্ত্র ১০৮ বার জপ করবে এবং জপ সমর্পণ করবে—

মন্ত্র— ওঁ গুহ্যাতি গুহ্যগোপ্তা/গোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেব/দেবী ত্বৎ প্রসদান্ মহেশ্বর/মহেশ্বরী।।

নৈমিত্তিক অর্থাৎ বিশেষ পূজার ক্ষেত্রে গায়ত্রী ও ইষ্টমন্ত্র জপের পরই স্বস্তিবাচন ও সঙ্কল্প করতে হয়।

মাতৃকান্যাসঃ—

অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্ম ঋষি-র্গায়ত্রীচ্ছন্দো মাতৃকাসরস্বতী দেবতা হলো বীজানি-স্বরাঃ শক্তয়ো মাতৃকান্যাসে (লিপিন্যাসে বা) বিনিয়োগঃ।।

ঋষ্যাদিন্যাসঃ—

(শিরসি) ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ।
(মুখে) ওঁ গায়ত্র্যৈচ্ছন্দসে নমঃ।
(হৃদি) ওঁ মাতৃকাসরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ।
(গুহ্যে) ওঁ হল্ভ্যো বীজেভ্যো নমঃ।
(পাদয়োঃ) ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ।

করন্যাসঃ—

অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ।
ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা।
উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্।
এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাং হুং।
ওঁ পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্।
অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ অস্ত্রায় ফট্।

অঙ্গন্যাসঃ—

অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ।
ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা।
উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্।
এং তং থং দং ধং নং ঐং কবচায় হুং।
ওঁ পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্।
অং যং রং লং বং শং যং সং হং লং ক্ষং অঃ অস্ত্রায় ফট্।।

স্নপন—এরপর শুদ্ধজলে দেবীকে দর্পণে স্নান করাতে হবে—

মন্ত্র—

ওঁ শুদ্ধবালং সর্বশুদ্ধবালো মণিবালস্তহ আশ্বিনাং শ্বেতঃশ্বেতাক্ষোরুণস্তে রুদ্রায় পশুপতয়ে কর্ণাযামা অবলিপ্তারৌদ্রানভোরূপাপর্জন্যাঃ।

ওঁ গঙ্গা চ যমুনা চৈব গোদাবরী সরস্বতী
নর্মদা সিন্ধু কাবেরী স্নানার্থং প্রতিগৃহ্যতাম্।।
ওঁ আত্রেয়ী ভারতী গঙ্গা যমনুনা চ সরস্বতী।
সরযূর্গণ্ডকী পুণ্যা স্বর্গে মন্দাকিনী তথা।
ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা।
সর্বাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈ স্নাপয়ন্তু ত্বাম্।

ওঁ ক্রীং শুদ্ধজলেন কালিকাং স্নাপয়ামি বলে স্নান করিয়ে—দেবীর গা মুছিয়ে বস্ত্র মাল্যাদি পরিয়ে কপালে মাথায় সিঁদূর দিয়ে—ক্রীং মন্ত্রে ত্রিপ্রাণায়াম করে।

করন্যাস—ক্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ক্রীং তর্জনীভ্যাং স্বাহা।

ক্রূং মধ্যমাভ্যাংবষট্। ক্রৈং অনামিকাভ্যাং হুং।
ক্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্।

অঙ্গন্যাস—এইক্রমে ক্রাং হৃদয়ায় নমঃ।
ক্রীং শিরসে স্বাহা। ক্রূং শিখায়ৈ বষট্।
ক্রৈং কবচায় হুঃ। ক্রৌং নেত্রত্রয়ায় বৌষট্।

তারপর গন্ধপুষ্প দ্বারা গণেশাদি পঞ্চদেবতার পূজা করে গুরু ও শিবকে পূজা করে দেবীর পূজা করবে।

পঞ্চদেবতার পূজা

গণেশের ধ্যান—

ওঁ খর্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং,
প্রস্যন্দন্ মদগন্ধলুব্ধ-মধুপ-ব্যালোল গণ্ডস্থলম্।
দন্তাঘাত বিদারিতারি-রুধিরৈঃ সিন্দূরশোভাকরং,
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদম্।।

এষ গন্ধঃ ওঁ গণেশায় নমঃ।
এতৎ পুষ্পং ওঁ গণেশায় নমঃ।
এষ ধূপঃ ওঁ গণেশায় নমঃ।
এষ দীপঃ ওঁ গণেশায় নমঃ।
এত নৈবেদ্যং ওঁ গণেশায় নমঃ। (এই রীতিতে অন্যদের পূজা হবে)।

প্রণাম— ওঁ দেবেন্দ্রমৌলিমন্দারমকরন্দকণারুণা।
বিঘ্নং হরন্তু হেরম্ব চরণাম্বুজরেণবঃ।।

সূর্যের ধ্যান—

ওঁ রক্তাম্বুজাসনমশেষ গুণৈকসিন্ধুং,
ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরান্ দধতংকরাব্জৈ
র্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্।।

এষ গন্ধঃ ওঁ সূর্যায় নমঃ ইত্যাদিক্রমে পঞ্চোপচারে পূজা হবে।

প্রণাম— ওঁ জবাকুসুমশঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্।।

বিষ্ণুর ধ্যান—

ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডল-মধ্যবর্তী,
নারায়ণঃ সরসিজাসন-সন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কনককুণ্ডলাবান্ কিরীটী,
হারী হিরণ্ময়বপুর্ধৃত শঙ্খচক্রঃ।।

এষ গন্ধ ওঁ বিষ্ণবে নমঃ ইত্যাদিক্রমে পঞ্চোপচারে পূজা করে চয়নমন্ত্র বলে 'এতৎ সচন্দন তুলসীপত্রং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে 'স্বাহা' মন্ত্রে একটি তুলসীপাতা দিতে হয়।

প্রণাম— ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমোনমঃ।।

শিবের ধ্যান—

ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং,
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নম্।
পদ্মাসীনং সমন্তাৎস্তুতমমরগণৈ র্ব্যাঘ্রকৃত্তিং বসানং,
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চ বক্ত্রং ত্রিনেত্রম্।।

এষ গন্ধঃ ওঁ নমঃ শিবায়নমঃ ইত্যাদিক্রমে পঞ্চোপচারে পূজা করে এতৎ সচন্দন বিল্বপত্রং 'ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্ধনম্। উর্বারুকমিব বন্ধনান্ মৃত্যোর্মুক্ষীয় মামৃতাৎ স্বাহা' বলে একটি বেলপাতা দিতে হয়।

প্রণাম— ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর।।

জয়দুর্গার ধ্যান—

ওঁ কালাভ্রাভাং কটাক্ষৈররিকুল ভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাং,
শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈরুদ্বহন্তীং ত্রিনেত্রাম্।
সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবনমখিলং তেজসা পূরয়ন্তীং,
ধ্যায়েদ্ দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ।।

এষ গন্ধঃ ওঁ দুর্গায়ৈ নমঃ ইত্যাদিক্রমে পঞ্চোপচারে পূজা হবে।

প্রণাম— ওঁ সর্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে।।

এসময় শিবের ধ্যান করে পঞ্চোপচারে পূজা করতে হয়।

গুরুপূজা—

ধ্যান— ওঁ ধ্যায়েচ্ছিরসি শুক্লাব্জে দ্বিনেত্রং দ্বিভুজং গুরুম্।
শ্বেতবস্ত্রপরীধানং শ্বেতমাল্যানুলেপনম্।।
বরভয়করং শান্তং করুণাময়বিগ্রহম্।
বামেনোৎপলধারিণ্যা শক্ত্যালিঙ্গিতবিগ্রহম্
স্মেরাননং সুপ্রসন্নং সাধকাভীষ্টদায়কম্।।

এতেগন্ধপুষ্পে ঐং সশক্তিক শ্রীগুরুপাদুকাং পূজয়ামি নমঃ।

প্রণাম— ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।

অথবা (একাক্ষর মন্ত্রে) ধ্যান—

ওঁ শবারূঢ়াং মহাভীমাং ঘোরদংষ্ট্রাং বরপ্রদাম্।
হাস্যযুক্তাং ত্রিনেত্রাঞ্চ কপাল কর্তৃকা করাম্।।
মুক্তকেশীং ললজিহ্বাং পিবন্তীং রুধিরং মুদা।
চতুর্বাহুযুতাং দেবীং বরাভয়করাং স্মরেৎ।।

ধ্যানের পর দেবীর পঞ্চোপচারে পূজা করে—শ্রীমদদক্ষিণাকালিকাং পূজয়ামি নমঃ।

ওঁ ক্রীং শ্রীদক্ষিণাকালিকাং তর্পয়ামি স্বাহা মন্ত্রে তিনবার তর্পণ করে—

ক্রীং কালিকায়ৈ বিদ্মহে শ্মশান বাসিন্যৈ ধীমহি তন্নো ঘোরে প্রচোদয়াৎ এষ সচন্দন পুষ্পাঞ্জলিঃ ক্রীং শ্রীদক্ষিণাকালিকায়ৈ নমঃ। মন্ত্রে ৩ বার পুষ্পাঞ্জলি দিয়ে—

এতেগন্ধপুষ্পে দক্ষিণাকালিকা ষড়ঙ্গদেবতা শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে শ্রীকাল্যাদি পঞ্চদশ যোগিনীদেবম্বা শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে দিব্যৌঘ মানবো সিদ্ধৌ গুরুপঙ্ক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে গুরু-পরমগুরু-পরাপরগুরু পরমেষ্ঠিগুরু শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে ব্রহ্মাদ্যষ্টশক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে অসিতাঙ্গাদ্যষ্ট ভৈরব শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে শ্রীদক্ষিণাকালিকাবরণ দেবতা শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে শ্রীদক্ষিণাকালিকাবরণ দেবতা শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা।

মহাকালভৈরবের পূজা—

(দেবীর দক্ষিণে) ধ্যান—

ওঁ মহাকালং যজেদ্দেব্যা দক্ষিণে ধূম্রবর্ণকম্।
বিভ্রতং দণ্ডখট্টাঙ্গৌ দংষ্ট্রাভীমমুখ শিশুম্।।
ব্যাঘ্রচর্ম্মাবৃতকটিং তুন্দিলং রক্তবাসসম্।
ত্রিনেত্রমূর্ধ্বকেশঞ্চ মুণ্ডমালা বিভূষিতম্।
জটাভারলসচ্চন্দ্রখণ্ডমুগ্রং জলন্নিভম্।

এতেগন্ধপুষ্পে ওঁ হুঁ ক্ষ্রৌং যাং রাং লাং বাং আং ক্রোং মহাকালভৈরব সর্ব্ববিঘ্নান্ নাশয় নাশয় হ্রীং শ্রীং ফট্ স্বাহা।।

ওঁ মহাকালভৈরবায় নমঃ।

এই মন্ত্রে পূজা করে, পূজার শেষে তর্পণ করবেন। যথা — ওঁ হুং ক্ষ্রৌং যাং রাং লাং বাং আং ক্রোং মহাকালভৈরবং তর্পয়ামি নমঃ। অতঃপর ধ্যানান্তে দেবীপদতলে শবরূপ মহাদেবের পূজা করবেন।

শবরূপমহাদেবের ধ্যান—

ওঁ শুদ্ধস্ফটিকসঙ্কাশং মহাকালং ত্রিলোচনম।
দিগম্বরঞ্চ দ্বিভুজং কালীপাদব্যবস্থিতম্।।
উর্ধ্বলিঙ্গং মহাদেবং চন্দ্রচূড়ং সদাশিবম্।
ধ্যায়েচ্চ পরমানন্দং দেব্যা বাহনমুত্তমম্।।

ধ্যান করতঃ—"এতেগন্ধপুষ্পে ওঁ হেসৌঃ সদাশিবমহাপ্রেত-পদ্মাসনায় নমঃ" মন্ত্রে পূজা করে—"ওঁ হেসৌঃ সদাশিবমহাপ্রেত-পদ্মাসনং তর্পয়ামি নমঃ।"

এতেগন্ধপুষ্পে সায়ুধ সবাহন সপরিবার ইন্দ্রাদি দশদিকপাল শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে সায়ুধ সবাহন সপরিবার ইন্দ্রাদি দশদিকপাল শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।

সবশেষে ক্রীং সাঙ্গায়াঃ সাবরণায়ুধায়াঃ সপরিবারয়াঃ মহাকাল ভৈরব সহিত শ্রীমদদক্ষিণাকালিকা শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা। মন্ত্রে ৩ বার তর্পণ করে—

ভোগদান করে যথাশক্তি ক্রীং মন্ত্র জপ করে প্রণাম করবেন।

জপ সমর্পণ করে —

প্রণাম— ওঁ শ্রীমৎসুরাসুরাধ্য চরণাম্বুরুহদ্বয়াম্।
চরাচর জগদ্ধাত্রীং কালিকাং প্রণমাম্যহম্।।

তারপর পুষ্পাঞ্জলি দেবেন।

পুষ্পাঞ্জলি মন্ত্র—

১) ওঁ কালি কালি মহাকালি কালিকে পাপহারিণি।
ধর্মকামপ্রদে দেবি বিষ্ণুভক্তি প্রদায়িনি।।
মহিষঘ্নি মহামায়ে চামুণ্ডে মুণ্ডমালিনি।
আয়ুরারোগ্যবিজয়ং দেহি দেবি নমোঽস্তুতে।।
এষ সচন্দন বিল্বপত্রপুষ্পাঞ্জলিঃ মহাকাল ভৈরব সহিত শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ।

২) ওঁ কালি কালি মহাকালি কালিকে কালরাত্রিকে।
ধর্মার্থকামসম্পত্তিং দেহি দেবি নমোঽস্তুতে।।
ওঁ আয়ুর্দদাতু মে কালি পুত্রান্ দেহি সদাশিবে।
ধনং দেহি মহামায়ে রুদ্রপ্রিয়ে নমোঽস্তুতে।
এষ সচন্দন বিল্বপত্রপুষ্পাঞ্জলিঃ মহাকাল ভৈরব সহিত শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ।

৩) ওঁ করালবদনে ঘোরে মুক্তকেশি চর্তুভুজে।
কালিকে দক্ষিণে দেবি ত্রাহিমাং সর্বতঃ শিবে।।
এষ সচন্দন বিল্বপত্রপুষ্পাঞ্জলিঃ মহাকাল ভৈরব সহিত শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ।

৪) ওঁ প্রচণ্ডে চণ্ডমুণ্ডারে মুণ্ডমালাবিভূষিতে।
পূজাং সমস্তাং সংগৃহ্য প্রসন্নাভব কালিকে।।
এয সচন্দন বিল্বপত্রপুষ্পাঞ্জলিঃ মহাকাল ভৈরব সহিত শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ।

৫) ওঁ কায়েন মনসাবাচা কর্মনা যৎ কৃতং ময়া।
জ্ঞানাজ্ঞান কৃতং পাপং হর ত্বং ভক্তবৎসলে।।
এয সচন্দন বিল্বপত্রপুষ্পাঞ্জলিঃ মহাকাল ভৈরব সহিত শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ।

৬) ওঁ সংসারসাগরে ঘোরে দুঃখগ্রহসমাকুলে।
অপারে পতিতং শ্রান্তং পাহি মামতিদুঃখিতম্।।
এষ সচন্দন বিল্বপত্রপুষ্পাঞ্জলিঃ মহাকাল ভৈরব সহিত শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ।।

ওঁ পৌরোহিত্য-পূজা বিজ্ঞান
পৌরোহিত্য হোক সর্বজনীন

বিশেষ বা নৈমিত্তিক-কাম্য পূজাবিধি

(১) শ্রীশ্রী দক্ষিণাকালিকা পূজা

(২) শ্যামাপূজা

(৩) দীপান্বিতা কালিকা পূজা।

শ্যামাপূজা, দীপান্বিতা কালী পূজা—সমস্তই দক্ষিণাকালিকার পূজা তবে দীপান্বিতা অমাবস্যায় কালীপূজার পূর্বে একটি বিশেষ কৃত্য আছে—যা সকল গৃহস্থেরই করণীয়। যাঁদের ঐদিন কালীপূজা হয়, তাঁদেরও কিন্তু ঐদিন প্রদোষে অমাবস্যা যোগ থাকলে ঐসময়ে অলক্ষ্মী ও লক্ষ্মীর পূজা এবং দেবগৃহাদিতে দীপমালা দান করতে হয়, তাই এর নাম 'দীপান্বিতা অমাবস্যা'।

সন্ধ্যায় করণীয়—দেবগৃহ, বাসগৃহ, চতুষ্পথ, শ্মশান প্রভৃতি স্থলে দীপদান করতে হবে। তাছাড়া বাস্তুর বহির্ভাগে গোময় (গোবর) দিয়ে একটি পুতুল তৈরী করে বসিয়ে বামহাতে কৃষ্ণপুষ্প নিয়ে তাকে অলক্ষ্মীরূপে পূজা করতে হবে।

ধ্যান— ওঁ অলক্ষ্মীং কৃষ্ণবর্ণাং দ্বিভুজাং
কৃষ্ণবস্ত্র পরীধানাং লৌহাভরণভূষিতাম্।
শর্করাচন্দনচর্চিতাং গৃহে
সম্মার্জনী হস্তাং গর্দভারূঢ়াং কলহপ্রিয়াম্।।

ধ্যান করে মুখ পিছন দিকে রেখে **এতেগন্ধপুষ্পে ওঁ অলক্ষ্ম্যৈ নমঃ।** বলে কালোফুলটি দেবীর দিকে ছুঁড়ে দিয়ে প্রণাম করবে—

মন্ত্র— ওঁ অলক্ষ্মীস্ত্বং কুরূপাসি কুৎসিতস্থানবাসিনী।
সুখরাত্রৌ ময়াদত্তং গৃহ্ণ পূজাঞ্চ শাশ্বতীম্।।
দারিদ্র্যকলহপ্রিয়ে দেবি ত্বং ধননাশিনী।
যাহি শত্রোর্গৃহে নিত্যং স্থিরা তত্র ভবিষ্যসি।।

---

* পঞ্চাশদঙ্গুলিব্যাস উৎসেধঃ ষোড়শাঙ্গুলঃ। কলাসানাং প্রমাণাত্ত মুখমষ্টাঙ্গুলং স্মৃতম্। (অথবা উচ্চতা ১২ আঙ্গুলের কম হবে না।)

যদি ত্বং মে মহাভাগে প্রীতা ভবসি সর্বদা।
পুত্রবন্ধুকলত্রেষু কদাচিন্নাগমিয্যসি।।
গচ্ছত্বং মন্দিরং শত্রোগৃহীত্বা চাশুভং মম।
মদাশ্রয়ং পরিত্যজ্য স্থিতা তত্র ভবিষ্যসি।।

বলে কুলা বাজিয়ে নিজের বাস্তুর সীমার বাইরে বিদায় করে দেবে। তারপর পা ধুয়ে এসে ঘরে লক্ষ্মীপূজা করতে হবে।

তারপর মধ্যরাত্রে দেবী দক্ষিণাকালিকার পূজা বিধি অনুসারে করতে হবে।

প্রথম থেকে মন্ত্রাচমন পর্যন্ত করে সূর্য্যসোম ইত্যাদি মন্ত্রপাঠ স্বস্তিবাচনাদি সঙ্কল্প বরণ।

তারপর ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চ বৈ।
এতে শুভাশুভস্যেহ কর্ম্মণো নব-সাক্ষিণঃ।।

স্বস্তিবাচন—

ওঁ কর্তব্যেঽ স্মিন্ শ্রীমন্‌মহাকালভৈরবসহিত শ্রীমদ্দক্ষিণাকালিকা পূজন কর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু (৩ বার)

প্রতিবচন— ওঁ পুণ্যাহম্, ওঁ পুণ্যাহম্, ওঁ পুণ্যাহম্।

ওঁ কর্তব্যেঽ স্মিন্ শ্রীমন্‌মহাকালভৈরবসহিত শ্রীমদ্দক্ষিণাকালিকা পূজন কর্মণি ওঁ স্বস্তিভবন্তো ব্রুবন্তু (৩ বার)

প্রতিবচন— ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি

ওঁ কর্তব্যেঽ স্মিন্ শ্রীমন্‌মহাকালভৈরবসহিত শ্রীমদ্দক্ষিণাকালিকা পূজন কর্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু (৩ বার)

প্রতিবচন—ওঁ ঋধ্যতাম্, ওঁ ঋধ্যতাম্, ওঁ ঋধ্যতাম্।

বলে নিম্নোক্ত মন্ত্রটি স্বস্তিসূক্ত হিসাবে পাঠ করা হবে।

হ্রীঁ হুঁ স্বস্তি নঃ কাত্যায়নী অপর্ণাশ্রবা,
স্বস্তি নঃ কালী হ্রৌং মেধা অমৃতময়ী।
হ্রেং স্বস্তি নঃ প্রত্যঙ্গিরা দেবতা দধাতু, হ্রীং শ্রীং হুং ফট্ স্বাহা।
ওঁ সর্ব্বশ্চ দেবশ্চ বিভীতকশ্চ প্রভঞ্জতাং মেরু সুবর্ণদায়ী।
কালোধ্ব মা মা সচেন্দ্রিয়ং শ্রিয়ো বিবিক্তরাগায় পুনর্ভবায় বৈ।।

সঙ্কল্প—"বিযুওরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ভগবত্যা শ্রীমদদক্ষিণাকালিকাকৃপয়া সর্ববিঘ্নবিনাশ সহিত ধর্মার্থকামমোক্ষ চতুর্বর্গসিদ্ধিলাভান্তে কৈলাসে শ্রীমৎ শিবকালিকায়োঃ শ্রীপাদপদ্মে স্থান প্রাপ্তিকামঃ গণেশাদিদেবতাপূজা-পূর্বকং শ্রীমন্মহাকালভৈরব সহিত শ্রীমদ্দক্ষিণাকালিকায়াঃ পূজনকর্মাহং করিষ্যে" (পরার্থে "অমুকগোত্রস্য অমুকস্য ...... করিষ্যামি)।

তারপর বাক্যপাত্রটি ঈশান কোণে উপুড় করে দিয়ে তার উপর অক্ষত ও পুষ্প দিয়ে সঙ্কল্প সূক্ত পাঠ। যথা—

ওঁ ইন্দ্রাদ্যানো বিবেশী পুষ্টাং মা কৃণোতি সতাং সিঞ্চধ্বং।
প্রাহিতামমরোভিঃ স্বর্গমাদধৎ কৃষ্ণায়ুর্দ্দেব ওহতে।।

এরপর নিজে অসমর্থ হলে ব্রাহ্মণকে বরণ করবেন।

বরণ— যজমান পূর্বমুখে বসে ব্রাহ্মণকে উত্তরমুখে বসার জন্য আসন দিয়ে হাতজোড় করে বলবেন —

"ওঁ সাধু ভবানাস্তাম্।" "ওঁ সাধ্বহমাসে"।

প্রতিবচন—"ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তম্।" প্রতিবচন—ওঁ অর্চয়।

এতানি গন্ধপুষ্পফলতাম্বুলবস্ত্রাঙ্গুরীয় যজ্ঞোপবীতানি ওঁ ব্রাহ্মণায় নমঃ বলে ব্রাহ্মণকে দেবেন। তারপর আতপতণ্ডুল অধোমুখে ডান হাতে বাম হাত রেখে ব্রাহ্মণের দক্ষিণ জানু ধরে—

'বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা মৎসঙ্কল্পিতশ্রীমদ্দক্ষিণাকালিকাপূজাকর্মণি পূজককর্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্মানমেভির্গন্ধাদিভিরভ্যর্চ্চ্য পূজকত্বেন ভবন্তমহং বৃণে।" বলে বরণ করবেন। "ওঁ বৃতোঽ স্মি" প্রতিবচন। কৃতাঞ্জলিঃ — "ওঁ যথাবিহিতং পূজককর্ম কুরু।" "যথাজ্ঞানং করবাণি" প্রতিবচন।

এরপর বৃত ব্রাহ্মণ পূর্বোক্ত আচমনান্ত কর্ম করে সূর্য্যার্ঘ্য দিয়ে মূলমন্ত্র উচ্চারণ করে ইদমর্ঘ্যং ওঁ উদ্যদাদিত্যমণ্ডলমধ্যবর্ত্তিন্যৈ নিত্য চৈতন্যোদিতায়ৈ শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ স্বাহা বলে অর্ঘ্য দিয়ে ঘটস্থাপন করবেন।

ঘটস্থাপন— রক্তবস্ত্রপরিবেষ্টিত প্রমাণমাপের নিশ্ছিদ্র ঘট নিয়ে

"ক্লীং"—মন্ত্রে প্রোক্ষণ।
"ঐং"—মন্ত্রে কুশ দ্বারা স্পর্শ
"হ্রীং"—মন্ত্রে ঘট স্থাপন
"হ্রীং"—মন্ত্রে জলদ্বারা পূরণ করবে।
"হ্রীং"—গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ।
হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বঃপাতালমহীগতাঃ।
সর্ব্বতীর্থানি পুণ্যানি ঘটে কুর্ব্বন্তু সন্নিধিম্।।"
বলে তীর্থাদি আবাহন করে—
"হ্রীং"—মন্ত্রে ঘটমধ্যে নবরত্ন, পঞ্চরত্নং বা সুবর্ণ দিতে হয়।
"শ্রীং"—মন্ত্রে পঞ্চপল্লব দিয়ে
ওঁ হ্রীঁ শ্রীঁ—মন্ত্রে আতপতণ্ডুলপূর্ণসরা,
"হুঁ"—মন্ত্রে ফল স্থাপন করে
"স্ত্রীং"—মন্ত্রে স্থিরীকরণ।
"শ্রীং"—মন্ত্রে সিন্দূর।
"যং"—মন্ত্রে পুষ্প।
"হ্রীং"—মন্ত্রে দূর্ব্বা
"ওঁ"—বলে অভুক্ষ্যণ করে
"হুং ফট্ স্বাহা"—মন্ত্রে কুশদ্বারা ঘটকে স্পর্শ করবে।

এরপর স্থাং হ্রীং শ্রীং স্থিরোভাব বলে ১০ বার দেবীগায়ত্রী জপ করবে—

ক্রীং কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবসিন্যৈ ধীমহি তন্নোঘোরে প্রচোদয়াৎ বলবেন।

নিজ হৃদয়ে অঙ্কুশবীজ ক্রোং দশবার জপ করে নাভিপদ্মে কামিনী দেবীর ধ্যান করবে।

ধ্যান—ওঁ সিংহস্কন্ধসমারূঢ়াং রক্তবর্ণাং চতুর্ভুজাম্।
নানালঙ্কার ভূষাঢ্যাং রক্তবস্ত্রবিভূষিতাম্।।
শঙ্খচক্রধনুর্বাণ বিরাজিত করাম্বুজাম্।
কামিনীং প্রথমং ধ্যাত্বা জপপূজাং সমাচরেৎ।।

ধ্যানের পর মনে মনে দেবীর পূজা করে 'কং' মন্ত্র ১০ বার জপ করবে।

গন্ধাদি ও নারায়ণাদির অর্চনা— বং জলপ্রোক্ষণ।
এতেগন্ধপুষ্পে এতেভ্যো গন্ধাদিভ্যা নমঃ।
এতেগন্ধপুষ্পে এতৎসম্প্রদানেভ্যো নারায়ণাদিভ্যো নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ শ্রীগুরবে নমঃ।
এতেগন্ধপুষ্পে গণেশায় নমঃ।
এতেগন্ধপুষ্পে শিবাদি পঞ্চদেবতাভ্যো নমঃ।
এতেগন্ধপুষ্পে আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ।
এতেগন্ধপুষ্পে ইন্দ্রাদি দশদিক্পালেভ্যো নমঃ।
এতে গন্ধপুষ্পে সর্বেভ্যো দেবেভ্যো নমঃ।
এতেগন্ধপুষ্পে সর্বাভ্যো দেবীভ্যো নমঃ।।

কালী মন্ত্রাচমন— "ক্রীং" মন্ত্রে তিনবার জল পান করে—
"ওঁ কাল্যৈ নমঃ" "ওঁ কপালিন্যৈ নমঃ" বলে ওষ্ঠাধরমার্জ্জন।
'ওঁ কুল্বায়ৈ নমঃ" মন্ত্রে হাত দুটি ধুয়ে।
"ওঁ কুরুকুল্বায়ৈ নমঃ" বলে মুখ স্পর্শ।
"ওঁ বিরোধিন্যৈ নমঃ" দক্ষিণনাসা,
"ওঁ বিপ্রচিত্তায়ৈ নমঃ" বামনাসা,
"ওঁ উগ্রায়ৈ নমঃ" দক্ষিণনেত্র,
"ওঁ উগ্রপ্রভায়ৈ নমঃ" বামনেত্র,
"ওঁ দীপ্তায়ৈ নমঃ" দক্ষিণ কর্ণ,
"ওঁ নীলায়ৈ নমঃ" বামকর্ণ,
"ওঁ ঘনায়ৈ নমঃ" নাভি,
"ওঁ বলাকায়ৈ নমঃ" হৃদয়,
"ওঁ মাত্রায়ৈ নমঃ," শির,
"ওঁ মুদ্রায়ৈ নমঃ" ওঁ মিতায়ৈ নমঃ" ইতি দুই বাহুমূল স্পর্শ করবেন।

শেষে ওঁ মণিধরি বজ্রিণি মহাপ্রতিসরে রক্ষ রক্ষ হূঁ ফট্ স্বাহা মন্ত্রে গ্রন্থি এবং শিখাবন্ধন করবেন। তারপর সামনার্ঘ্য স্থাপন।

সামানার্ঘ্য স্থাপন— পশ্চাতে হাত ধোয়ার জন্য একটি পাত্র রে ভূমিতে ত্রিকোণবৃত্ত ভূবিম্ব অঙ্কন (অগ্রে ত্রিকোণ, তার বাহিরে বৃত্ত অর্থা গোল এবং তার বাহিরে ভূবিম্ব অর্থাৎ চতুষ্কোণ) করে তারপ "এতেগন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ" মন্ত্রে গন্ধপুষ্পদ্বারা পূজা ক "ফট্"মন্ত্রে প্রোক্ষণী পাত্র (কোশা) প্রক্ষালন করে মণ্ডলোপরি স্থাপ করবে। পরে "নমঃ" মন্ত্রে কোশা জলপূর্ণ করে অঙ্কুশমুদ্রায়—

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।।

মন্ত্রে তীর্থাবাহন করে "ওঁ" মন্ত্রে জলে গন্ধপুষ্প দিয়ে কোশার অগ্রে অর্ঘ্য সাজিয়ে "হূং" মন্ত্রে অবগুণ্ঠনমুদ্রা "বং" মন্ত্রে ধেনুমুদ্রা এব যোনিমুদ্রা প্রদর্শন করে মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদন করে মূলমন্ত্র ("ক্রীং) দশবার জপ করবে।

অনন্তর দ্বারদেবতাপূজা—"ফট্" মন্ত্রে দ্বারদেশ অভ্যুক্ষণ করে—

দ্বারদেবতা ইহাগচ্ছত ইহাগচ্ছত ইহতিষ্ঠত ইহতিষ্ঠত ইহসন্নিধত্ত ইহসন্নিরুধ্যধ্বম্ অত্রাধিষ্ঠানং কুরুত মম পূজাং গৃহ্নীত বলে আবাহন করে দ্বারদেবতাদের পূজা করবেন।

দ্বারপূজা— "এতে গন্ধপুষ্পে ওঁ গাং গণেশায় নমঃ"।
বামে "এতে গন্ধপুষ্পে ওঁ ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ"।
দক্ষিণে "এতে গন্ধপুষ্পে ওঁ বাং বটুকায় নমঃ"।
অধঃ "এতে গন্ধপুষ্পে ওঁ যাং যোগিনীভ্যো নমঃ"।
এই ক্রমে দ্বার চতুষ্টয়ে—
"এতে গন্ধপুষ্পে ওঁ গাং গঙ্গায়ৈ নমঃ"।
"এতে গন্ধপুষ্পে ওঁ যাং যমুনায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ শ্রীং লক্ষ্ম্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ"।
নৈর্ঋতে "এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ"।
"এতে গন্ধপুষ্পে ওঁ বাস্তুপুরুষায় নমঃ"
মন্ত্রে পূজা করে ত্রিবিধ বিঘ্নাপসারণ করবে।।

বিঘ্নাপসারণ— মূলমন্ত্রে (ক্রীং) দিব্যদৃষ্টি দ্বারা দিব্যবিঘ্ন, "অস্ত্রায় ফট্" মন্ত্রে অন্তরীক্ষের বিঘ্ন

এবং ভূমিতে বামপদের গোড়ালী দ্বারা তিনবার আঘাত করে ভৌমবিঘ্নাপসারণ পূর্ব্বক "ফট্" মন্ত্রে সাতবার অভিমন্ত্রিত করে নারাচ মুদ্রা দ্বারা শ্বেতসর্ষপ বা অক্ষত নিয়ে

"অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতা।
যে ভূতা বিঘ্ন কর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া।"

পাঠ করতে করতে ছড়াবেন।

"ওঁ সর্ব্ববিঘ্নানুৎসারয় হুঁ ফট্ স্বাহা" মন্ত্রে ভূমিতে জল ছিটিয়ে ভূমি শোধন করে ভূমি স্পর্শ করে—

"ওঁ পবিত্রে বজ্রভূমে হুং ফট্ স্বাহা"

মন্ত্রে ভূমিকে অভিমন্ত্রিত করে—

ওঁ অস্ত্রায় ফট্ মন্ত্রে তর্জনী ও মধ্যমা দ্বারা উর্দ্ধে ও নীচে তিনবার তালি দিয়ে তর্জনী ও অঙ্গুষ্ঠ দ্বারা ছোটিকা (টুসকি) দিয়ে দশদিক বন্ধন করবে। তারপর মাষভক্তবলি ও ভূতাপসারণ করবেন।

মাষভক্তবলি ও ভূতাপসারণ— অনন্তর ভূমিতে ত্রিকোণমণ্ডল এঁকে তার ওপর মাষভক্তবলি স্থাপন করে ভূতাদির আবাহন—

ওঁ ভূতাদয় ইহাগচ্ছত, ইহাগচ্ছত, ইহতিষ্ঠত, ইহতিষ্ঠত, ইহ সন্নিধত্ত, ইহ সন্নিরুধ্যধ্বম্ অত্রাধিষ্ঠানং কুরুত, মমপূজাং গৃহ্ণীত"।

অনন্তর "বং" বলে জলের ছিটা দিয়ে "এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ"

এতেগন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।
এতেগন্ধপুষ্পে এতৎ সম্প্রদানেভ্যো ভূতাদিভ্যো নমঃ।

"এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ" মন্ত্রে উৎসর্গ করে কৃতাঞ্জলিপূর্ব্বক

"ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে।
তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ।
পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্বলিভিস্তর্পিতাস্তথা।
দেশদস্মাৎ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্।

ওঁ ভূতাদয় ক্ষমধ্বম্।।"

কিছু অক্ষত বা শ্বেতসর্ষপ নিয়ে 'ফট্' মন্ত্রে সাতবার অভিমন্ত্রি করে—

ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূবি সংস্থিতা।
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া।।
ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ।
অর্পসর্পন্তু তে সর্ব্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ।।
ওঁ বিনায়কাঃ বিঘ্নকরাঃ মহোগ্রাঃ যজ্ঞদ্বিষো যে পিশিতাশনাশ্চ
সিদ্ধার্থকৈর্বজ্রসমানৈম্নের্ময়া নিরস্তাঃ বিদিশঃ প্রয়ান্তু।।

মন্ত্রপাঠ করে দশদিকে ছড়াবে।

আসনশুদ্ধি — ভূমিতে ত্রিকোণ করতঃ আসনের উপর "ওঁ আধারশক্ত্যাদিভ্যো নমঃ" মন্ত্রে পূজা করে, আসন স্থাপন করত "ওঁ আঃ সুরেখে বজ্ররেখে হুং ফট্ স্বাহা" মন্ত্রে ত্রিকোণ এঁকে গন্ধপুষ্প দিয়া "ওঁ হ্রীং আধারশক্তিকমলাসনায় নমঃ" মন্ত্রে গন্ধপুষ্প দ্বারা আসন পূজা করে, আসন স্পর্শ করে—

অস্য আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষি সুতলংছন্দঃ কূর্ম্মোদেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।

মন্ত্রপাঠ করে কৃতাঞ্জলি হয়ে

ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্।।

মন্ত্রপাঠ করবে।

অনন্তর (বামে) ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপর গুরুভ্যো নমঃ, ওঁ পরমেষ্ঠি গুরুভ্যো নমঃ।
(দক্ষিণে) ওঁ গণেশায় নমঃ।
(উর্দ্ধে) ওঁ ব্রহ্মণে নমঃ।
(অধঃ) ওঁ অনন্তায় নমঃ।
(পশ্চাৎ) ওঁ ক্ষেত্রপালায় নমঃ।
(মধ্যে) ওঁ শ্রীমন্মহাকালভৈরবসহিত ক্রীং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ। মন্ত্র পাঠ করবে।।

করশুদ্ধি — "ঐং অস্ত্রায় ফট্" মন্ত্রে সচন্দন রক্তবর্ণ পুষ্প নিয়ে "ক্লীং" মন্ত্রে দুই করতলে পেষণ করে "ঐং" মন্ত্রে আঘ্রাণ করে—

ওঁ হৌং, তে সর্বে বিলয়ং যান্তু যে মাং হিংসন্তি হিংসকাঃ।
মৃত্যুরোগভয় ক্লেশঃ পতন্তু রিপুমস্তকে।।

পাঠপূর্ব্বক "হেসৌঃ" মন্ত্রে ঈশানকোণে নিক্ষেপ করে পুষ্পশুদ্ধি করবে।

পুষ্পশুদ্ধি — অনন্তর মূলমন্ত্রে (ক্রীং) পূজোপকরণ সকল অভ্যুক্ষণ করতঃ ধেনুমুদ্রা প্রদর্শন করে

"ওঁ শতাভিষেক হূঁ ফট্ স্বাহা" মন্ত্রে পুষ্পে দেবীর অধিষ্ঠান চিন্তা করেব

"ওঁ পুষ্পকেতুরাজার্হতে শতায় সম্যক্ সম্বন্ধায় হূং" মন্ত্রে পুষ্প স্পর্শ করে—

"ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে চং হূং ফট স্বাহা" মন্ত্রে পুষ্প শোধন করবে। **"হূং"** মন্ত্রে জলধারায় চারিদিকে বহ্নিপ্রাকার চিন্তা করে মূলমন্ত্রে নিজদেহ মার্জ্জনা করে হৃদয়ে হাত দিয়ে **"ওঁ আং হূঁ ফট্ স্বাহা"** বলে আত্মশুদ্ধি করবে।

অধিবাস—

এ সময় একবার দেবীর ধ্যান করে অধিবাসের দ্রব্য দিয়ে **ওঁ ক্রীং কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ দ্বীমহি তন্নো ঘোরে প্রয়োদয়াৎ ওঁ**

---

(১) প্রাক্উদিচীমুখোবাপি সুপুষ্পৈর্মার্জ্জয়েৎ করং। মূলমুচ্চার্য্য দেবেশি তৎ পুষ্পং বামতস্তজেৎ। ঐং রঃ অস্ত্রায় ফট্। অনেনৈব মন্ত্রেণ পুষ্পং হস্ততলস্থিতং। সম্মার্জ্য সব্যহস্তেন বামেন পাণিনা ততঃ। নির্ম্মঞ্জ্য কামবীজেন (ক্লীং) জিঘ্রেতু (ঐং) বাগ্ভবেনতু। ঐশান্যাং নিঃক্ষিপেদেতচ্ছ্ববীজেন (হৌং হেসৌঃ বা) পার্ব্বতী। পার্ষ্ণিঘাতকরাস্ফোট সমুদাঞ্চিতবক্রকৈঃ। তালত্রয়মথো দদ্যাৎ সশব্দং সম্প্রদায় চ। ঋতুচন্দ্রৈর্বেদরসৈর্ব্বসৈ নেত্রপক্ষৈর্ব্বদাধিকৈঃ প্রিয়ে। মাত্রাভিঃ প্রণবং জপ্ত্বা পূর-কুম্ভক-রেচকৈঃ। প্রাণায়ামং ততঃ কৃত্বা ভূতশুদ্ধিং ততশ্চরেৎ। অন্যত্রাপি। মনোজীবাত্মনঃ শুদ্ধিঃ প্রাণায়ামেন জায়তে। কালীতন্ত্রেহপি – প্রাণায়ামত্রয়ং কুর্য্যান্মূলেন প্রণবেন বা। জ্ঞানার্ণবেহ পি–কনিষ্ঠানামিকাঙ্গুষ্ঠৈর্যন্নাসাপুটধারণম্। প্রাণায়মঃ স বিজ্ঞেয়স্তর্জ্জনীমধ্যমে বিনা। অথ গৌতমীয়ে – ভূতশুদ্ধিং লিপিন্যাসং বিনা যস্তু প্রপূজয়েৎ। বিপরীতং ফলং দদ্যাদ্ভক্ত্যা পূজনং যথা। ততো ভূতশুদ্ধিং কুর্য্যাৎ।

ক্রীং অনয়া মহ্যা অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহি শ্রীমদক্ষিণাকালিকায়াঃ শুভাধিবাসনমস্তু ইত্যাদি ক্রমে অধিবাস ক দেবীর বাম হাতে ও মহাকালের ডান হাতে মাঙ্গল্যসূত্র বাঁধতে হ

প্রথম প্রতিমাস্থাপনের পূর্বদিন, না করা হলে এইসময় করণীয়। তাছাড়া অন্যপূজায় হবে না। বিশেষ করে প্রতিষ্ঠিত দেবতার অধিবাস হবে না।

কোশার জলে ডানহাত দিয়ে ত্রিপত্র ও হরীতকী ধরে—

বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকপক্ষে অমুক তিথৌ। অমুকগোত্র শ্রী অমুক দেবশর্মা অমুক গোত্রস্য অমুক দেবশর্মণঃ শ্রীমন্ মহাকাল ভৈর সহিত শ্রীমদক্ষিণাকালিকা প্রীতিকামঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহি শ্রীমদ্‌ক্ষিণাকালিকা পূজায়াং প্রতিমাধিকরণক শ্রীমন্ মহাকাল ভৈরব সহি শ্রীমদ্‌ক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসন কর্মাহং করিষ্যামি।

---

(১) 'রং' মন্ত্রে জলধারা দ্বারা অগ্নিময় প্রাচীর চিন্তা করে নিজের ক্রোড়ে দুটি হা উত্তানভাবে রেখে হংস মন্ত্রে প্রদীপকালিকাকার হৃদস্থ জীবাত্মাকে মূলাধার স্থি কুলকুণ্ডলিনীর সঙ্গে যুক্ত করে সুষুম্নাপথে মূলাধার, স্বাধিষ্ঠান, মনিপুর, অনাহত, বিশু ও আজ্ঞা এই ষট্‌চক্র ভেদ করে শিরঃস্থিত অধোমুখ সহস্রদলকমলের কর্ণিকান্তর্গ পরমাত্মাতে সংযুক্ত করে তাতে পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ (এই ভূত পঞ্চক) গন্ধ রস, রূপ, স্পর্শ, শব্দ (তন্মাত্র পঞ্চক) নাসা, রসনা, নেত্র, ত্বক, কর্ণ (জ্ঞানেন্দ্রিয় পঞ্চক বাক্, হস্ত, পদ, গুহ্য, মেঢ্র(কর্মেন্দ্রিয় পঞ্চক) প্রকৃতি, মন, বুদ্ধি ও অহঙ্কার — এই চব্বিশ তত্ত্ব বিলীন হয়েছে এরূপ চিন্তা করে ডান নাসিকা টিপে বাম নাসাপুটে 'যং' এই বায়ুবী চিন্তা করে ষোলো বার জপ করে বায়ুর দ্বারা দেহপূর্ণ করে দুই নাকই টিপে চৌষট্টি বা জপ দ্বারা কুম্ভক করে বামকুক্ষিস্থিত কৃষ্ণবর্ণ পাপপুরুষের সঙ্গে দেহ দগ্ধ করে সেই মন্ত্রে বত্রিশবার জপ দ্বারা বামনাসা দিয়ে ভস্মসহ বায়ু রেচন করবে। এরপর এইভাবে 'রং' বী দ্বারা পূরক, কুম্ভক ও রেচক করবে। তারপর শুক্লবর্ণ 'ঠং' এই চন্দ্রবীজ বামনাসাপুটে চিন্ত করে ষোলবার জপ দ্বারা ললাটে চন্দ্রকে এনে উভয়নাসা ধরে 'বং' এই বরুণবীজের চৌষট্টি বার জপ দ্বারা কুম্ভক করে ললাটস্থ চন্দ্র থেকে গলিত মাতৃকাবর্ণময় অমৃত দ্বারা সমস্ত নূতনদেহ রচনা করে 'লং' এই পৃথিবীবীজের বত্রিশবার জপ দ্বারা দেহকে সুদৃঢ় চিন্তা ক ডান নাসা দ্বারা বায়ু রেচন করবে। তারপর ঐ মন্ত্র দ্বারা জীবাত্মাকে নিজশরীরে এ কুলকুণ্ডলিনী এবং পৃথিবী আদিকে যথাস্থানে স্থাপন করে বায়ু রেচন করবে।

* ওঁ হৌঁ মন্ত্র ১০৮ বার জপ করলে ভূতশুদ্ধির ফল পাওয়া যায়। প্রমাণ — জ্যোতির্ময়ং মহেশানি অষ্টোত্তরশতং জপেৎ। এতদ্‌জ্ঞান প্রভাবেন ভূতশুদ্ধেঃ ফলং লভেৎ।

দেবীর ধ্যান করে পঞ্চপচারে পূজা করে বরণডালার মহী আদি (মহীগন্ধশিলাধান্য দূর্বাপুষ্পং ফলং দধি। ঘৃতস্বস্তিক সিন্দুরংশঙ্খ কজ্জল রোচনা। সিদ্ধার্থং কাঞ্চনং রৌপ্যং তাম্র চামর দর্পণং দীপ প্রশস্তিপাত্রঞ্চ বন্দয়েচ্ছুভকর্মসু)।। দ্রব্য এক একটি নিয়ে প্রতিবার গায়ত্রী পাঠ করে নির্দিষ্ট মন্ত্রগুলি বলে বলে দ্রব্যটি ঘটে মাটিতে, নারায়ণে দেবতার অঙ্গে স্পর্শ করিয়ে বরণডালায় রাখতে হবে। যথা—

(১) গায়ত্রী ওঁ অনয়া মহ্যা অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

(২) অনেন গন্ধেন অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

(৩) অনয়া শিলয়া অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

(৪) অনেন ধান্যেন অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

(৫) অনয়া দূর্বয়া অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

(৬) অনেন পুষ্পেন অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

(৭) অনেন ফলেন অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

(৮) অনেন দধ্না অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

(৯) অনেন ঘৃতেন অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

(১০) অনেন স্বস্তিকেন অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

(১১) অনেন সিন্দূরেণ অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

(১২) অনেন শঙ্খেন অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

(১৩) অনেন কজ্জলেন অস্যাঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদ্দক্ষিণাকালিকা দেব্যাঃ শুভাধিবাসনমস্তু।

২) প্রতিমায়াঞ্চ পূজায়াঞ্চ ন লিখেৎ যন্ত্রমুত্তমম্। প্রতিমায়াশ্চ পুরতঃ ঘটংস্থাপ্য প্রযত্নতঃ।। পরিবারান্ যজেত্তত্র ঘটেতু পরমেশ্বরি। মন্ত্রাধিষ্ঠিতদেবাংশ্চ ঘটবক্ত্রে চ পূজয়েৎ।। সমস্তদেবতারূপং ঘটঞ্চ পরিচিন্তয়েৎ। সুরদ্রুমস্বরূপোহয়ং ঘটো হি পরমেশ্বরি।। মহাযন্ত্রন্তু দেবেশি যদি কুর্য্যাচ্চ সাধকঃ। তত্র মূর্ত্তিং ন কুর্য্যাচ্চ কদাচিদপি মোহতঃ।। যদি মূর্ত্তিং প্রকুর্য্যাত্তু তত্র যন্ত্রং ন কারয়েৎ। যদি কুর্য্যাত্তু মোহেন যজেদ্‌বারদ্বয়ং প্রিয়ে।। দ্বিগুণং পূজনং তত্র দ্বিগুণং বলিদানকম্। দ্বিগুণং প্রজপেন্মন্ত্রং দ্বিগুণং হোময়েৎ সুধীঃ।। অন্যথা বিফলা পূজা বিফলং বলিদানকম্।। সর্ব্বং হি বিফলং যস্মাত্তস্মাদ্‌যন্ত্রং ন কারয়েৎ।। ইতি মাতৃকাভেদতন্ত্রে দ্বাদশপটলে শ্রীশিবদুর্গাসংবাদে প্রতিমা সন্নিধানে যন্ত্রকরণ নিষেধঃ। অতএব ঘটবক্ত্রে পীঠপূজা কর্ত্তব্যা।

দন্তুরাং দক্ষিণব্যাপিমুক্তালম্বিকচোচ্চয়াম্।
শবরূপ-মহাদেব হৃদয়োপরি সংস্থিতাম্।
শিবাভির্ঘোররাবাভিশ্চতুর্দ্দিক্ষু সমন্বিতাম্।
মহাকালেন চ সমং বিপরীতরতাতুরাম্।।
সুখপ্রসন্নবদনাং স্মেরাননসরোরুহাম্।
এবং সঞ্চিন্তয়েৎ কালীং সর্বকামসমৃদ্ধিদাম্।।

এইরূপ ধ্যান করে নিজের মাথায় ফুলটি দিয়ে মানস পূজা করবে।

মানসপূজা—

নিজের কোলের উপর হাত দুটি চিত করে রেখে হৃৎপদ্মে মহাদেবীকে রত্নবেদীকার উপর সংস্থিতা এইরূপ ভাবনা করে হৃদয়পদ্মকে আসনরূপে কুণ্ডলিনী পাত্রস্থ বারিকে পাদ্য, মনকে অর্ঘ্য, সহস্রদলস্থিত সুধাকে আচমনীয় ও স্নানোদক, আকাশতত্ত্বকে বস্ত্র, কর্মতত্ত্বকে গন্ধ, চিত্তকে পুষ্প, প্রাণবায়ুকে ধূপ তেজস্তত্ত্বকে দীপ, অমৃতরূপ নৈবেদ্য, অনাহতরূপ ঘন্টা, বায়ুতত্ত্বকে চামর, সহস্রসারকে ছত্র, শব্দতত্ত্বকে গীত এবং ইন্দ্রিয়কর্মকে নৃত্য রূপে নিবেদন করবে। অনন্তর বিশেষার্ঘ্য স্থাপন করবে।

বিশেষার্ঘ্য প্রথমে দানার্ঘ্য—

নিজবামে চন্দনজলে "হূঁ" গর্ভ অধোমুখ ত্রিকোমণ্ডল তার বাহিরে বৃত্ত ও তার বাহিরে চতুষ্কোণ অঙ্কন করে সামান্যার্ঘ জলের ছিটা দিয়ে গন্ধপুষ্প দ্বারা—

"ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ ওঁ কূর্মায় নমঃ, ওঁ প্রকৃত্যৈ নমঃ, ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ,

ওঁ অনন্তাদ্যষ্টনাগেভ্যোঃ নম, ওঁ সর্বসংহায়ৈ পৃথিব্যৈ নমঃ" বলে মণ্ডল পূজা করে তদুপরি ত্রিপদিকা স্থাপন করতঃ—

"হ্রীং এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ" মন্ত্রে ত্রিপদিকা পূজা করে "ফট্" মন্ত্রে শঙ্খাদি পাত্র প্রক্ষালন পূর্ব্বক ত্রিপদিকার উপর স্থাপন করে—

"হ্রীং এতে গন্ধপুষ্পে ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ" মন্ত্রে অর্ঘ্যপাত্র পূজা করে মূলমন্ত্রে (ক্রীং) শঙ্খের তিনভাগ জলদ্বারা পূরণ করে পাত্রোপরি গন্ধ, পুষ্প, দূর্বাক্ষত ও বিল্বপত্রাদি স্থাপন করতঃ "হ্রীং এতে গন্ধপুষ্পে ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ" মন্ত্রে পূজা করবেন।

এরপর—

ক্রোং গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।।

মন্ত্রে অঙ্কুশ মুদ্রা প্রদর্শন করে সূর্য্যমণ্ডলস্থ তীর্থগণের আবাহন করবে। পরে এতে গন্ধপুষ্পে সূর্য্যমণ্ডলস্থতীর্থেভ্যো নমঃ বলে গন্ধপুষ্প দ্বারা পূজা করে "ফট্" মন্ত্রে গালিনীমুদ্রা প্রদর্শনপূর্ব্বক গন্ধপুষ্প দ্বারা "ওঁ ক্রাং হৃদয়ায় নমঃ, "ওঁ ক্রীং শিরসে স্বাহা,"

"ওঁ ক্রুং শিখায়ৈ বষট্," ওঁ ক্রৈং কবচায় হূং"

"ওঁ ক্রৌং নেত্রত্রয়ায় বৌষট্"

ওঁ ক্রঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" মন্ত্রে পূজা করে—

'শ্রীমন্মহাকালভৈরবসহিত শ্রীমদ্দক্ষিণাকালিকে দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ, ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি, ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ" মন্ত্রে আবাহন করতঃ ক্রীঁ এতেগন্ধপুষ্পে শ্রীমন্মহাকালভৈরব সহিত শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ মন্ত্রে গন্ধপুষ্পে পূজা করে মৎস্য মুদ্রায় আচ্ছাদন করে মূলমন্ত্র (ক্রীং) দশবার জপ করে "ফট্" মন্ত্রে উর্ধ্বাধঃ তালত্রয়ের দ্বারা দিগ্‌রক্ষণপূর্ব্বক ধেনু, যোনি ও পরমীকরণ মুদ্রা প্রদর্শন করে পাত্রস্থ কিঞ্চিৎ জল প্রোক্ষণীপাত্রে (কোশায়) ঢালবেন। তারপর মূলমন্ত্রে (ক্রীং) উক্ত জলদ্বারা নিজেকে এবং পূজোপকরণ সকল অভ্যুক্ষণ করবে। এই সময় আর একটি অর্ঘ্যপাত্র যার নাম বিলোমার্ঘ্যপাত্র তা অনুরূপভাবে স্থাপন করতে হয় এবং তার ক্ষেত্রে বিশেষ হলো যে বিলোম মাতৃকামন্ত্রে শঙ্খে জলপূরণ করতে হয়। অনন্তর পীঠপূজা করবে।

পীঠপূজা—

পীঠদেবতা ইহাগচ্ছত ইহাগচ্ছত ইহতিষ্ঠত ইহতিষ্ঠত ইহসন্নিধত্ত ইহসন্নিরুধ্যধ্বম্ অত্রাধিষ্ঠানং কুরুত মম পূজাং গৃহীত — বলে পীঠদেবতাদের আবাহন করে প্রতিমায় পূজা হলে স্থাপিত ঘটে এবং ঘটে পূজা হলে মণ্ডলে গন্ধপুষ্প দ্বারা পূজা করবেন। যথা—

এতেগন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ প্রকৃত্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ কূর্ম্মায় নমঃ।

এতেগন্ধপুষ্পে ওঁ অনন্তায় কমঠায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ শেষায় পৃথিব্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ সুধাম্বুধয়ে নমঃ।

মধ্যে—
এতেগন্ধপুষ্পে ওঁ মণিদ্বীপায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ চিন্তামণিগৃহায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ শ্মশানায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ পারিজাতায় নমঃ।

মূলে— এতেগন্ধপুষ্পে ওঁ রত্নবেদিকায়ৈ নমঃ।

উপরি— এতেগন্ধপুষ্পে ওঁ মণিপীঠায় নমঃ।

দিক্ষু—
এতেগন্ধপুষ্পে ওঁ দেবেভ্যঃ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ মুনিভ্যঃ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ শিবাভ্যঃ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ শবমুণ্ডেভ্যঃ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ধর্ম্মায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ জ্ঞানায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ বৈরাগ্যায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐশ্বর্য্যায় নমঃ।

অগ্ন্যাদিকোণচতুষ্টয়ে—
এতেগন্ধপুষ্পে ওঁ অধর্ম্মায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ অজ্ঞানায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ অবৈরাগ্যায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ।

মধ্যে—
এতেগন্ধপুষ্পে ওঁ অং অনন্তায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ পং পদ্মায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ অং অর্কমণ্ডলায় নমঃ।

এতেগন্ধপুষ্পে ওঁ দ্বাদশকলাত্মনে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ সং সত্ত্বায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ রং রজসে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ তং তমসে আং আত্মনে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ অং অন্তরাত্মনে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ পং পরমাত্মনে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ।

কেশরে—
এতেগন্ধপুষ্পে ওঁ ইচ্ছায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ জ্ঞানায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ক্রিয়ায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ কামিন্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ কামদায়িন্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ রত্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ রতিপ্রিয়ায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ নন্দায়ৈ নমঃ।

কর্ণিকাতে— এতেগন্ধপুষ্পে ওঁ মনোন্মন্যৈ নমঃ।

মধ্যে—
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং পরায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং অপরায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং পরাপরায়ৈ নমঃ।

উপরি—ওঁ হেসৌ সদাশিবমহাপ্রেতপদ্মাসনায় নমঃ।

এইরূপে পীঠপূজা করে পীঠের উত্তরে গুরুপংক্তি পূজা করবে, যথা, "ওঁ ঐং গুরুভ্যো নমঃ, ওঁ ঐং পরমগুরুভ্যো নমঃ, ওঁ ঐং পরাপরগুরুভ্যো নমঃ, ওঁ ঐং পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ।।" তারপর 'ক্রীঁ শ্রীমদ্দক্ষিণাকালিকামূর্ত্তিং কল্পয়ামি' বলে দক্ষিণকালিকার মূর্তি কল্পনা করে করাঙ্গন্যাস করে পুনর্ব্বার দেবীর ধ্যান করে আবাহন মন্ত্র পাঠ করবেন।

আবাহন—করযোড়ে আবাহন মন্ত্রপাঠ—

ওঁ এহ্যেহি ভগবত্যম্ব ভক্তানুগ্রহবিগ্রহে।
যোগিনীভিঃ সমং দেবি রক্ষার্থং মম সর্ব্বদা।।
ওঁ মহাপদ্মবনান্তঃস্থে কারণানন্দবিগ্রহে।
সর্ব্বভূতহিতে মাত রেহ্যেহি পরমেশ্বরি।।
ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবার সমন্বিতে।
যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব।।

মন্ত্রে প্রার্থনা করে—

ওঁ শ্রীম্মহাকালভৈরবসহিত ক্রীং শ্রীমদ্দক্ষিণাকালিকাদেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ (আবাহনী মুদ্রা), ইহতিষ্ঠ ইহতিষ্ঠ (স্থাপনী মুদ্রা), ইহ সন্নিধেহি (সন্নিধাপনী মুদ্রা), ইহ সন্নিরুধ্যস্ব (সন্নিরোধিনী মুদ্রা) অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ (সম্মুখীকরণ মুদ্রা) এবং "বং" মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা প্রদর্শন করে দেবীর হৃদয়ে— মূলমন্ত্র (ক্রীং) ১০৮ বার অথবা ২৮ বার জপ করে দেবীর অঙ্গন্যাস করবেন। যথা—

করাঙ্গুলিসমূহে—
ক্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ক্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা।
ক্রূং মধ্যমাভ্যাং বষট্, ক্রৈং অনামিকাভ্যাং হুঁ।
ক্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্ ক্রঃ। করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।
হৃদয়ে — ক্রাং হৃদয়ায় নমঃ।
মস্তকে — "ক্রীং শিরসে স্বাহা"।
শিখাতে — "ক্রূং শিখায়ৈ বষট্"।
উভয়পার্শ্বে — ক্রৈং কবচায় হূং"।
নেত্রত্রয়ে — "ক্রৌং নেত্রত্রয়ায় বৌষট্"
করতলযুগলে — "ক্রঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্"।

প্রধানপূজা—এরপর কূর্মমুদ্রায় ফুল বেলপাতা নিয়ে দেবীর ধ্যান করে ফুল বেলপাতা দেবীর মস্তকে বা ঘটে স্থাপন করে দেবীর ষোড়শোপচারে পূজা করা হবে।

উপচার দান বিধি — (তান্ত্রিক পূজায় উপচার দানের বিধি বৈদিক বিধির থেকে কিন্তু ভিন্ন। গুপ্তসাধন তন্ত্রে উল্লেখ আছে — মূলমন্ত্রং সমুচ্চার্য ততো দ্রব্যং সমুচ্চরেৎ। দেবতায়ৈ ততঃ পশ্চাৎ ত্যগাত্মকমনুস্মরেৎ। অর্থাৎ

প্রথমে মূলমন্ত্র তারপর আসন/পাদ্য ইত্যাদি দ্রব্য তারপর দেবতা (কালিকায়ৈ) তারপর নমঃ স্বাহা প্রভৃতি।)

আসন—কোন একটি পাত্রে সম্মুখে রেখে উপুড় বামহাতে স্পর্শ করে 'বং' মন্ত্রে ১ বার সামানার্ঘ্য জল প্রোক্ষণ করে এতেগন্ধপুষ্পে এতস্মৈ রজতাসনায় নমঃ বলে ১টি ফুল দিয়ে এতেগন্ধপুষ্পে এতদধিপতয়ে বিষ্ণবে নমঃ, বলে আর একটি ফুল দিয়ে এতেগন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ বলে আবার ১টি ফুল দিয়ে অর্চনা করে কৃতাঞ্জলিপুটে বলবেন—

ওঁ সর্বভূতান্তরস্থায়ৈ সর্বান্তরাত্মনিলয়ে।
কল্পয়াম্যুপবেশার্থম্ আসনং তে নমো নমো।।
আসনং গৃহ্ন চার্বঙ্গি চণ্ডিকে পরমেশ্বরি।
ভজস্ব জগতাং মাতঃ স্থানং দেহি ত্রিলোচনে।।

আসনটি উত্তান ডান হাতে নিয়ে ক্রীং ইদং রজতাসনং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ বলে নিবেদন করবেন।

(এইভাবেই পাদ্য, অর্ঘ্য, আচমনীয় প্রভৃতি প্রোক্ষণ ও অর্চনা পূর্বক স্তুতি পাঠ।)

স্বাগত— প্রোক্ষণাদি নাই। কৃতাঞ্জলি হয়ে প্রথমে বলবেন— ক্রীং শ্রীমদ্দক্ষিণাকালিকে দেবি স্বাগতং সুস্বাগতং তে। পরে দেবীর শুভাগমন চিন্তা করে প্রার্থনা করবে—

দেবাঃ স্বাভীষ্ট সিদ্ধ্যর্থং যস্যা বাঞ্ছন্তি দর্শনম্।
সুস্বাগত স্বাগতং তে তস্যৈ তে পরমেশ্বরি।।
অদ্য মে সফলং জন্ম অদ্য মে সফলাঃ ক্রিয়াঃ।
স্বাগতং যৎ ত্বয়া যস্মে তপসাং ফলমাগতম্।।

পাদ্য—

অর্চনান্তে প্রার্থনা—

যৎপাদজলসংস্পর্শং শুদ্ধিমাপজগৎত্রয়ম্।
ত্বৎপাদাব্জপ্রোক্ষণার্থং পাদ্যং তে কল্পয়াম্যহম্।।

ক্রীং এতৎ পাদ্যোদকং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ বলে নিবেদন।

অর্ঘ্য—
অর্চনান্তে প্রার্থনা—
ওঁ পরমানন্দ সন্দোহো জায়তে যৎ প্রসাদতঃ।
তস্মৈ সর্বাত্মভূতায়ৈ আনন্দার্ঘ্যং সমর্পয়ে।।
'ক্রীং ইদমর্ঘ্যং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ স্বাহা' মন্ত্রে নিবেদন কর

আচমনীয়—
অর্চনান্তে প্রার্থনা—
ওঁ যদুচ্ছিষ্টমপিস্পৃষ্টংশুদ্ধিমেত্যখিলং জগৎ।
তস্মৈ মুখারবিন্দায় আচামং কল্পয়ামি তে।।
নিবেদন—ক্রীং ইদমাচমনীং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ স্বধা।

মধুপর্ক—
অর্চনান্তে প্রার্থনা—
ওঁ তাপত্রয়বিনাশার্থমখণ্ডানন্দহেতবে।
মধুপর্কং দদাম্যদ্য প্রসীদ পরমেশ্বরি।।
ক্রীং এষ মধুপর্কঃ শ্রীমদ্‌দক্ষিণাকালিকায়ৈ স্বধা মন্ত্রে নিবেদ

পুনরাচমনীয়—
অর্চনান্তে প্রার্থনা—
ওঁ অশুচিশুচিতামেতি যৎস্পৃষ্টস্পর্শমাত্রতঃ।
অস্মিংস্তেবদনাম্ভোজে পুনরাচমনীয়কম্।।
ক্রীং ইদং পুনরাচমনীয়ং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ স্বধা ম
নিবেদন।

স্নানীয়—
অর্চনান্তে প্রার্থনা—
ওঁ যত্তেজসা জগদ্ব্যাপ্তং যতো জাতমিদং জগৎ।
জগদাধার ভূতাতে স্নানার্থং তোয়মর্পয়ে।।
ক্রীং ইদং স্নানীয়ং শ্রীমদ্‌দক্ষিণাকালিকায়ৈ নমঃ মন্ত্রে নিবেদন।
পুনরাচমনীয়— প্রার্থনাপূর্ব্ববৎ।
ক্রীং ইদং পুনরাচমনীয়ং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ স্বধা।

বস্ত্র—
অর্চনান্তে প্রার্থনা—
ওঁ সর্বাবরণহীনায় মায়াপ্রচ্ছন্নতেজসে।
বসনং পরিধানায় কল্পয়ামি নমোঽস্তুতে।।
"ক্রীং ইদং বস্ত্রং শ্রীমদ্‌দক্ষিণাকালিকায়ৈ নমঃ মন্ত্রে নিবেদন।
পুনরাচমনীয়—প্রার্থনা পূর্ব্ববৎ।
ক্রীং ইদং পুনরাচমনীয়ং শ্রীমদ্‌দক্ষিণাকালিকায়ৈ স্বধা।
আভরণ—
অর্চনান্তে প্রার্থনা—
ওঁ বিশ্বাভরণভূতায়ৈ বিশ্বশোভৈকযোনয়ে।
মায়াবিগ্রহ ভূষার্থং ভূষণানি সমর্পয়ে।।
ক্রীং ইদম্ আভরণম্ শ্রীমদ্‌দক্ষিণাকালিকায়ৈ নিবেদয়ামি।
সিন্দূর—
অর্চনান্তে প্রার্থনা—
ওঁ শিরোভূষণং সিন্দূরং ভর্ত্তুরায়ুর্বিবর্দ্ধনম।
সর্ব্বরত্নাধিকং দিব্যং সিন্দূরং প্রতিগৃহ্যতাম্।।
ক্রীং ইদং সিন্দূরং শ্রীমদ্‌দক্ষিণাকালিকায়ৈ নমঃ মন্ত্রে নিবেদন।
যজ্ঞোপবীত—অর্চনান্তে
প্রার্থনা— ওঁ নবভিস্তন্তুভির্যুক্তং ত্রিগুণং দেবতাময়ম্।
উপবীতং ময়া দত্তং গৃহাণ পরমেশ্বরি।।
ক্রীং ইদং যজ্ঞোপবীতং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।

গন্ধ—
অর্চনান্তে প্রার্থনা—
ওঁ গন্ধ তন্মাত্রয়া সৃষ্টা যেন গন্ধধরাধরা।

তর্পণের বিশেষ বিধি হলো যে, অনভিষিক্ত ব্যক্তিরা বামহস্তযুক্ত দক্ষিণ হস্তের তত্ত্বমুদ্রায় জলদ্বারা তর্পণ করবে আর অভিষিক্তগণ দক্ষিণহস্তের তত্ত্বমুদ্রায় অক্ষত এবং বামহস্তের তত্ত্বমুদ্রায় অমৃতময়জল নিয়ে তর্পণ করবেন। (আবরণদেবতার পূজাকালে 'শ্রীপাদুকা'পদটি প্রয়োগ করার নির্দেশ আছে -- তন্ত্রাসরে, জ্ঞানার্ণবে ও শ্যামারহস্য প্রভৃতি তন্ত্রশাস্ত্র গুলিতে। শ্যামারহস্য বচন – শ্রীপদংপূর্বমুদ্ধৃত্য পাদুকাপদমুদ্ধরেৎ। পূজয়ামি নমঃ পশ্চাৎ পুজয়েদঙ্গ দেবতাঃ।।)

পরমাত্মাস্বরূপায়ৈ পরমং গন্ধমর্পয়ে।

ক্রীং এষ গন্ধঃ শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ।

পুষ্প—
অর্চনান্তে প্রার্থনা—

ওঁ পুষ্পং মনোহরং রম্যংসুগন্ধি দেবনির্ম্মিতম্।
ময়া নিবেদিতং ভক্ত্যা পুষ্পমেতৎ প্রগৃহ্যতাম্।

ক্রীং এতৎ সচন্দন পুষ্পং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ বৌষট্।

বিল্বপত্র—
অর্চনান্তে প্রার্থনা—

তুরীয়বনসম্ভূতং নানাগুণমনোহরম্।
আনন্দসৌরভং বিল্বপত্রমেতৎ প্রগৃহ্যতাম্।।

ক্রীং সচন্দন বিল্বপত্রং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ বৌষট।

মাল্য—
অর্চনান্তে প্রার্থনা—

ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানাপুষ্পসমন্বিতম্।
শ্রীযুক্তং লম্বমানঞ্চ গৃহাণ পরমেশ্বরি।।

ক্রীং এতৎ পুষ্পমাল্যং শ্রীমদ্ দক্ষিণা কালিকায়ৈ নমঃ।

ধূপ—
অর্চনান্তে প্রার্থনা—

ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ।
আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোহয়ং প্রতিগৃহ্যতাম্।।

এষ ধূপঃ শ্রীমদ্ দক্ষিণা কালিকায়ৈ নমঃ মন্ত্রে নিবেদন।

দীপ—অর্চনান্তে প্রার্থনা—

ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্ব্বতস্তিমিরাপহঃ।
সবাহ্যাভ্যন্তরঃ জ্যোতির্দীপোহয়ং প্রতিগৃহ্যতাম্।।

ক্রীং এষ দীপঃ শ্রীমদ্দক্ষিণ কালিকায়ৈ নমঃ।

ধূপ ও দীপ নিবেদন করার সময় 'ওঁ জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা' মন্ত্রে পুষ্পাক্ষত দ্বারা ঘন্টাটি পূজা করে বাম হাতে নিয়ে বাজাতে বাজাতে ডানহাতে ধূপ ও দীপ নিয়ে ক্রীং ওঁ কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈধীমহি তন্নোঘোরে প্রচোদয়াৎ মন্ত্র বলতে বলতে তিনবার দেবতার মুখমণ্ডল পর্যন্ত তুলে দেবতার বামে ধূপ ও দক্ষিণে দীপ স্থাপন করতে হয়।

নেত্রাঞ্জন—অর্চনান্তে প্রার্থনা—

ওঁ অঞ্জনং পরমং দিব্যং নেত্রাণাংভূষণং মহৎ।
গৃহাণ বরদে দেবি প্রসীদ বরবর্ণিনি।

ক্রীং ইদং নেত্রাঞ্জনং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নিবেদয়ামি।

নৈবেদ্য—অর্চনান্তে প্রার্থনা—

ওঁ নৈবেদ্যং স্বাদসংযুক্ত-নানাভক্ষ্যসমন্বিতম্।
নিবেদয়ামি ভক্ত্যেদং জুযস্ব পরমেশ্বরি।।

মৎস্যমুদ্রায় আচ্ছাদন করে ক্রীং মন্ত্র দশ বার জপ করে — ক্রীং ইদং সোপকরণ নৈবেদ্যং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নিবেদয়ামি। নিবেদনান্তে পঞ্চগ্রাস মুদ্রা প্রদর্শন করবে।

পানীয়—অর্চনান্তে প্রার্থনা—

ওঁ পানার্থং সলিলং দেবি কর্পূরাদি সুবাসিতম্।
সর্বতৃপ্তিকরং স্বচ্ছমর্পয়ামি নমোহস্তুতে।।

ক্রীং ইদং পানার্থোদকম্ শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ।

পুনরাচমনীয়—অর্চনান্তে প্রার্থনা—

ওঁ অশুচিশুচিতামেতি যৎস্পৃষ্ট স্পর্শমাত্রতঃ।
অস্মিংস্তে বদনাম্ভোজে পুনরাচমনীয়কম্।।

ক্রীং ইদং পুনরাচমনীয়ং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ স্বধা।

তাম্বুল— অর্চনান্তে প্রার্থনা—

ওঁ পূগকর্পূরখদিরলবঙ্গৈর্লাদিসংযুতম্।
তাম্বুলং মুখরাগায় কল্পয়ামি নমোহস্তুতে।।

ক্রীং ইদং তাম্বুলং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নমঃ।

পরে সবস্ত্রতৈজসাধারভোজ্যাদি নিবেদন করবে—"বং এতস্মৈ সবস্ত্রতৈজসা-ধারভোজ্যায় নমঃ" মন্ত্রে জলপ্রোক্ষণাদি ক্রীং এতৎ সবস্ত্রতৈজসাধারভোজ্যং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ নিবেদয়ামি।

তারপর ক্রীং ওঁ কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈধীমহি তন্নোঘো প্রচোদয়াৎ এষ সচন্দন পুষ্পবিল্বপত্রাঞ্জলি শ্রীমদ্দক্ষিণাকালিকা নমঃ।

মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দান করবে। পরে—

ওঁ মহামায়ে জগন্মাতঃ কালিকে ঘোরদক্ষিণে।
গৃহাণ বন্দনং দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে।

মন্ত্রে দেবীকে বন্দনা ও প্রণাম করবেন।

প্রণাম— ওঁ শ্রীমৎ সুরারাধ্য চরণাম্বুরুহদ্বয়াম্।
চরাচর জগদ্ধাত্রীং কালিকাং প্রণমাম্যহম্।।

অনন্তর "ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণাকালিকা দেব্যম্বাশ্রীপাদুকাং তর্পয়া স্বাহা" মন্ত্রে তিনবার তত্ত্বমুদ্রায় তর্পণ করতে হবে। তারপ আবরণদেতাগণের পূজা করবেন।

আবরণ পূজা—

প্রথমে করযোড়ে মন্ত্রপাঠ পূর্বক অনুজ্ঞা গ্রহণ করবেন। যথা—

ওঁ সচ্চিন্ময়ি পরে দেবি পরামৃতচরুপ্রিয়ে।
অনুজ্ঞাং কালিকে দেহি পরিবারার্চ্চনায় তে।।
ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকে দেবি
আজ্ঞাপয় ভবত্যাঃ পরিবারান্ পূজয়ামি।।

ওঁ ক্রীং শ্রীমদ্ দক্ষিণাকালিকে দেবি আবরণন্তে পূজয়ামি।।

এই মন্ত্রে অনুজ্ঞা গ্রহণ করে, গন্ধপুষ্প নিয়ে ধ্যান করবেন। যথা—

ওঁ তুষার স্ফটিকশ্যামা নীলকৃষ্ণারুণার্চ্চিষঃ।
বরদাভয়ধারিণ্যঃ প্রধান তনবস্ত্রিয়ঃ।।

ধ্যানান্তে—এতে গন্ধপুষ্পে ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণাকালিকাষড়ঙ্গযু শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে ওঁ ক্রাং হৃদয়ায় নমঃ হৃদয়াঙ্গ শক্তি শ্রীপাদুকা পূজায়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে ওঁ ক্রীং শিরসে স্বাহা, শিরোঽঙ্গশক্তি শ্রীপাদুকা পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে ওঁ ক্রুং শিখায়ৈ বষট্, শিখাঙ্গশক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে ওঁ ক্রৈং কবচায় হুং, কবচাঙ্গশক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে ওঁ ক্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, নেত্রত্রয়াঙ্গশক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতেগন্ধপুষ্পে ওঁ ক্রঃ করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্, অস্ত্রাঙ্গশক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।।

এইক্রমে গন্ধপুষ্প দ্বারা ষড়ঙ্গপূজার পর আবরণদেবতা মধ্যে পঞ্চদশ যোগিনীর পূজা করতে হবে।

আবরণ (পঞ্চদশযোগিনী) পূজা—

যথা—অগ্ন্যাদিকোণস্থিত কেশরসমূহে আবরণ পূজা করবেন। অর্থাৎ বামাবর্ত্তক্রমে কাল্যাদি পঞ্চদশ শক্তির পূজা হবে।

ধ্যান— ওঁ সর্বাঃ শ্যামা অসিকরা মুণ্ডমালাবিভূষিতাঃ।
তর্জনীং বামহস্তেন ধারয়ন্ত্যঃ শুচিস্মিতাঃ।
দিগম্বরা হসন্মুখ্যঃ স্ব স্ববাহনভূষিতাঃ।।

ধ্যানান্তে কাল্যাদি পঞ্চদশ শক্তির গন্ধপুষ্প দ্বারা পূজা করা হবে, যথা—

পূজা—	তর্পণ—
এতেগন্ধপুষ্পে ওঁ কাল্যৈ নমঃ।	ওঁ কালীং তর্পয়ামি স্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ কপালিন্যৈ নমঃ।	ওঁ কপলিনীং তর্পয়ামি স্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ কুল্বায়ৈ নমঃ।	ওঁ কুল্বাং তর্পয়ামি স্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ কুরুকুল্বায়ৈ নমঃ।	ওঁ কুরুকুল্বাং তর্পয়ামি স্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ বিরোধিন্যৈ নমঃ।	ওঁ বিরোধিনীং তর্পয়ামি স্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ বিপ্রচিত্তায়ৈ নমঃ।	ওঁ বিপ্রচিত্তাং তর্পয়ামিস্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ উগ্রায়ৈ নমঃ।	ওঁ উগ্রাং তর্পয়ামি স্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ উগ্রপ্রভায়ৈ নমঃ।	ওঁ উগ্রপ্রভাং তর্পয়ামি স্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ দীপ্তায়ৈ নমঃ।	ওঁ দীপ্তাং তর্পয়ামি স্বাহা।

এতেগন্ধপুষ্পে ওঁ নীলায়ৈ নমঃ।	ওঁ নীলাং তর্পয়ামি স্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ ঘনায়ৈ নমঃ।	ওঁ ঘনাং তর্পয়ামি স্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ বলাকায়ৈ নমঃ।	ওঁ বলাকাং তর্পয়ামি স্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ মাত্রায়ৈ নমঃ।	ওঁ মাত্রাং তর্পয়ামি স্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ মুদ্রায়ৈ নমঃ।	ওঁ মুদ্রাং তর্পয়ামি স্বাহা।
এতেগন্ধপুষ্পে ওঁ মিতায়ৈ নমঃ।	ওঁ মিতাং তর্পয়ামি স্বাহা।

এই মন্ত্রে পূজা করে—

গুরুপংক্তি পূজা—

এতেগন্ধপুষ্পে ওঁ ঐং দিব্যৌঘ শ্রীগুরুগণ শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ
ওঁ ঐং দিব্যৌঘ শ্রীগুরুগণ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।

মন্ত্রে পূজা করে তত্ত্বমুদ্রায় তর্পণ করবেন—

এতেগন্ধপুষ্পে ওঁ ঐং সিদ্ধৌঘ শ্রীগুরুগণ শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ
ওঁ ঐং সিদ্ধৌঘ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং মানবৌঘ শ্রীগুরুগণ শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ
ওঁ ঐং মানবৌঘ শ্রীগুরুগণ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং পরমগুরু শ্রীগুরুগণ শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ
ওঁ ঐং পরমগুরু শ্রীগুরুগণ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং পরাপরগুরু শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
ওঁ ঐং পরাপরগুরু শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং পরমেষ্ঠীগুরু শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
ওঁ ঐং পরমেষ্ঠীগুরু শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।

তারপর পুনরায় অঙ্গন্যাস করে দেবীর ধ্যান করে পঞ্চোপচারে পুনরায় দেবীর পূজা করে তারপর পুষ্পাঞ্জলি দেবেন। যথা—ক্রীং এ সচন্দন পুষ্পাঞ্জলি সায়ুধবাহন-পরিবার-শ্রীমন্মহাকাল ভৈরবসহিত শ্রীমদ্দক্ষিণাকালিকা শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দিয়ে—ওঁ ক্রীং সাঙ্গায়া সায়ুধায়াঃ সবাহনায়াঃ সপরিবারায়াঃ মহাকালভৈরব সহিত শ্রীমদদ্‌ক্ষিণাকালিকায়া শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা। মন্ত্রে তিনবার তর্পণ করে, এই ভাবে সমুদায় উপচার দ্বারা পূজার পর সমাহিতচিত্তে বলি[১] প্রদান করবেন।

এরপর ব্রাহ্ম্যাদি অষ্টশক্তি ও ভৈরবগণের আবাহন এবং ধ্যানপূর্বক যথাশক্তি উপচারে পূজা করবেন।

ব্রাহ্ম্যাদ্যষ্ট শক্তির পূজা—

১। ব্রাহ্মী—কূর্ম্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে ধ্যান করবেন।

১। ব্রাহ্মী-ধ্যান—

ওঁ ব্রাহ্মীং হংসসমারূঢ়াং স্বর্ণবর্ণাং চতুর্ভুজাম্।
চতুর্বক্ত্রাং ত্রিনেত্রাঞ্চ ব্রহ্মকুর্চ্চঞ্চ পঙ্কজম্।।
দণ্ডপদ্মাক্ষসূত্রঞ্চ দধতীং চারুহাসিনীম্।
জটাজুটধরাং দেবীং ভাবয়েৎ সাধকোত্তমঃ।।

ধ্যানের পর ব্রাহ্মি ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহ সন্নিধেহি, ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্টানং কুরু মম পূজাং গৃহাণ বলে আবাহনান্তে পূজা—

এতেগন্ধপুষ্পে ওঁ আং ব্রাহ্ম্যৈ নমঃ।
ওঁ আং ব্রাহ্মী দেব্যম্বা শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ—ওঁ আং ব্রাহ্মীদেবম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা।

২। নারায়ণী-ধ্যান—

ওঁ নারায়ণীং মহাদীপ্তাং শ্যামাং গরুড়বাহিনীম্।
নানালঙ্কারসংযুক্তাং চারুকেশীং চতুর্ভুজাম।।
ঘন্টাং শঙ্খং কপালঞ্চ চক্রং সন্দধতীং পরাম্।
মধুমত্তাং মদোল্লোল-দৃষ্টিং সর্বাঙ্গসুন্দরীম্।।

ধ্যান করে ওঁ দেবি নারায়ণি ইহগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা—

এতে গন্ধপুষ্পে ওঁ ঈং নারায়ণ্যৈ নমঃ।
ওঁ ঈং নারায়ণী দেব্যম্বা শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ— ওঁ ঈং নারায়ণীদেব্যম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা।

৩। মাহেশ্বরী ধ্যান—

ওঁ মাহেশ্বরীং বৃষারূঢ়াং শুক্লাং ত্রিনয়নান্বিতাম্।
কপালং ডমরুঞ্চৈব বরদাভয়শূলকম্।
টঙ্কঞ্চ দধতীং দেবীং নানালঙ্কারভূষিতাম্।।

ধ্যানের পর ওঁ দেবি মাহেশ্বরি ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনের পর পূজা—

ওঁ উং মাহেশ্বর্যৈ নমঃ।
ওঁ উং মাহেশ্বরী দেব্যম্বা শ্রীপাদুকাং পুজয়ামি নমঃ।
তর্পণ—ওঁ উং মাহেশ্বরী দেব্যম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা।

৪। চামুণ্ডা-ধ্যান—

ওঁ চামুণ্ডামট্টহাসাং বিকটিতদশনাং ভীমবক্ত্রাং ত্রিনেত্রাং।
নীলাম্ভোজপ্রভাভাং প্রমুদিতবপুষীং নর-মুণ্ডালিমালাম্।
খড়্গং শূলং কপালং নরশিরঘটিতং খেটকং ধারয়ন্তীং।
প্রেতারূঢ়াং প্রমত্তাং মধুমদমুদিতাং ভাবয়েচ্চণ্ডরূপাম্।।

ধ্যান করে দেবি চামুণ্ডে ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা—
এতে গন্ধপুষ্পে ওঁ ঋং চামুণ্ডায়ৈ নমঃ।
ওঁ ঋঁ চামুণ্ডা দেব্যম্বা শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ—ওঁ ঋঁ চামুণ্ডাদেব্যম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা।

৫। কৌমারী-ধ্যান—

ওঁ কৌমারীং কুঙ্কুমাভাসাং ত্রিনেত্রাং শিখিসংস্থিতাং।
চতুর্ভুজাং শক্তিপাশাঙ্কুশাভয়বিধারিণীম্।।
নানালঙ্কারসংযুক্তাং প্রমত্তাং পরিচিন্তয়েৎ।।

ধ্যানের পর দেবি কৌমারি ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা—
এতে গন্ধেপুষ্পে ওঁ ঔং কৌমার্যৈ নমঃ।
ওঁ ঔং কুমারী দেব্যম্বা শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ—ওঁ ঔং কুমারীদেব্যম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা।

৬। অপরাজিতা-ধ্যান—

ওঁ অপরাজিতাঞ্চ পীতাভামক্ষসূত্রবরপ্রদাম।
কপালং মাতুলুঙ্গঞ্চ দধতীং পরিচিন্তয়েৎ।।

ধ্যানের পর দেবি অপরাজিতে ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা—

এতে গন্ধপুষ্পে ওঁ ঐং অপরাজিতায়ৈ নমঃ।
ওঁ ঐং অপরাজিতাদেব্যম্বা শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ—ওঁ ঐং অপরাজিতাদেব্যম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা।

৭। বারাহী-ধ্যান—

ওঁ বারাহীং ধূম্রবর্ণাঞ্চ বরাহবাহনাং শুভাম্।
ফলকং খড়্গামূষলং হলং বেদভুজৈর্যুতাম্।।

ধ্যানের পর দেবি বারাহি ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা—

এতেগন্ধপুষ্পে ওঁ ঔং বারাহ্যৈ নমঃ।
ওঁ ঔং বারাহী দেব্যম্বা শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ—ওঁ ঔং বারাহীদেব্যম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা।

৮। নারসিংহী-ধ্যান—

ওঁ নারসিংহীং নৃসিংহস্য বিভ্রতীং সদৃশং বপুঃ।
চতুর্ভুজাং বিশালাক্ষীং মহারৌদ্রীং বরপ্রদাম্।।

ধ্যানের পর দেবি নারসিংহি ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা—

এতেগন্ধপুষ্পে ওঁ অঃ নারসিংহ্যৈ নমঃ।
ওঁ অঃ নারসিংহী দেব্যম্বা শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ— ওঁ অঃ নারসিংহীদেব্যম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা।

তারপর অষ্টদলপদ্মের পূর্বাদি দলাগ্রে ভৈরবগণের পূজা করবেন।

অষ্টভৈরব পূজা—

১। অসিতাঙ্গ ভৈরবের ধ্যান—

ওঁ ধ্যায়েন্নীলাদ্রিসঙ্কাশং ত্রিনেত্রং চন্দ্রশেখরম্।
জটাজুটধরং বাহুচতুষ্টয়সুশোভিতম্।।
কপালং পঙ্কজধরং বরাভয়প্রদায়িনম্।
ব্রাহ্মীশক্তিসমাশ্লিষ্টং শরচ্চন্দ্রনিভাননম্।।

ধ্যানের পর অসিতাঙ্গ ভৈরব ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনা
পূজা—এতেগন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং অং অসিতাঙ্গায়ভৈরবায় নমঃ।
ওঁ ঐং হ্রীং অং অসিতাঙ্গভৈরব শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ—ওঁ ঐং হ্রীং অং অসিতাঙ্গভৈরবশ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ

২। রুরুভৈরবের ধ্যানঃ—

ওঁ জলদাভং বিশালাক্ষং শঙ্খচক্রলসৎকরম্।
ত্রিশূলং পান পাত্রঞ্চ ভালচ্চন্দ্রনিভাননম্।।
নানালঙ্কার সংযুক্তং কৃত্তিবাসং সুরালয়ম্।
মদিরাঘূর্ণনয়নং রুরু ভৈরবমাশ্রয়ে।।

ধ্যানের পর রুরু ভৈরব ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা–
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং ইং রুরবেভৈরবায় নমঃ।
ওঁ ঐং হ্রীং ইং রুরুভৈরব শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ—ওঁ ঐং হ্রীং ইং রুরুভৈরব শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।

বর্তমানে প্রচলিত পদ্ধতিগুলিতে অষ্টভৈরবের পূজা পর বটুকগণের পূজা, ডাকিনীযোগিনী গণের পূজা ও ক্ষেত্রপাল গণের পূজা দেওয়া হচ্ছে – দুর্গাপূজা পদ্ধতির অনুকরনে। কিন্তু এরূপ নির্দেশ কোন তন্ত্রশাস্ত্রে পাওয়া যায় না। প্রাচীন পদ্ধতিগুলিতেও এই পূজাগুলি নাই। তাই তন্ত্রবিবরুদ্ধ বিধি হিসাবে এগুলিকে বর্জন করা বিধেয়। তন্ত্রোক্ত বিধি অনুসারে করা বিধেয় এবং সেই ভাবেই এই পদ্ধতিটি লিপিবদ্ধ হয়েছে। তন্ত্রোক্ত বিধান হ'লো – ব্রাহ্ম্যদ্যাঃ পূজায়েৎ পত্রে পত্রাগ্রে ভৈরবান্ যজেৎ। লোকপালাংস্ত বাহ্যে তদস্ত্রানি চ তদ্বহিঃ।। সুতরাং ভৈরবগণের পূজার পর লোকপাল গণের পূজা করণীয়। তথাপি প্রচলন হিসাবে নামমাত্র উল্লেখ থাকছে।

৩। চণ্ডভৈরবের ধ্যান—

ওঁ বালসূর্য্যপ্রতীকাশং জটামণ্ডিত মস্তকম্।
চতুর্ভুজং ত্রিনয়নং ভালচন্দ্রবিভূষণম্।।
ত্রিশূলং খট্টাঙ্গধরং বরদানাভয়প্রদম্।
রজঃ সত্ত্বগুণাক্রান্তং চণ্ডভৈরবমাশ্রয়ে।।

ধ্যানের পর ওঁ চণ্ডভৈরব ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা—
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং ঊং চণ্ডায়ভৈরবায় নমঃ।
ওঁ ঐং হ্রীং ঊং চণ্ডভৈরব শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ— ওঁ ঐং হ্রীং উং চণ্ডভৈরবশ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।

৪। ক্রোধভৈরবের ধ্যান—

ওঁ সহস্রতড়িদাভাসং নয়নত্রয়রাজিতম্।
খড়্গখেটক পট্টিশ নাগপাশ করাম্বুজম্।।
ঘোরদংষ্ট্রং করালাস্যং হেমকুণ্ডলধারিণম্।
চামুণ্ডা শক্তিসহিতং ভজেঽহং ক্রোধভৈরবম্।।

ধ্যানের পর ক্রোধভৈরব ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা—
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং ঋং ক্রোধায়ভৈরবায় নমঃ।
ওঁ ঐং হ্রীং ঋং ক্রোধভৈরব শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ—ওঁ ঐঁ হ্রীং ঋং ক্রোধভৈরবশ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।

৫। উন্মত্তভৈরবের ধ্যান—

ওঁ মহামকরতাভাসং চন্দ্রার্ধকৃতশেখরম্।
চতুর্হস্তং ত্রিনয়নং ঘন্টাডমরুবাদিনং।।
মদিরাপান উম্মত্তং স্মেরাস্যং মুণ্ডমালিনম্।
কৌমারীশক্তিসহিতং ভজেচ্চোম্মত্ত ভৈরবম্।।

ধ্যানের পর উন্মত্তভৈরব ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা—
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং ঌং উন্মত্তায়ভৈরবায় নমঃ
ওঁ ঐং হ্রীং ঌং উন্মত্তভৈরব শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ—ওঁ ঐং হ্রীং ঌং উন্মত্তভৈরবশ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।

৬। কপালিভৈরবের ধ্যান—

ওঁ সুভগনয়নমাস্যং চন্দ্রমৌলিং সুবেশম।
দনুজ রুধিরপাত্রং বিভ্রতং শূলটঙ্কম্।।
সরসিরুহদধানং নীলমাস্যং সুকান্তিম্।
শশিমণিগণহারং চিন্তয়েঽহং কপালিনম্।।

ধ্যানের পর ওঁ কপালিভৈরব ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা—

এতেগন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং এং কপালিভৈরবায় নমঃ।
ওঁ ঐং হ্রীং এং কপালিভৈরব শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ— ওঁ ঐং হ্রীং এং কপালিভৈরব শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।

৭। ভীষণভৈরবের ধ্যান—

ওঁ ধ্যায়েদ্ ভীষণভৈরবং ত্রিনেত্রং রক্তাঙ্গরাগস্রজম্।
বন্ধুকারুণ বাসসং করদধৎ পাশাঙ্কুশং তোমরম্।।
খড়গং চাক্ষস্রজং সুধাপ্লুততনুং হারাদিভূষোজ্জ্বলং।
কাঞ্চীদামবিরাজিত কটিতটং বারাহ্নিকাসংযুতম্।।

ধ্যানের পর ওঁ ভীষণভৈরব ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা—

এতেগন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং ওং ভীষণ ভৈরবায় নমঃ।
ওঁ ঐং হ্রীং ওং ভীষণভৈরব শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ— ওঁ ঐং হ্রীং ওং ভীষণভৈরব শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।

৮। সংহারভৈরবের ধ্যান—

ওঁ সংহারভৈরবং ধ্যায়েৎ প্রলয়ানলসন্নিভম্।
জটভারলসচ্চন্দ্রং খড়্গামুগ্রভয়ঙ্করম্।।
মুণ্ডমালা-বলাকীর্ণং শ্রুতিকুণ্ডলমণ্ডিতম্।
সংহারাস্ত্রং চক্রমসিং বিভ্রতং বরদায়িনম্।।
চতুর্ভুজং মদোন্মত্তম্ অট্টহাসং দিগম্বরম্।।
নারসিংহীশক্তিযুতং ক্রোধাবেশকলেবরম্।
কালান্তকারিণং রৌদ্রং সৃষ্টিস্থিতিলয়াত্মকম্।
সর্বদেবস্তুতং সূর্য্যচন্দ্রবহ্নিত্রিনেত্রকম্।।

ধ্যানের পর ওঁ সংহারভৈরব ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে পূজা— এতেগন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং অং সংহারভৈরবায় নমঃ।

ওঁ ঐং হ্রীং অং সংহারভৈরব শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।
তর্পণ—ওঁ ঐং হ্রী অং সংহারভৈরবশ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।

দিক্‌পালগণের পূজা—

প্রথমে ওঁ ইন্দ্রাদির। আবাহন—

ওঁ ইন্দ্রাদিদশদিকপালা ইহাগচ্ছত ইহাগচ্ছত ইহতিষ্ঠত ইহতিষ্ঠত ইহ সন্নিধত্ত ইহ সন্নিরুধ্যধ্বম্ অত্রাধিষ্ঠানং কুরুত মম পূজাং গৃহ্নীত। এরূপ আবাহন করে প্রথম

(পূর্বে)—এতেগন্ধপুষ্পে ওঁ লাং ইন্দ্রায় সুরাধিপতয়ে পীতবর্ণায় ঐরাবত বাহনায় বজ্রহস্তায় সপরিবারায় নমঃ।

পূজান্তে ওঁ লাং ইন্দ্রং সুরাধিপতিং পীতবর্ণং ঐরাবতবাহনং বজ্রহস্তং সপরিবারং তর্পয়ামি নমঃ। মন্ত্রে তর্পণ হবে।

(অগ্নিকোণে)—এতেগন্ধপুষ্পে ওঁ রাং অগ্নয়ে তোজোঽধিপতয়ে রক্তবর্ণায় ছাগবাহনায় শক্তিহস্তায় সপরিবারায় নমঃ।

ওঁ রাং অগ্নিং তেজোঽধিপতিং রক্তবর্ণং ছাগবাহনং শক্তিহস্তং সপরিবারায় তর্পয়ামি নমঃ।

(দক্ষিণে)—এতেগন্ধপুষ্পে ওঁ যাং যমায় প্রেতাধিপতয়ে কৃষ্ণবর্ণায় মহিষবাহনায় দণ্ডহস্তায় সপরিবারায় নমঃ।

ওঁ যাং যমং প্রেতাধিপতিং কৃষ্ণবর্ণং মহিষবাহনং দণ্ডহস্তং সপরিবারং তর্পয়ামি নমঃ।

(নৈর্ঋতে)—এতেগন্ধপুষ্পে ওঁ ক্ষাং নৈঋতায় রক্ষোঽধিপতয়ে ধূম্রবর্ণায় অশ্ববাহনায় খড়গহস্তায় সপরিবারায় নমঃ।

ওঁ ক্ষাং নৈঋতং রক্ষোঽধিপতিং ধূম্রবাহনং অশ্ববাহনং খড়্গাহস্তং সপরিবারং তর্পয়ামি নমঃ।

(পশ্চিমে)—এতেগন্ধপুষ্পে ওঁ বং বরুণায় জলাধিপতয়ে শুক্লবর্ণায় মকরবাহনায় পাশহস্তায় সপরিবারায় নমঃ।

ওঁ বং বরুণং জলাধিপতিং শুক্লবর্ণং মকরবাহনং পাশহস্তং সপরিবারং তর্পয়ামি নমঃ।

(বায়ুকোণে)—এতেগন্ধপুষ্পে ওঁ বাং বায়বে প্রাণাধিপতয়ে ধূম্রবর্ণায় মৃগবাহনায় অঙ্কুশহস্তায় সপরিবারায় নমঃ।

ওঁ বাং বায়ুং প্রাণাধিপতিং ধূম্রবর্ণং মৃগবাহনম্ অঙ্কুশহস্তং সপিরবারং তর্পয়ামি নমঃ।

(উত্তরে)—এতেগন্ধপুষ্পে ওঁ কাং কুবেরায় যক্ষাধিপতয়ে শুক্লবর্ণায় নরবাহনায় গদাহস্তায় সপরিবারায় নমঃ।

ওঁ কাং কুবেরং যক্ষাধিপতিং শুক্লবর্ণং নরবাহনং গদাহস্তং সপরিবারং তর্পয়ামি নমঃ।

(ঈশানে)—এতেগন্ধপুষ্পে ওঁ হাং ঈশানায় ভূতাধিপতয়ে শুক্লবর্ণায় বৃষবাহনায় শূল হস্তায় সপরিবারায় নমঃ।

ওঁ হাং ঈশানং ভূতাধিপতিং শুক্লবর্ণং বৃষবাহনং শূলহস্তং সপরিবারং তর্পয়ামি নমঃ।

(উর্ধ্বে)—এতেগন্ধপুষ্পে ওঁ আং ব্রহ্মণে প্রজাধিপতয়ে রক্তবর্ণায় হংসবাহনায় পদ্মহস্তায় সপরিবারায় নমঃ।

ওঁ আং ব্রহ্মানং প্রজাধিপতিং রক্তবর্ণং হংসবাহনং পদ্মহস্তং সপরিবারং তর্পয়ামি নমঃ।

(অধঃ)—এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং অনন্তায় নাগাধিপতয়ে গৌরবর্ণায় গরুড়বাহনায় চক্রহস্তায় সপরিবারায় নমঃ।

ওঁ হ্রীং অনন্তং নাগাধিপতিং গৌরবর্ণং গরুড়বাহনং চক্রহস্তং সপরিবারং তর্পয়ামি নমঃ।

এইক্রমে যথাশক্তি উপচারে বা পঞ্চোপচারে পূজা করে, অস্ত্রপূজা করবেন।

---

১) মহানির্বাণ তন্ত্রে দশ প্রকার বলির উল্লেখ আছে — মৃগশ্ছগশ্চ মেষশ্চ লুলাপঃ শূকরস্তথা, শল্লকী শশকো গোধা কূর্মঃ খড়গী দশস্মৃতাঃ।। অর্থ - মৃগ, ছাগ, মেষ, মহিষ, শূকর, সজারু, শশক, গোসাপ, কচ্ছপ ও গণ্ডার - এই দশ পশু বলিদানের যোগ্য।

* ছেত্তা পূর্ব্বমুখে বসবেন এবং বলি উত্তরাগ্রে থাকবে। অথবা বলি পূর্ব্বাগ্রে থাকলে ছেত্তা উত্তরমুখে বসবেন।

অস্ত্রপূজা—

এতেগন্ধপুষ্পে ওঁ বজ্রায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ শক্তয়ে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ দণ্ডায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ খড়্গায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ পাশায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ অঙ্কুশায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ গদায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ শূলায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ পদ্মায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ চক্রায় নমঃ।

বটুকাদিপূজা—

এতেগন্ধপুষ্পে ওঁ ব্রহ্মাণী পুত্র বটুকায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ মাহেশ্বরী পুত্র বটুকায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ বৈষ্ণবীপুত্র বটুকায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ কৌমারীপুত্র বটুকায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ইন্দ্রানীপুত্র বটুকায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ মহালক্ষ্মীপুত্র বটুকায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ বারাহীপুত্র বটুকায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ চামুণ্ডাপুত্র বটুকায় নমঃ।

তারপর—

এতেগন্ধপুষ্পে ওঁ ডাকিনীভ্যো নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ যোগিনীভ্যো নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ক্ষেত্রপালায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ গাং গণেশায় নমঃ।।

এইরূপে পঞ্চোপচারে বা গন্ধপুষ্প দ্বারা পূজা করে মহাকাল ভৈরবের পূজা করবেন।

মহাকালভৈরবের পূজা—

(দেবীর দক্ষিণে) ধ্যান—

ওঁ মহাকালং যজেদ্দেব্যা দক্ষিণে ধূম্রবর্ণকম্।
বিভ্রতং দণ্ডখট্টাঙ্গৌ দংষ্ট্রাভীমমুখ শিশুম্।।
ব্যাঘ্রচর্ম্মাবৃতকটিং তুন্দিলং রক্তবাসসম্।
ত্রিনেত্রমূর্ধ্বকেশঞ্চ মুণ্ডমালা বিভূষিতম্।
জটাভারলসচ্চন্দ্রখণ্ডমুগ্রং জলন্নিভম্।

এইরূপে ধ্যানপূর্বক মানসোপচারে পূজা করে পুনরায় ধ্যান করতঃ 'ওঁ মহাকাল ভৈরব ইহাগচ্ছ' ইত্যাদি মন্ত্রে আবাহন পূর্বক ষোড়শোপচার পূজা করা হবে। পূজার মন্ত্র যথা— ওঁ হুঁ ক্ষৌং যাং রাং লাং বাং আ ক্রোং মহাকালভৈরব সর্ব্ববিঘ্নান্ নাশয় নাশয় হ্রীং শ্রীং ফট্ স্বাহা। তারপর প্রত্যেক উপাচার অর্চনান্তে "ওঁ মহাকালভৈরবায় নমঃ" এই মন্ত্র পূজা করে, পূজার শেষে তিনবার তর্পণ করবেন। যথা — ওঁ হুং ক্ষৌ যাং রাং লাং বাং আং ক্রোং মহাকালভৈরবং তর্পয়ামি নমঃ। অতঃপ ধ্যানান্তে দেবীপদতলে শবরূপ মহাদেবের পূজা করবেন।

শবরূপমহাদেবের ধ্যান—

ওঁ শুদ্ধস্ফটিকসঙ্কাশং মহাকালং ত্রিলোচনম।
দিগম্বরঞ্চ দ্বিভুজং কালীপাদব্যবস্থিতম্।।
উর্ধ্বলিঙ্গং মহাদেবং চন্দ্রচূড়ং সদাশিবম্।
ধ্যায়েচ্চ পরমানন্দং দেব্যা বাহনমুত্তমম্।।

ধ্যান করতঃ—"ওঁ হেসৌঃ সদাশিবমহাপ্রেতপদ্মাসনায় নমঃ" মন্ত্র পাদ্যাদিক্রমে পূজা করে—"ওঁ হেসৌঃ সদাশিবমহাপ্রেতপদ্মাসনং তর্পয়ামি নমঃ।" মন্ত্রে তিনবার তর্পণ করবেন।

দেবীর অস্ত্রাদির পূজা—

(বামোর্দ্ধহস্তে)—"ওঁ খড়গায় নমঃ।"
(বামাধোহস্তে)—"ওঁ মুণ্ডায় নমঃ।"
(দক্ষোর্ধ্বহস্তে)—"ওঁ অভয়ায় নমঃ।'
(দক্ষোধঃহস্তে)—"ওঁ বরায় নমঃ। ওঁ কপালায় নমঃ।"

(কণ্ঠে)—"ওঁ মুণ্ডমালায়ৈ নমঃ।"

অতঃপর—

এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং হ্রীং সূর্যায় সবাহনপরিবারায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং ক্লীং সোমায় সবাহনপরিবারায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হূং শ্রীং মঙ্গলায় সবাহনপরিবারায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং স্ত্রীং শ্রী বুধায় সবাহনপরিবারায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং ক্লীং হূং বৃহস্পতয়ে সবাহনপরিবারায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং শুক্রয়ায় সবাহনপরিবারায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং শ্রীং শনৈশ্চরায় সবাহনপরিবারায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং রাহবে সবাহনপরিবারায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং ঐং কতবে সবাহনপরিবারায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং হ্রীং সূর্যাং তর্পয়ামি নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং ক্লীং সোমং তর্পয়ামি নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হূং শ্রীং মঙ্গলং তর্পয়ামি নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং স্ত্রীং শ্রী বুধং তর্পয়ামি নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং ক্লীং হূং বৃহস্পতিং তর্পয়ামি নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং শুক্রং তর্পয়ামি নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং শ্রীং শনৈশ্চরং তর্পয়ামি নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং রাহুং তর্পয়ামি নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং ঐং কেতু তর্পয়ামি নমঃ।

নবগ্রহ পূজা—

তন্ত্রোক্ত বিধানে নবগ্রহের পূজার কোনরূপ উল্লেখ নাই, তবে সকল পূজাতেই নবগ্রহের পূজা হয় — এই চিরন্তন বিধি অনুসারে এখানে নবগ্রহের অন্ততঃ পঞ্চোপচারে পূজা বিধেয়—

এষ গন্ধঃ ওঁ সূর্যায় নমঃ। এষ গন্ধঃ ওঁ সোমায় নমঃ।
এষ গন্ধঃ ওঁ মঙ্গলায় নমঃ। এষ গন্ধঃ ওঁ বুধায় নমঃ।
এষ গন্ধঃ ওঁ বৃহস্পতয়ে নমঃ। এষ গন্ধঃ ওঁ শুক্রায় নমঃ।
এষ গন্ধঃ ওঁ শনৈশ্চরায় নমঃ। এষ গন্ধঃ ওঁ রাহবে নমঃ।
এষ গন্ধঃ ওঁ কেতবে নমঃ।

বলিপ্রকরণ—

সুলক্ষণ ছাগপশুকে স্নান করিয়ে সিন্দুরাদির দ্বারা ভূষিত করে নি করে পূর্বদিকে স্থাপন করতঃ "ক্রীং" মন্ত্র পাঠ করতঃ পশুকে অবলোকন করবে।

পরে— ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতা।
যে ভূতা বিঘ্নকর্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া।।

মন্ত্রে শ্বেতসর্ষপ নিক্ষেপ করতঃ ভূতাপসারণ করে পশুকে অভ্যু প্রোক্ষণ করে ফট্ মন্ত্রে রক্ষা করে "হুঁ" মন্ত্রে অবগুণ্ঠনমুদ্রা ও ধেনুমু দেখিয়ে অমৃতমুদ্রা দ্বারা সাতবার পশুকে প্রোক্ষণ পূর্বক "এষগন্ধঃ ওঁ ছাগপশবে নমঃ" ইত্যাদি ক্রমে পঞ্চোপচারে পূজা করে পশুর কানে

ওঁ পশুপাশায় বিদ্মহে বিশ্বকর্মণে ধীমহি তন্নো জীবঃ প্রচোদয়াৎ।

এই পশুপাশবিমোচনী গায়ত্রী মন্ত্র পাঠ করবে। তারপর পশুর গা বামহাত রেখে 'বং' বলে জলপ্রোক্ষণ।

এতে গন্ধপুষ্পে এতস্মৈ ছাগপশবে নমঃ।
এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে বরুণায় নমঃ।
এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ক্রীং শ্রীমদ্ দক্ষিণাকালিকায়ৈ নমঃ।

এইক্রমে অর্চনা করে তিলহরিতকীযুক্ত কোশী পাত্রে হাত রেখে সঙ্কল্পবাক্য পাঠ করবে, যথা — **বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য অমুকমাসি অমু রাশিস্থে ভাস্করে অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্র শ্রীঅমুকদেবশর্মা অমুকগোত্রস্য অমুকদেবশর্মণঃ মনোগতাভিষ্টসিদ্ধিকাম ইমং ছাগপশুং বহ্নিদৈবতং ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে"। (পরে ঘাতয়িষ্যামি)।**

অনন্তর খড়্গের পূজা করবে, যথা — খড়্গে সিন্দুরাদি প্রদান করতঃ, খড়্গ মধ্যে "ক্রীং" মন্ত্র সিন্দুর দ্বারা লিখে **হ্রীং কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায় নমঃ** মন্ত্রে খড়্গাদি পূজা করে খড়্গের ধ্যান করবে—

**ওঁ কৃষ্ণং পিনাকপাণিঞ্চ কালরাত্রিস্বরূপিণম্।
উগ্রং রক্তাস্যনয়নং রক্তমাল্যানুলেপনম্।
কৃষ্ণাম্বরধরঞ্চৈব পাশহস্তং কুটুম্বিনম্।
পীয়মানঞ্চ রুধিরং ভুঞ্জানং ক্রব্যসংহতিম্।।**

মন্ত্রে ধ্যান করে খড়্গাগ্রে "ওঁ হং বাগীশ্বরীব্রহ্মভ্যাং নমঃ" খড়্গমধ্যে "ওঁ হং লক্ষ্মীনারায়ণাভ্যাং নমঃ" এবং খড়্গমূলে "ওঁ হং উমামহেশ্বরাভ্যাং নমঃ" খড়্গের সর্বত্র "ওঁ ব্রহ্মা বিষ্ণু শিবশক্তিযুক্তায় খড়্গায় নমঃ" মন্ত্রে গন্ধপুষ্পাদি দ্বারা পূজা করে—

ওঁ খড়্গায় খরশানায় শক্তিকার্যার্থতৎপর।
পশুশ্ছেদ্যাস্ত্বয়াশীঘ্রং খড়্গনাথ নমোহস্তুতে।।

মন্ত্রে প্রণাম করে—

ওঁ অসিবিশসন খড়্গতীক্ষ্ণধারো দুরাসদঃ।
শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্মপাল নমোহস্তুতে।।

মন্ত্রে খড়্গোপরি পুষ্পাঞ্জলি প্রদান করবে। অনন্তর কৃতাঞ্জলি হয়ে দেবীকে বলি সমর্পণ করবে, যথা—

ওঁ বলিং গৃহ্ণ মহাদেবি পশুং সর্বসুশোভিতম্।
যথোক্তেন বিধানেন, তুভ্যমত্র সমর্পিতম্।
ওঁ কালি কালি মহাকালি কালিকে কালিকাত্মিকে।
ছাগলেন বলিং দদ্মি প্রগৃহাণ দিগম্বরি।।

পরে "ওঁ আং হং ফট্ " মন্ত্রে পশুকে খড়্গ স্পর্শ করাবে। অনন্তর স্তম্ভের পূজা—

প্রথমে ইদং আনীয় অনাং ব্রহ্মাবিষ্ণু রুদ্ররূপায় স্তম্ভায় নমঃ। বলে ভাল করে স্নান করিয়ে সিঁদুর মাখিয়ে মালা পরিয়ে—

"এতে গন্ধপুষ্পে ওঁ স্তম্ভায় নমঃ।" মন্ত্রে স্তম্ভের পূজা করবেন।

করযোড়ে বলবে—

স্তম্ভং স্তম্ভরূপোহসি ব্রহ্মণা নির্মিতং পুরা
অতস্ত্বাং পূজয়াম্যদ্য পশুবন্ধন হেতবে।।
স্তম্ভমূলে বসেদ্ ব্রহ্মা স্তম্ভমধ্যে চ মাধবঃ।।
স্তম্ভাগ্রে চ স্বয়ং রুদ্রস্তম্ভরূপ নমোহস্তু তে।
শেষে এতে গন্ধপুষ্পে ব্রহ্মাবিষ্ণুরুদ্রাত্মকায় নমঃ।

বলে ফুল দিয়ে প্রণাম করবে।

পরে নিজ বলিকর্মে অশক্ত হলে সংকল্পপূর্বক অন্য দ্বারা এক আঘাতে বলি ছেদন করবে। ছেদনের পর — মধু, ঘৃত, শঙ্খ, পুষ্প, তৈল

ও কদলী সংযুক্ত পাত্রে সমাংস রুধির স্থাপন করবে এবং ছিন্ন ছাগশির দেবীর বামদিকে উত্তরাস্যে স্থাপনপূর্ব্বক ছাগমস্তকে দীপ জ্বেলে দিয়ে কৃতাঞ্জলি হয়ে বলবেন—

ওঁ আহারে রুধিরাকাঙ্খি বলিং গৃহ্ন জয়ং কুরু।
মম শত্রুবিনাশায় পূজাং গৃহ্ন সুরেশ্বরি।।

তারপর রুধির বলিকে—**এষ সমাংসরুধিরবলিঃ** ক্রীং **শ্রীমদ্দক্ষিণকলিকায়ৈ নমঃ।** মন্ত্রে নিবেদন করবে।

অনন্তর অবশিষ্ট রুধির চারভাগ করে—

১ম ভাগ — **"এষ সমাংস রুধির বলি ওঁ হূং বাং বটুকায়** নমঃ" মন্ত্রে বটুককে নিবেদন করবেন।

২য় ভাগ — **"এষ সমাংস রুধিরবলিঃ ওঁ হূং যাং যোগিনীভ্যো নমঃ"** মন্ত্রে যোগিনীকে,

৩য় ভাগ — **"এষ সমাংস রুধিরবলিঃ ওঁ হূং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ"** মন্ত্রে ক্ষেত্রপালকে এবং

৪র্থ ভাগ — **"এষ সমাংস রুধিরবলিঃ ওঁ হূং গাং গণপতয়ে** নমঃ" মন্ত্রে গণপতিকে প্রদান করবে।

এরপর **বং এতে গন্ধপুষ্পে সপ্রদীপ ছাগশীর্ষবলয়ে নমঃ।** ক্রমে অর্চ্চনা করে—

ক্রীং এষ সপ্রদীপ ছাগশীর্ষবলিঃ শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ। বলে নিবেদন করবে।

অনন্তর **কুষ্মাণ্ডাদিবলি** প্রদান করবে।।

কুষ্মাণ্ডাদিবলি — কুষ্মাণ্ডাদিতে সিন্দূর চর্চ্চিত করে **বং** বলে জল প্রোক্ষণ। এতেগন্ধপুষ্পে এতস্মৈ **কুষ্মাণ্ডবলয়ে নমঃ"** মন্ত্রে শোধন করে "এতে গন্ধপুষ্পে ওঁ কুষ্মাণ্ডবলয়ে নমঃ" মন্ত্রে অর্চ্চনা করে "এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বনস্পতয়ে নমঃ। এতেগন্ধপুষ্পে সম্প্রদানায় ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ" মন্ত্রে উৎসর্গ করে সঙ্কল্পবাক্য পাঠ করবে, যথা—"বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকমাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য অমুকদেবশর্মণঃ শ্রীমন্মহাকালভৈরব সহিত শ্রীমদ্দক্ষিণাকালিকাপ্রীতিকাম ইমং

কুষ্মাণ্ডবলিং বনস্পতিদৈবতং শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে (পরার্থে ঘাতয়িষ্যামি)।। এইক্রমে কদলী, ইক্ষু ইত্যাদি বলি উৎসর্গ করে ছেদন করা হয়।। কুষ্মাণ্ডাদি বলিগুলি ছাগবলির পূর্বে দেওয়া হয়। তারপর নীরাজন করে প্রাণায়াম, ঋষ্যাদিন্যাস ও ষড়ঙ্গন্যাস করে যথাশক্তিসংখ্যক মূলমন্ত্র জপকরে ডান হাতে একগণ্ডুষ জল নিয়ে—

ওঁ গুহ্যাতি গুহ্য গোপ্‌ত্রী ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেবি ত্বৎ প্রসাদান্মহেশ্বরি।।

মন্ত্রটি বলে বামহাতে ঘন্টা বাজতে বাজাতে দেবির বামহস্তের উদ্দেশে জপ সমর্পণ করবেন। জপ সমর্পণের পর দেবীকে প্রণাম করবেন—

ওঁ শ্রীমৎসুরাসুরারাধ্য চরণাম্বুরুহদ্বয়াম্।
চরাচরজগদ্ধাত্রীংকালিকাং প্রণমাম্যহম্।।
ওঁ সর্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্বার্থ সাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে।।

তারপর স্তব কবচাদি পাঠ করে হোম করতে হয়।

মহিষবলি থাকলে মহিষবলির পর এগুলি করা হবে। বহুস্থানে কালীপূজায় মহিষবলির ব্যবস্থা আছে। তাই এখানে মহিষবলিদানের বিধানটিও দেওয়া হল। অন্যান্য সমস্ত বলিরপর মহিষবলি দেওয়া হবে।

বলির পর কোনও কোনও স্থানে ১০৮ প্রদীপদানের নিয়ম আছে। সেক্ষেত্রে ১০৮ প্রদীপ জ্বেলে করযোড়ে—

ওঁ সংসারধ্বান্তনাশায় পবিত্রজ্যোতিরাপ্তয়ে।
দত্তেয়ং গৃহ্যতাম দেবি কৃপয়া দীপমালিকা।।

বলে উৎসর্গ করতে হবে। "বং" বলে জলপ্রোক্ষণ। এতেগন্ধপুষ্পে **এতস্যৈ দীপমালিকায়ৈ নমঃ। এতেগন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় মহাকালভৈরব সহিত শ্রীমদ্ দক্ষিণাকালিকায়ৈ নমঃ।**

অর্চনা করে উৎসর্গবাক্য—বিষ্ণুরোঁ তৎসদদ্য...শ্রীমদ্দক্ষিণাকালিকা-প্রীতিকাম **এতান্ অষ্টোত্তরশতশংখ্যক দীপান্ অর্চিতান্** বহ্নিদৈবতান্ **শ্রীমদ্দক্ষিণা কালিকায়ৈ তুভ্যমহং** সম্প্রদদে (পরার্থে দদানি) বলে জলপ্রোক্ষণ করে।

মহিষবলি বিধি— পূজক উত্তরাভিমুখে উপবেশন করতঃ (যাহাতে মহিষ বন্ধন করা হবে) ধরে পাঠ করবেন—

ওঁ স্তম্ভ ত্বং শিবরূপোঽসি ব্রহ্মণা নির্মিতঃপুরা।
দেব্যা দৃষ্টি প্রদানেন সদা ত্বমচলোভব।
ওঁ স্তম্ভমূলেবসেদ্ ব্রহ্মা স্তম্ভাগ্রে চ মহেশ্বরঃ।
স্তম্ভ মধ্যে স্বয়ং বিষ্ণুতস্মাত্ত্বমচলোভব।
ওঁ যথাচলো গিরির্মেরুর্হিমবাংশ্চ যথাচলঃ।
যথাচান্যে মহীধ্রাশ্চ তথা ত্বমচলোভব।
ওঁ স্তম্ভ ত্বং বিষ্ণুরূপোঽসি পার্বত্যানন্দবর্দ্ধনঃ।
ভক্তিতঃ পূজায়ামিত্বাং পশুবন্ধনহেতবে।।

ওঁ স্তম্ভায় নমঃ মন্ত্রে পাদ্যাদি দ্বারা পূজা করবেন।

পরে পাশ (গলরজ্জু) ধারণ করে পাঠ করবেন—

ওঁ পাশ তং বরুণাজ্জাতঃ সদা বরুণদৈবতঃ।
অতস্ত্বাং পূজয়ামীহ শান্তিং কুরু নমোঽস্তুতে।

পরে ওঁ পাশায় নমঃ মন্ত্রে গন্ধপুষ্প দ্বারা পাশের পূজা করে নিম্নে লিখিত মন্ত্রে মহিষকে স্তম্ভে বাঁধা হবে। যথা—

ওঁ মেধ্যাকার স্তম্ভ মধ্যে পশুং বন্ধয় বন্ধয়,
ব্রহ্মাণ্ডখণ্ডরূপিণং পশুং বন্ধয় বন্ধয়,
সর্বাবয়ব সহিতং পশুং বন্ধয় বন্ধয় হুং ফট্ স্বাহা।

পরে কৃতাঞ্জলি হয়ে পাঠ করবেন—

মহিষ ত্বং মহাবীরঃ সর্বাভীষ্ট প্রদায়কঃ।
কুমতিং সর্বপাপঞ্চ, মমশত্রূংশ্চ নাশয়।।

পরে পশুকে স্নান করাবার পূর্বে জোড়হাতে বলবেন—

ওঁ বরাহী যমুনা গঙ্গা করোতয়া সরস্বতী।
কাবেরী চন্দ্রভাগা চ সিন্ধুভৈরবসাগরাঃ।
মহিষস্য পশোঃ স্নানে সান্নিধ্যমিহ কল্পয়।।

এই মন্ত্রে তীর্থ আবাহান করা হবে—

সহস্রধারা দ্বারা স্নান করানোর মন্ত্র—

ওঁ ক্রীং নিখিল পাপক্ষয়ায় ব্রহ্মবীজস্বরূপায় দিব্য তেজসে নমঃ।

এই মন্ত্রে স্নান করিয়ে পরের মন্ত্রে কুশোদক প্রোক্ষণ করবেন—

ওঁ অগ্নিঃ পশুরাসীৎ, তেনাযজন্ত, স এতং লোকমজয়ৎ, যস্মিন্নগ্নি,
স তে লোকো ভবিষ্যতি, তং জেষ্যসি পিবৈতা অপঃ।
ওঁ বায়ু পশুরাসীৎ। তেনাযজন্ত, স এতং লোকমজয়দ,
যস্মিন বায়ুঃ স তে লোকো ভবিষ্যতি, তং জেষ্যসি পিবৈতা অপঃ।
ওঁ সূর্য্যঃ পশুরাসীৎ। তেনাযজন্ত স এতৎ লোকমজয়দ্।
যস্মিন্ সূর্য্যঃ স তে লোকো ভবিষ্যতি, তং জেষ্যসি পিবৈতা অপঃ।
ওঁ বাচন্তে শুন্ধামি, প্রাণন্তে শুন্ধামি, চক্ষুস্তে শুন্ধামি,
শ্রোত্রন্তে শুন্ধামি। নাভিন্তে শুন্ধামি, মেঢ্রন্তে শুন্ধামি,
পায়ুস্তে শুন্ধামি, চরিত্রাংস্তে শুন্ধামি।
ওঁ মনস্ত আপ্যায়তাং, বাক্ ত আপ্যায়তাং,
প্রাণন্ত আপ্যায়তাং, চক্ষুস্ত আপ্যায়তাং, শ্রোত্রন্ত আপ্যায়তাং,
যত্তে ক্রুরং যদা স্থিতং তত্ত আপ্যায়তাং,
তত্তে নিষ্ট্যায়তাং তত্তে শুধ্যতু শমহোভ্যঃ।

পরে হস্ত দ্বারা পশুর অঙ্গশোধন করবেন—

ওঁ পশুপাশবিনাশায় হেমকুটস্থিরায় চ।
পরাপরায় পরমেষ্ঠিনে, হুঁকারায় ত্রিমূর্ত্তয়ে।

পরে পীতবর্ণ বস্ত্রদ্বারা পশুকে বেষ্টন করে বাঁধবেন ও শৃঙ্গে হরিদ্রাক্ত সূত্রদ্বারা আল্‌তা বেঁধে সিন্দুর লেপন করবেন।

গলায় রক্তপুষ্পের মালা পরিয়ে পাঠ করবেন—

ওঁ পশুপাশ-বিনাশায় হেমকূটস্থিতায় চ।
পরাপরায় পরমেষ্ঠিনে।
হুঙ্কারায় ত্রিমূর্ত্তয়ে নমঃ।
ওঁ শিরঃ পুনাতু গোবিন্দ কণ্ঠং বিষ্ণুঃ পুনাতু তে।
পৃষ্ঠং পুনাতু বৈকুণ্ঠো জঠরঞ্চ হুতাশনঃ।
গুহ্যং পুচ্ছঞ্চ পবনো জঙ্ঘপাদৌ মহেশ্বরঃ।
এবং সমস্ত গাত্রেষু পুনাতু ত্বাং জনার্দ্দনঃ।

পরে কৃতাঞ্জলি হয়ে পাঠ করবেন—

ওঁ জলদ-সদৃশবর্ণং চারুবিস্তীর্ণকর্ণং,
ধরণীধরসমাঙ্গং দীর্ঘতীক্ষ্ণাগ্রশৃঙ্গং।
বলিমিমমুপনীতং চণ্ডি মেধ্যং গৃহীত্বা,

ভগবতি মম নিত্যং রাজলক্ষ্মীং বিধেহি।
ওঁ কুরু মম রিপুনাশং কাম্যঋদ্ধিঞ্চ সিদ্ধিং।
হর হর মম দুঃখং সর্বপাপং কুবুদ্ধিং।
ভবতারণবরেণ্য পূজিতাধিষ্ঠিতা ত্বং,
ভগবতি ফলদা ত্বং সর্বযজ্ঞব্রতানাং।

পরে মহিষের অঙ্গন্যাস করবেন। যথা—

নাসাদ্বয়ে—অং নমঃ আং নমঃ। চক্ষুর্দ্বয়ে—ইং নমঃ ঈং নমঃ।
কর্ণদ্বয়ে—উং নমঃ ঊং নমঃ। পৃষ্ঠে—ঋং নমঃ ৠং নমঃ।
দন্তপঙ্‌ক্তিতে—ঌং নমঃ ৡং নমঃ।
গণ্ডদ্বয়ে—এং নমঃ ঐং নমঃ।
ললাটে—অং নমঃ। জিহ্বায়—অঃ নমঃ।
দক্ষিণ পদে—কং খংগং ঘং ঙং নমঃ।
বামপদে—চং ছ্ং জং ঝং ঞং নমঃ।
জঙ্ঘাদ্বয়ে—টং ঠং ডং ঢং ণং নমঃ।
পার্শ্বদ্বয়ে—তং থং দং ধং নং নমঃ।
পৃষ্ঠে—পং ফং বং ভং মং নমঃ।
হৃদয়ে—যং রং লং বং নমঃ। জঠরে—শং ষং সং নমঃ।
গলে—হং লং নমঃ, মস্তকে—ক্ষং নমঃ।

এইরূপে ন্যাস করে ওঁ মহিষপশবে নমঃ মন্ত্রে পাদ্য, অর্ঘ্য প্রভৃতি দ্বারা মহিষের পূজা করে, 'বং' মন্ত্রে মহিষের গায়ে জল প্রোক্ষণ করে এতেগন্ধপুষ্পে এতস্মৈ মহিষবলয়ে নমঃ।

অর্চনা— এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ যমায় নমঃ।
এতৎ সম্প্রদানায় ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।

পরে কৃতাঞ্জলি হয়ে পাঠ করবেন—

ওঁ মহিষ ত্বং মহাবীরো মম ভাগ্যাদুপস্থিতঃ।
প্রণমামি ততঃ শর্ব-রূপিণং পশুরূপিণম্।
ওঁ চণ্ডিকাপ্রীতিদানেন দাতুরাপদ্‌বিনাশিনে।
চণ্ডিকা-বলিরূপায় বলে তুভ্যং নমোনমঃ।
ওঁ যজ্ঞার্থে পশবঃ সৃষ্টাঃ, স্বয়মেব স্বয়ম্ভু বা।
অতস্ত্বাং ঘাতয়াম্যদ্য তস্মাৎ যজ্ঞে বধোঽবধঃ।

ওঁ যথাবাহং ভবান্ দ্বেষ্টি যথা বহসি চণ্ডিকাং।
তথা মম রিপূন্ হিংস শুভং বহ লুলাপক।
ওঁ যমস্য বাহন স্ত্বং হি বররূপধরোঽব্যয়ঃ।
আয়ুর্ব্বিত্তং যশো দেহি কাসরায় নমোঽস্তুতে।

পশুকে শিবরূপী চিন্তা করত ওঁ ঐং হ্রীং শ্রীং এই মন্ত্রে মহিষের মস্তকে পুষ্প দিবেন। পরে মহাবাক্য বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেতাদি অমুককাম ইমং মহিষপশুং যমদৈবতং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে (অন্যের হইলে ঘাতয়িষ্যামি।) এই বলে পশুর মস্তকে জল দিবেন।

পরে কৃতাঞ্জলি পাঠ—ওঁ প্রাণিনামুপকারার্থং, পশুঃ সৃষ্টঃ স্বয়ম্ভু বা। প্রেষিতঃ কালিকা প্রীত্যৈ মামাত্মানঞ্চ তারয়।

খড়্গকে প্রোক্ষণ করে সিন্দূর নিয়ে—

ওঁ দৈবে পৈত্র্যে চ সুভগঃ খড়্গাস্ত্বং খড়্গাসন্নিভঃ।
ছিন্ধি বিঘ্নান্ মহাভাগ গুহাজাত নামোঽস্তুতে।

এই মন্ত্রে খড়্গে মণ্ডল করে ধ্যান করবেন—

ওঁ কৃষ্ণং পিণাকপাণিঞ্চ কালরাত্রিস্বরূপিনং।
উগ্রং রক্তাস্যনয়নং রক্তমাল্যানুলেপনং।
কৃষ্ণাম্বরধরঞ্চৈব পাশহস্তকুটুম্বিনম্।
পীয়মানঞ্চ রুধিরং ভুঞ্জন্তং ক্রব্যসংহিতম্।

ধ্যান করে ওঁ রসনা ত্বং চণ্ডিকায়াঃ সুরলোকপ্রসাধকঃ। এই মন্ত্রে খড়্গকে অভিমন্ত্রিত করে ওঁ খড়্গায় নমঃ। এই মন্ত্রে খড়্গের যথোপচারে পূজা করবেন। পরে ওঁ কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায়ৈ নমঃ, পুষ্পাঞ্জলি দিয়ে প্রনাম করবেন।

প্রণাম— ওঁ অসির্বিশসনঃ খড়্গাস্তীক্ষ্ণধারো দুরাসদঃ।
শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপালো নমোঽস্তুতে।
ইত্যষ্টৌ তব নামানি স্বয়মুক্তানি বেধসা।
নক্ষত্রং কৃত্তিকা তুভ্যং গুরুর্দেবো মহেশ্বরঃ।।
হিরণ্যঞ্চ শরীরং তে ধাতা দেবো জনার্দনঃ।
পিতা পিতামহো দেবস্ত্বং মাং পালয় সর্বদা।

ওঁ নীলজীমূতসঙ্কাশ-স্তীক্ষ্ণদংষ্ট্রঃ কৃশোদরঃ।
ভাবশুদ্ধো মর্ষণশ্চ অতিতেজাস্তথৈব চ।।
ইয়ং যেন ধৃতা ক্ষৌণী হতশ্চ মহিযাসুরঃ।
তীক্ষ্ণধারায় শুদ্ধায় তস্মৈ খড়্গায় তে নমঃ।।

এই মন্ত্রে পুষ্পাঞ্জলি দিয়ে খড়্গ ধারণ করে —

ওঁ কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায়ৈ নমঃ উচ্চারণ পূর্ব্বক ওঁ হ্রীং হ্রীং কালি কালি বিকটদংষ্ট্রে, স্ফেং স্ফেং ফেৎকারিণি, খাদয়, সর্ব্বান্ দুষ্টান্ মারয় মারয়,
লুলাপকং খড়্গেন ছিন্ধি ছিন্ধি চিল. কিল, চিকি-চিকি,
পিবপিব রুধিরং স্ফেং স্ফেং কিরি কিরি কালিকায়ৈ নমঃ।

এই মন্ত্রে খড়্গকে অভিমন্ত্রিত করে পশুর গ্রীবাদেশে স্পর্শ করাবেন।

পরে বন্ধনমোচন মন্ত্র পাঠ যথা—

ওঁ যজ্ঞার্থং বন্ধনস্থোঽসি, মুক্তয়ে মোচিতো ময়া,
দেব্যাঃ প্রীতিং সমুৎপাদ্য স্বর্গং গচ্ছ পশূত্তম।
ওঁ শিরঃ পুচ্ছাদিমেঢ্রেষু পাদয়োর্জঙ্ঘয়োস্তথা।
উদরে পৃষ্ঠদেশে ত্বাং, মুঞ্চন্তু পশুদেবতাঃ।
ওঁ খড়্গাঘাতোদ্‌ভবং দুঃখং যত্তে মনসি বর্ততে।
তৎ ক্ষমস্ব মহাভাগ গন্ধর্বং লোকমাপ্নুহি।।

এই মন্ত্রে বন্ধন মোচন করে স্বয়ং অথবা অন্য দ্বারা ছেদন করবেন। পরে মৃৎভাণ্ডে রুধির গ্রহণ করে জল, সৈন্ধব, কদলী, শর্করা ও মধু মিশ্রিত করে দেবতার অগ্রভাগে স্থাপন পূর্ব্বক বাক্য—বিষ্ণুরোঁ.... অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য শতবর্ষাবচ্ছিন্ন শ্রীমদ্দক্ষিণাকালিকা প্রীতিকামঃ ক্রীং এষ মহিষরুধিরবলিঃ ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণ কালিকায়ৈ নমঃ। এই বলে রুধির উৎসর্গ করে প্রার্থনা—ওঁ ঐঁ হ্রীং শ্রীং কৌষিকি রুধিরেণাপ্যায়তাম্। এই মন্ত্রে কুশদ্বারা রুধির চারিভাগে বিভক্ত করে—

অগ্নিকোণে—ওঁ বিদারিকায়ৈ নমঃ।
নৈঋর্তে — ওঁ পাপরাক্ষস্যৈ নমঃ।
বায়ুকোণে — ওঁ পূতনায়ৈ নমঃ।
ঈশানে—ওঁ কালিকায়ৈ নমঃ। বলে জলের ছিটা দিতে হবে।

পরে বলিশিরে জ্বলন্ত ঘৃতবর্ত্তিকা প্রদানপূর্ব্বক বাক্য—বিষ্ণুরোন্ তৎসদদ্যেত্যাদি অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য শ্রীমদ্দক্ষিণাকালিকায়া দর্শনাভিবন্দন- স্পর্শনাভিপূজন স্নপন-তর্পনজনিত পূর্ব পূর্ব পুণ্যাধিক পুণ্যপ্রাপ্তিকামনয়া ক্রীং এষ সপ্রদীপ মহিষশীর্ষবলি—ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।

পরে কৃতাঞ্জলি হয়ে—

ওঁ জয়ত্বং সর্ব্বভূতেশে সর্ব্বভূতসমাবৃতে।
রক্ষ মাং সর্ব্বভূতেভ্যো, বলিং গৃহ্ণ নমোঽস্তুতে।।

বলি সমাপ্ত।

(পূর্বে ভোগ আরতি ও হোমের কথা উল্লেখ করা হয়েছে। কিন্তু মহিষ বলির ব্যবস্থা থাকলে মহিষবলির পর উক্ত কার্যগুলি হবে।)

হোমবিধি

হস্তমাত্রং স্থণ্ডিলং বা সংক্ষিপ্তে হোমকর্ম্মণি।
অনুলোৎসেধস যুক্তং চতুরস্রং সমন্ততঃ।।
বালুকাং পাতয়েত্তত্র স্থণ্ডিলস্থানমুত্তমম্।
ত্রিকোণমণ্ডলং কৃত্বা মধ্যে বিন্দু সমাহিতম্।।
ততো হি ত্রিকোণঞ্চৈব ষট্‌কোণং পরিকীর্ত্তয়েৎ।
তদ্বহির্বৃত্তমাকুর্য্যাদষ্টদল সমন্বিতম্।।
চতুর্দ্বারং লিখিত্বা চ ব্রজ্রভূপুর সংযুতম্।
স্থণ্ডিলস্য বহির্ভাগে পূর্ব্বাগ্রমুত্তরাগ্রকম্।।
তিস্রস্তিস্রা রেখাঃ কুর্য্যাদ্ হোম কার্যে যথাবিধি।।

দৈর্ঘ্যে ও প্রস্থে হস্তপরিমিত স্থানে বালুকা বিস্তীর্ণ করে কুশ
তার মধ্যস্থানে একটি অধোমুখ ত্রিকোণমণ্ডল করে , তার মধ্যে
বিন্দু অঙ্কিত করবেন। পরে ঐ ত্রিকোণমণ্ডলের উপরে আর



হোমের স্থণ্ডিল

উর্দ্ধমুখ ত্রিকোণমণ্ডল করে ষট্‌কোণাকার মণ্ডল করে তার বাইরে একটি গোলাকার অংকন করতে হবে । ঐ বৃত্তের বাইরে অষ্টদল পদ্ম, চারিদিকে দ্বারতুষ্টয় করে বজ্রভূপুর অঙ্কিত করবেন এবং স্থণ্ডিলের বহির্ভাগে প্রাদেশপ্রমাণ ঈশানকোণে উত্তরাগ্র তিনটি ও বায়ুকোণে পূর্ব্বাগ্র তিনটি রেখা অঙ্কিত করবেন।

এভাবে স্থণ্ডিল নির্ম্মাণ করে মূলমন্ত্রে বীক্ষণাদি সংস্কার করবেন । যথা — মূলমন্ত্রে (ক্রীং)—অবলোকন , "ফট" মন্ত্রে—তাড়ন এবং —মূলমন্ত্রে (ক্রীং) প্রোক্ষণ করে "হূং" মন্ত্রে—পুনরায় অভ্যুক্ষণ করবেন । তার পর মূলমন্ত্র (ক্রীং) উচ্চারণপূর্ব্বক—

"এতে গন্ধেপুষ্পে ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণাকালিকা স্থণ্ডিলায় নমঃ," এই মন্ত্রে পূজা করে পূর্বকৃত পূর্বাগ্র রেখাত্রয়ে দক্ষিণাদিক্রমে পূজা করবেন। যথা—

এতেগন্ধপুষ্পে ওঁ মুকুন্দায় নমঃ। এতেগন্ধপুষ্পে ওঁ ঈশানায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ পুরন্দরায় নমঃ।

তারপর উত্তরাগ্র রেখাত্রয়ে—

এতেগন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ। এতেগন্ধপুষ্পে ওঁ বৈবস্বতায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ইন্দবে নমঃ। এতেগন্ধপুষ্পে বহ্নের্যোগপীঠায় নমঃ।

এই মন্ত্রে স্থণ্ডিলে পূজা করে তারপর 'ওঁ' মন্ত্রে হোমের দ্রব্যসমুদয় প্রোক্ষণ করে বহ্নির যোগপীঠের পূজা করবেন। যথা—

কর্ণিকোপরি—

৪। শ্রীশ্রীশ্মশানকালিকা পূজা

শ্মশানকালীর পূজা কারও বাড়িতে হয় না, তবে বহুগ্রামেই মারীভয়াদি দুর্নিমিত্ত নিবারণ কামনায় প্রতিবৎসর শ্মশানকালীমাতার পূজা হয়ে থাকে। তাই তার সম্বন্ধে কিছু বিশেষত্ব থাকবে।

শ্মশানকালী পূজা সমস্তই দক্ষিণাকালিকা পূজার ক্রম অনুসারে হবে। তারমধ্যে প্রথম বৈচিত্র্য হলো মন্ত্রাচমনে। এখানে তিনবার জলপানের মন্ত্র—

১) ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং আত্মতত্ত্বায় স্বাহা।
২) ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং বিদ্যাতত্ত্বায় স্বাহা।
৩) ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং শিবতত্ত্বায় স্বাহা।

তারপর হস্তপ্রক্ষালন, মার্জন প্রভৃতি একইরকম করতে হবে, কিন্তু বিনা মন্ত্রে।

স্বস্তিবাচনে কিছু বিশেষত্ব নাই—ওঁ কর্তব্যেঽস্মিন্ শ্রীমন্ মহাকালভৈরব সহিত শ্রীশ্রী শ্মনশানকালিকা পূজন কর্মণি পুণ্যাহমিত্যাদি।

সঙ্কল্পবাক্য—বিষ্ণুরোঁতৎসদদ্য অমুকেমাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকবারে অমুকগোত্রঃ অমুকদেবশর্মা কাশ্যপাদিগোত্রসম্ভূতানাং অমুকগ্রামবাস্তব্যানাংসর্বেষাং জনানাং গৃহপালিতানাং গোমহিষাদি জন্তূনাং শ্রীশ্রী শ্মশানকালিকাদেব্যাঃ কৃপয়া সর্বগ্রহরিষ্টপ্রশমন পূর্বক অকালমরণনিবৃত্তিঃ দুর্মরণপ্রশমন মারীভয়নিবারণ সহিত বাতঝঞ্ঝা অতিবৃষ্টি অনাবৃষ্টিরূপ দুর্নিমিত্তোপশমন নৈরুজ্যেন সহ দীর্ঘায়ুপ্রাপ্তিসহিত সর্বভীষ্টপূরণান্তে দেবীচরণে স্থান প্রাপ্তিকামঃ শ্রীমন্ মহাকালভৈরব সহিত শ্রীশ্রী শ্মশানকালিকাদেব্যাঃ যথশক্ত্যপারৈঃ পূজনমহং করিষ্যামি।

এরপর সংকল্পসূক্ত পাঠান্তে নিম্নলিখিতক্রমে পূজা হবে।

পৌরাণিক আচমনাদিক্রিয়ার পর অর্থাৎ গন্ধাদির অর্চনা করে গায়ত্রী ও ইষ্টমন্ত্র জপ করে সূর্যার্ঘ্য দান করতে হয়।

সূর্যার্ঘ্য—যথারীতি অর্ঘ্য সাজিয়ে এবং অর্চনা করে—ইদমর্ঘ্যং ওঁ হ্রীং হংসঃ মার্ত্তণ্ড ভৈরবায় প্রকাশশক্তি সহিতায় ওঁ সূর্য্যায় স্বাহা। অতঃপর

পুনরায় একটি অর্ঘ্য সাজিয়ে অর্চনা করে — এতৎ সম্প্রদানায় শ্মশান কালিকায়ৈ' মন্ত্র' পাঠান্তে কুশোদক দিয়ে, অর্ঘ্য নিয়ে — "ওঁ উদ্যদাদিত্যমণ্ডল মধ্যবর্ত্তিন্যৈ নিত্য চৈতন্যদায়িন্যৈ ইদমর্ঘ্যাং ঐং হ্রী শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং শ্মশান কালিকায়ৈ দেব্যৈ স্বাহা।" অতঃপর শাক্তাচমন তন্ত্রোক্ত স্বস্তিবাচন ও স্বস্তিসূক্ত পাঠান্তে দক্ষিণা কালিকা পূজার ন্যায় বরণাদি, পঞ্চ গব্য শোধন, ঘটস্থাপন করে মন্ত্রাচমন সামান্যার্ঘ্য স্থাপন, দ্বারপূজা, বিঘ্নাপসারণ, মাষভক্ত বলি, আসনশুদ্ধি, গুরুপংক্তি প্রণাম করবেন। এরপর করশোধন, পুষ্পশুদ্ধি, কায়াদি শোধন ও ভূতশুদ্ধি করবেন, তারপর প্রাণায়ম— "ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং" মন্ত্রে প্রাণায়াম পূর্বক আত্মপ্রাণপ্রতিষ্ঠা করবেন।

আত্মপ্রাণ প্রতিষ্ঠা — নিজ হৃদয়ে অঙ্গুষ্ঠ ও মধ্যমার অগ্রভাগ স্থাপন পূর্বক — ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হং সঃ শ্রীমৎ শ্মশান কালিকায়াঃ প্রাণা ইহ প্রাণাঃ।

ওঁ আং হ্রীং ক্রোং ইত্যাদি শ্রীমৎ শ্মশান কালিকায়াঃ জীব ইহ স্থিতঃ।

ওঁ আং হ্রীং ক্রোং ইত্যাদি শ্রীমৎ শ্মশান কালিকায়াঃ সর্বেন্দ্রিয়াণি ইহ স্থিতানি।

ওঁ আং হ্রীং ক্রোং ইত্যাদি শ্রীমৎ শ্মশান কালিকায়াঃ বাঙ্‌মনশ্চক্ষুস্তক্ শ্রোত্র ঘ্রাণ প্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্ত স্বাহা।

মূলমন্ত্র — ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং।। প্রকারান্তর ক্লীং কালিকায়ৈ নমঃ।। তারপর দক্ষিণাকালিকা পূজা পদ্ধতির ন্যায় মাতৃকান্যাস, অন্তর্মাতৃকান্যাস, বাহ্যমাতৃকান্যাস, সংহারমাতৃকান্যাস, পীঠন্যাস, করে করাঙ্গন্যাস করবেন। তারপর ঋষ্যাদিন্যাস করবেন।

ঋষ্যাদিন্যাস — অস্য শ্রীমৎ শ্মশানকালিকা মন্ত্রস্য ভৃগু ঋষিঃ নিবৃট্‌চ্ছন্দঃ শ্রীমৎ শ্মশানকালিকা দেবতা ঐং হ্রীং শ্রীং বীজং ক্লীং কালিকে শক্তিঃ ক্লীং শ্রীং হ্রীং ঐং কীলকং পুরুষার্থচতুষ্টয় সিদ্ধ্যর্থে বিনয়োগঃ। শিরসি — ভৃগুঋষয়ে নমঃ। মুখে — নিবৃট্‌চ্ছন্দসে নমঃ।

শ্মশান কালিকায়ৈ নমঃ। তারপর পুনরায় করাঙ্গন্যাস করবেন।

ন্যাস— ঐং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। হ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা।
শ্রীং মধ্যামাভ্যাং বষট্। ক্লীং অনামিকাভ্যাং হূং।
কালিকে কনিষ্ঠাভ্যাং বৌষট্।
ক্লীং শ্রীং হ্রীং ঐং করতল পৃষ্ঠভ্যাম্ অস্ত্রায় ফট্।

ন্যাস— ঐং হৃদয়ায় নমঃ। হ্রীং শিরসে স্বাহা।
শ্রীং শিখায়ৈ বষট্। ক্লীং কবচায় হূং।
কালিকে নেত্রত্রয়ায় বৌষট্।
ক্লীং শ্রীং হ্রীং ঐং করতল পৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্।

অতঃপর দক্ষিণকালিকা পুজার ন্যায় বর্ণন্যাস করে ষোঢ়ান্যাস করবেন। এখানে শুধুমাত্র মূলপুটিত মাতৃকান্যাস, অনুলোম মাতৃকাস্থানে মন্ত্রন্যাস, এবং বিলোম মাতৃকাস্থানে মূল মন্ত্রন্যাস পৃথক করবেন।

যথা—

মূলপুটিত মাতৃকান্যাস — ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং অং ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং নমঃ ললাটে। এইক্রমে— ঐং ইত্যাদি আং মূলমন্ত্র মুখবৃত্তে। মূলমন্ত্র ইং মূলমন্ত্র দক্ষিণনেত্রে। মূলমন্ত্র ঈং মূলমন্ত্র বামনেত্রে। মূলমন্ত্র উং মূলমন্ত্র দক্ষিণকর্ণে। মূলমন্ত্র ঊং মূলমন্ত্র বামকর্ণে। মূলমন্ত্র ঋং মূলমন্ত্র দক্ষিণ নাসায়। মূলমন্ত্র ৠং মূলমন্ত্র বামনাসায়। মূলমন্ত্র ঌং মূলমন্ত্র দক্ষিণগণ্ডে। মূলমন্ত্র ৡং মূলমন্ত্র বামগণ্ডে। মূলমন্ত্র এং মূলমন্ত্র ওষ্ঠে। মূলমন্ত্র ঐং মূলমন্ত্র অধরে। মূলমন্ত্র ওং মূলমন্ত্র ঊর্ধ্বদন্তপংক্তি। মূলমন্ত্র ঔং মূলমন্ত্র অধোদন্তপংক্তি। মূলমন্ত্র অং মূলমন্ত্র মস্তকে। মূলমন্ত্র অঃ মূলমন্ত্র মুখে। মূলমন্ত্র কং মূলমন্ত্র বাহুমূলে। মূলমন্ত্র খং মূলমন্ত্র কর্পূরে। মূলমন্ত্র গং মূলমন্ত্র মণিবন্ধে। মূলমন্ত্র ঘং মূলমন্ত্র অঙ্গুলি মূলে। মূলমন্ত্র ঙং মূলমন্ত্র অঙ্গুল্যগ্রে। মূলমন্ত্র চং মূলমন্ত্র বামবাহুমূলে। মূলমন্ত্র ছং মূলমন্ত্র কূর্পরে। মূলমন্ত্র জং মূলমন্ত্র মণিবন্ধে। মূলমন্ত্র ঝং মূলমন্ত্র অঙ্গুলি মূলে। মূলমন্ত্র ঞং মূলমন্ত্র অঙ্গুল্যগ্রে। মূলমন্ত্র টং মূলমন্ত্র দক্ষিণ উরুমূলে। মূলমন্ত্র ঠং মূলমন্ত্র জানুতে। মূলমন্ত্র ডং মূলমন্ত্র গুল্‌ফে। মূলমন্ত্র ঢং মূলমন্ত্র অঙ্গুলিমূলে।

মূলমন্ত্র ণং মূলমন্ত্র অঙ্গুল্যগ্রে। মূলমন্ত্র তং মূলমন্ত্র বাম উরুমূলে। মূলমন্ত্র থং মূলমন্ত্র জানুতে। মূলমন্ত্র দং মূলমন্ত্র গুল্‌ফে। মূলমন্ত্র ধং মূলমন্ত্র অঙ্গুলিমুলে। মূলমন্ত্র নং মূলমন্ত্র অঙ্গুল্যগ্রে। মূলমন্ত্র পং মূলমন্ত্র দক্ষিণপার্শ্বে। মূলমন্ত্র ফং মূলমন্ত্র বামপার্শ্বে। মূলমন্ত্র বং মূলমন্ত্র পৃষ্ঠে। মূলমন্ত্র ভং মূলমন্ত্র নাভিতে। মূলমন্ত্র মং মূলমন্ত্র উদরে। মূলমন্ত্র যং মূলমন্ত্র হৃদি। মূলমন্ত্র রং মূলমন্ত্র দক্ষিণস্কন্ধে। মূলমন্ত্র লং মূলমন্ত্র ককুদি। মূলমন্ত্র বং মূলমন্ত্র বামস্কন্ধে। মূলমন্ত্র শং মূলমন্ত্র হৃদয়াদি দক্ষিণকরাগ্রে। মূলমন্ত্র ষং মূলমন্ত্র হৃদয়াদি বামকরাগ্রে। মূলমন্ত্র সং মূলমন্ত্র হৃদয়াদি দক্ষিণপদাগ্রে। মূলমন্ত্র হং মূলমন্ত্র হৃদাদি বামপদাগ্রে। মূলমন্ত্র লং মূলমন্ত্র হৃদয়াদি জঠরে। মূলমন্ত্র ক্ষং মূলমন্ত্র হৃদয়াদি মুখে।

অনুলোম মাতৃকাস্থানে মূলমন্ত্রন্যাস— ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং নমঃ ললাটে। এইক্রমে—মুখবৃত্তে। দক্ষিণনেত্রে, বাম নেত্রে, দক্ষিণকর্ণে, বামকর্ণে, দক্ষিণ নাসাপুটে, বামনাসাপুটে। দক্ষিণগণ্ডে, বামগণ্ডে, ওষ্ঠে, অধরে, উর্দ্ধদন্তপংক্তিতে, অধোদন্তপংক্তিতে, মস্তকে। মুখে, দক্ষিণবাহূমূলে। কুর্পরে, মণিবন্ধে, অঙ্গুলিমূলে, অঙ্গুল্যগ্রে, বাম বাহুমূলে, কূর্পরে, মণিবন্ধে, অঙ্গুলিমূলে, অঙ্গুল্যগ্রে, দক্ষিণ উরুমূলে। জানুতে, গুল্‌ফে, অঙ্গুলিমূলে, অঙ্গুল্যগ্রে। বামউরুমূলে, জানুতে, গুলফে, অঙ্গুলিমূলে, অঙ্গুল্যগ্রে। দক্ষিণপার্শ্বে, বামপার্শ্বে, পৃষ্ঠে, নাভিতে, উদরে, হৃদয়ে, দক্ষিণস্কন্ধে, ককুদি, বামস্কন্ধে, হৃদয়াদি দক্ষিণ করাগ্রে। হৃদয়াদি বাম করাগ্রে। হৃদয়াদি দক্ষিণ পাদাগ্রে। হৃদয়াদি বাম পাদাগ্রে। হৃদয়াদি জঠরে, হৃদয়াদি মুখে। এইরূপে অঙ্গসকল স্পর্শ করবেন। অতঃপর বিলোম মাতৃকাস্থানে মূলমন্ত্রন্যাস করবেন।

বিলোম মাতৃকাস্থানে মূলমন্ত্রন্যাস — ঐং হ্রীং শ্রীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং ক্ষং মূলন্ত্র হৃদয়াদি মুখে।

এইক্রমে মূলমন্ত্র—হৃদয়াদি জঠরে। হৃদয়াদি বাম পাদাগ্রে। হৃদয়াদি দক্ষিণ পাদাগ্রে। হৃদয়াদি বাম করগ্রে। হৃদয়াদি দক্ষিণ করাগ্রে। বামস্কন্ধে, ককুদি, দক্ষিণ স্কন্ধে, হৃদয়ে, উদরে, নাভিতে, পৃষ্ঠে, বামপার্শ্বে, দক্ষিণ পার্শ্বে, বামপাদ অঙ্গুলি অগ্রে, অঙ্গুলিমূলে, গুল্‌ফে, জানুনি, বাম উরুমূলে, দক্ষিণ পাদাঙ্গুল্যগ্রে, অঙ্গুলিমুলে, গুল্‌ফে, জানুনি, দক্ষিণ উরুমূলে, বাম করাঙ্গুল্যগ্রে, অঙ্গুলি মূলে, মণিবন্ধে, কূর্পরে, বামবাহুমূলে, দক্ষিণকরাঙ্গুল্যগ্রে, অঙ্গুলিমূলে, মণিবন্ধে, কূর্পরে দক্ষিণবাহুমূলে, বামগণ্ডে, দক্ষিণ গণ্ডে, বামনাসায়, দক্ষিণ নাসায়, বামকর্ণে, দক্ষিণকর্ণে, বামনেত্রে, দক্ষিণনেত্রে, মুখবৃত্তে, ললাটে। এইরূপে অঙ্গ সকল স্পর্শ করবেন। বৃহৎ যোঢ়ান্যাসে অক্ষম হলে সংক্ষেপে যোঢ়ন্যাস করবেন। অতঃপর তত্ত্বন্যাস করবেন —

তত্ত্বন্যাস — ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐংআত্মতত্ত্বায় স্বাহা (পা থেকে নাভি পর্যন্ত স্পর্শ করবেন) এইক্রমে — ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং বিদ্যাতত্ত্বায় স্বাহা (নাভি থেকে হৃদয় পর্যন্ত স্পর্শ করবেন)। ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং শিবতত্ত্বায় স্বাহা (হৃদয় থেকে মস্তক পর্যন্ত স্পর্শ করবেন)। তারপর বীজন্যাস করবেন।

বীজন্যাস — ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং (ব্রহ্মরন্ধ্রে)। এইরূপে — ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং (ভ্রুবোর্মধ্যে)। ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং (ললাটে)। ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং (নাভিতে)। ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং (গুহ্যে)। ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং (মুখে)। ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং (সর্ব্বাঙ্গে)। তারপর তিনবার, পাঁচবার অথবা সাতবার ব্যাপকন্যাস করবেন।

ব্যাপকন্যাস — (মূলমন্ত্র) "ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং" এই মন্ত্রে পাদ থেকে মস্তক ও মস্তক থেকে পাদ পর্যন্ত ৫/৭ বার ব্যাপকন্যাস করে কূর্মমূদ্রায় পুষ্প গ্রহণ করে ধ্যান করবেন।

শ্মশানকালিকার ধ্যান—

ওঁ অঞ্জনাদ্রিনিভাং দেবীং শ্মশানালয়বাসিনীম্।
রক্তনেত্রাং মুক্তকেশীং শুষ্কমাংসাতি-ভৈরবাম্।।
পিঙ্গাক্ষীং বামহস্তেন মদ্যপূর্ণং কপালকম্।
সদ্যঃ কৃত্ত শিরো দক্ষহস্তেন দধতীং শিবাম্।।
স্মিতবক্ত্রাং সদা চামমাংসচর্বণতৎপরাম্।
নানালঙ্কার ভূষাঙ্গীং নগ্নাং মত্তাং সদাসবৈঃ।।

ধ্যানান্তে পুষ্পটি নিজ মস্তকে দিয়ে মানসোপচারে দক্ষিণকালিকাবৎ পূজা করে বিশেষার্ঘ্য দানার্ঘ্য স্থাপন পূর্বক শঙ্খজলে পূজা করবেন। যথা — ঐং হৃদয়ায় নমঃ। হ্রীং শিরসে স্বাহা, শ্রীং শিখায়ৈ বষট্। ক্লীং কবচায় হূং, কালিকে নেত্রত্রয়ায় বৌষট্। ক্লীং শ্রীং হ্রীং ঐং অস্ত্রায় ফট্। শ্রীমন্মহাকাল ভৈরব সহিত শ্রীমৎ শ্মশানকালিকে মাতঃ ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহ সন্নিধেহি, ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ। অতঃপর মৎস্য মুদ্রাদ্বারা আচ্ছাদন পূর্বক শঙ্খজলে "ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং" এই মন্ত্র দশবার জপ পূর্বক ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ, অস্ত্রমুদ্রা দ্বারা সংরক্ষণ, ভূতিনী ও যোনিমুদ্রা প্রদর্শন পূর্বক ঐ জল কিঞ্চিৎ কোশায় দিয়ে সেইজলে নিজেকে ও পূজোপকরণ অভ্যুক্ষণ করে মণ্ডলে পূজা করবেন।

এখানেও দক্ষিণাকালিকা পূজার মত একটি বিলোমার্ঘ্য স্থাপন করতে হবে।

মণ্ডলে পূজা — "এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ।" এইরূপে — ওঁ প্রকৃত্যৈ নমঃ, ওঁ কূর্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ, ওঁ কমঠায় নমঃ, ওঁ সুধাম্বুধয়ে নমঃ, ওঁ চিন্তামণি গৃহায় নমঃ, ওঁ শ্মশানায় নমঃ, ওঁ পারিজাতায় নমঃ, ওঁ রত্নবেদিকায়ৈ নমঃ।

অতঃপর দক্ষিণকালিকা পূজার ন্যায় পীঠপূজা করে পুনরায় কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে দেবীর ধ্যান পূর্বক পুষ্পটি ঘটের উপর দিয়ে আবাহন করবেন।

আবাহন — করজোড়ে বলবেন —

ওঁ এহ্যেহি ভগবত্যম্ব ভক্তানুগ্রহ বিগ্রহে।
যোগিনীভিঃ সমং দেবি রক্ষার্থং মম সর্বদা।।
ওঁ মহাপদ্ম বনান্তস্থেকারণানন্দ বিগ্রহে।
সর্বভূতহিতে মাতরেহ্যেহি পরমেশ্বরি।।
ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবার সমন্বিতে।
যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব।।

ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং শ্রীমন্মহাকাল ভৈরব সহিত শ্রীমৎ শ্মশানকালিকে মাতঃ ইহাগচ্ছ' ইত্যাদি মন্ত্রে আবাহনাদি

পঞ্চমুদ্রাদ্বারা আবাহন করে দেবীর ষড়ঙ্গন্যাস। যথা — ঐং হৃদয়ায় নমঃ, হ্রীং শিরসে স্বাহা, শ্রীং শিখায়ৈ বষট্, ক্লীং কবচায় হুং, কালিকে নেত্রত্রয়ায় বৌষট্, ক্লীং শ্রীং হ্রীং ঐং অস্ত্রায় ফট্।

অতঃপর ধেনুমুদ্রা, পরমীকরণ মুদ্রা, ভূতিনীমুদ্রা, আকর্ষণী মুদ্রা ও যোনিমুদ্রা প্রদর্শন পূর্বক দক্ষিণকালিকা পূজার ন্যায় চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠা।

চক্ষুর্দ্দানে মন্ত্র একই থাকবে শুধুমাত্র দক্ষিণকালিকা স্থলে শ্মশানকালিকায়াঃ ঊর্দ্ধচক্ষুঃ কল্পয়ামি। শ্মশানকালিকায়াঃ বামচক্ষুঃ কল্পয়ামি। শ্মশানকালিকায়াঃ দক্ষিণচক্ষুঃ কল্পয়ামি।

প্রাণপ্রতিষ্ঠাতেও শ্রীমদ্দক্ষিণকালিকায়াঃ স্থলে শ্রীমৎ শ্মশানকালিকায়াঃ প্রাণাঃ ইত্যাদি।

অতপরঃ শবরূপী শিবের চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠাদি দক্ষিণকালিকা পূজার ন্যায় করে কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে দেবীর ধ্যানান্তে প্রধান পূজা করবেন। সমস্ত দ্রব্য যথারীতি অর্চনা পূর্বক মূলমন্ত্র পাঠান্তে নিবেদন করবেন যথা —আসন—অর্চনান্তে ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং ইদং রজতাসনং শ্রীমৎশ্মশান কালিকায়ৈ নমঃ এই ক্রমে সমস্ত নিবেদন করা হবে।

ষোড়শোপচারে পূজার পর—"শ্রীমৎ শ্মশানকালিকে দেবি! আজ্ঞাপয় আবরণন্তে পূজায়ামি" মন্ত্রে অনুজ্ঞা গ্রহণ পূর্বক দক্ষিণ কালিকাপূজার নায় আবরণ পূজা, ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তি পূজা, অষ্টভৈরবের পূজা, এবং লোকপালগণের পূজান্তে মহাকাল ভৈরবের পূজা করবেন।

তারপর শবরূপ মহাদেবের পূজান্তে, অস্ত্রপূজা ও গুরুপংক্তি পূজা সমাপনান্তে বলিদান। বলিদানের পূর্বে দেবীর ধ্যান করে পঞ্চোপচারে পূজা করতে হয়।

দক্ষিণাকালিকায় প্রদত্ত বলিদান বিধি অনুসারে হবে।

হোমবিধি— দক্ষিণকালিকা পূজার রীতিতে স্থণ্ডিল নির্মাণ করে "ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং" মন্ত্র স্থণ্ডিলে লিখে "ফট" মন্ত্রে তাড়ন, পুনরায় মূলমন্ত্রে প্রোক্ষণ "হুং"মন্ত্রে অভ্যুক্ষণ করে পুনরায় মূলমন্ত্র উচ্চারণ পূর্বক "শ্রীমৎ শ্মশানকালিকা স্থণ্ডিলায় নমঃ" মন্ত্রে পূজা

করার পর সমস্ত কার্য্য দক্ষিণাকালিকা পূজার হোমের ন্যায়," বৌষট্" মন্ত্রে অগ্নিকে অভিমন্ত্রিত করবেন।

প্রকৃতকর্ম—শ্মশানকালিকানামাসি আবাহন পূজাদি করে—

সঙ্কল্প— "বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য অমুক মাসি অমুক রাশিস্থে ভাস্করে অমুক পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রী অমুক দেবশর্মা (পরার্থে —অমুকগোত্রস্য অমুকস্য) শ্মশান কালিকা পূজাঙ্গ হোম কর্ম্মণি সর্ব্বাপচ্ছান্তি পূর্বক শ্রীমৎ শ্মশানকালিকা প্রীতয়ে ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং স্বাহা ইতি মন্ত্রেণ প্রত্যেকেন পঠিতেন সাজ্যাষ্টোত্তরসংখ্যকবিল্বপত্রসমিদ্ভিঃ হোমমহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)।

এইরূপে সঙ্কল্প করে — "ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং স্বাহা"। মন্ত্রে হোম করবেন। অতঃপর দক্ষিণাকালিকা পূজার হোমবিধিতে উল্লিখিত উদীচ্যকর্ম, প্রত্যক্ষদেবতার হোম, পূর্ণহোম প্রভৃতি হবে। দক্ষিণান্ত প্রভৃতি যথারীতি করে পূজা সাঙ্গ করবেন। হেমক্রিয়ার পূর্বে যথাশক্তি উপচারে পূজা করে মূলমন্ত্র জপ সমর্পণ, স্তব কবচাদি পাঠ করতে পারেন।

ইতি শ্মশানকালিকা পূজাবিধি

৫। শ্রীশ্রীরটন্তীকালী পূজা

রটন্তীকালীপূজার বিধান স্মৃতি ও তন্ত্র উভয়ত্র আছে।

হরতত্ত্বদীধিতি নামক নিবন্ধে আছে—

মাঘে মাস্যসিতে পক্ষে রটন্তাখ্যা চতুর্দশী।
তস্যাং প্রদোষসময়ে পূজায়েমুণ্ড মালিনীম্।

অর্থাৎ—মাঘমাসের কৃষ্ণপক্ষে যে রটন্তী নামক চতুর্দশী, সেই প্রদোষপ্যাপিনী চতুর্দশীতেকালীর পূজা করবে।

আবার উত্তরকামাখ্যাতন্ত্রে বলেছেন—

মকরস্থে রবৌ কৃষ্ণচতুদশ্যাং নিশার্ধকে।
পূজয়েদ্ দক্ষিণাং কালীং ধর্মকামার্থ সিদ্ধয়ে।।

অর্থাৎ সূর্য মকর রাশিতে অবস্থান করলে অর্থাৎ মাঘ মাসে কৃষ্ণচতুর্দশীর অর্ধরাত্রে ধর্ম-অর্থ-কাম সিদ্ধির জন্য দেবী দক্ষিণা কালিকার পূজা করবে।

এই বচনটির দ্বারা তিনটি বিষয় পরিষ্কার হলো। প্রথমত—পূজা হবে দক্ষিণা কালিকার পূজা হবে। দ্বিতীয়—স্মার্তবচনে প্রদোষে পূজার কথা অনুসারে বলা হয়েছে আবার এখানে অর্ধরাত্রে পূজার কথা বলা হয়েছে। সুতরাং এর সমাধান সাধারণ মানুষ প্রদোষকালেই পূজা আরম্ভ করবেন কিন্তু তান্ত্রিকদের অর্ধরাত্রে পূজা করাই বিধেয়। তৃতীয়—পূজার ফল ধর্মার্থকাম ত্রিবর্গসিদ্ধি।

পূজাবিধি সম্পর্কে কোনও সংশয় নাই। যেহেতু দক্ষিণাকালিকার পূজা তাই সমস্ত দক্ষিণাকালিকার পূজা বিধি অনুসারে হবে। মূলমন্ত্রেরও পার্থক্য হবে না। কেবল সংকল্প বাক্যে **মাঘে মাসি মকররাশিস্থে ভাস্করে কৃষ্ণে পক্ষে রটন্তীচতুর্দশ্যাং তিথৌ.....ধর্মার্থকাম ত্রিবর্গসিদ্ধিকামঃ শ্রীমন্ মহাকাল ভৈরবসহিত শ্রীমদ্দক্ষিণাকালিকাদেব্যাঃ পূজানমহং করিষ্যে।**

পূজা—হোম—বিসর্জন সমস্তই দক্ষিণাকালিকার পূজা বিধি অনুসারে হবে।

মনে রাখতে হবে যে তিথির নাম রটন্তী। যেমন কার্তিক মাসের অমাবস্যা তিথির নাম দীপান্বিতা। সেখানে যেমন দীপান্বিতাকালী বলা হয় এখানেও তেমন রটন্তী কালী—উভয়ক্ষেত্রেই পূজা করা হবে দক্ষিণাকালিকার।

———

৬। শ্রীশ্রীফলহারিণী কালীকাপূজা

শাস্ত্রীয় বচন—জ্যৈষ্ঠমাসি তথামায়াং সফলং কালিকার্চনম্।
সফলং ফলসমন্বিতং ফলদ্বারা চ পূজনম্।।

পূজাকাল সম্পর্কে বিধান—

জ্যৈষ্ঠে মাসি ত্বমায়াং বৈ মহারাত্রে মহেশ্বরি।
পূজয়েৎ কালিকাং দেবী নানাদ্রব্যোপহারকৈঃ।।

ফলহারিণী কালিকা পূজা দক্ষিণাকালিকারই পূজা, কিন্তু নামটির গূঢ়ার্থ না বিচার করে জ্যৈষ্ঠ মাসে সাধারণতঃ আম, জাম, কাঁঠাল, লিচু প্রভৃতি নানাবিধ সুস্বাদু ফলের সময় বলে কিন্তু প্রকৃতপক্ষে যে সমস্ত কর্মফলের জন্য আমরা বারবার মাতৃজঠরে জন্ম নিয়ে শত সহস্র বিড়ম্বনা ভোগ করি, মা জ্যৈষ্ঠ অমাবসায় পূজিতা হয়ে সন্তুষ্ট হয়ে আমাদের সেই কর্মফলহরণ করে কৈবল্যলাভের পথ প্রশস্ত করে দেন। তাই মা দক্ষিণাকালী ঐ রাত্রে ফলহারিণী নামে পূজা গ্রহণ করেন। পূজা হবে কিন্তু দক্ষিণাকালিকার।

স্বস্তিবাচন ও সঙ্কল্পে ফরহারিণী নাম উচ্চারণ করলে বলতে হবে **'ফলহারিণী দাক্ষিণাকালিকাদেব্যাঃ পূজনকর্মণি** এবং সঙ্কল্পেও তদনুরূপ।

সঙ্কল্পে রাশি উল্লেখ হবে না।

পূজাবিধি—প্রথম থেকে শেষ পর্যন্ত দক্ষিণা কালিকার পূজাবিধি অনুসারে হবে।

স্বস্তিবাচন—ওঁ কর্তবেঽস্মিন ফলহারিণীদক্ষিণাকালিকা দেব্যাঃ পূজন কর্মণি....

সঙ্কল্প—বিষ্ণুরোঁতৎসদদ্য জ্যৈষ্ঠে মাসি কৃষ্ণেপক্ষে অমাবস্যায়াং তিথৌ....শ্রীমদ্দক্ষিণাকালিকাদেব্যাঃ কৃপয়া সর্বকর্মফল নিবৃত্তিপূর্বকমন্তে শিবলোকে গমন সহিত কালিকায়াশ্চরণে স্থানপ্রাপ্তিকামঃ শ্রীমন্ মহাকাল ভৈরব সহিত শ্রীমৎ ফলহারিণী দক্ষিণাকালিকা দেব্যাঃ পূজন মহং করিষ্যে। আর কোনও বৈষম্য নাই। তবে পূজার উপকরণের মধ্যে ফলের প্রাচুর্য থাকা আবশ্যক। তিনি যেন ঐ সমস্ত ফল গ্রহণ করতে আসেন। তাই নাম ফলহারিণী।

———

৭। শ্রীশ্রীভদ্রকালী পূজা

গায়ত্রী—ভদ্রকাল্যৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নো ঘোরে প্রচোদয়াৎ।

কেবল নাম, ধ্যান ও মূলমন্ত্রে পার্থক্য। তাছাড়া প্রথম থেকে শেষ পর্যন্ত দক্ষিণাকালিকা পূজার বিধানে হবে।

ধ্যান—

ওঁ ক্ষুৎক্ষামা কোটরাক্ষী মসিমলিনমুখী মুক্তকেশী রুদন্তী,
নাহং তৃপ্তা বদন্তী জগদখিলমিদং গ্রাসমেকং করোমি।
হস্তাভ্যাং ধারয়ন্তী জলদনলশিখা সন্নিভং পাশযুগ্মং,
দন্তৈর্জ্জম্বুফলাভিঃ পরিহরতু ভয়ং পাতু মাং ভদ্রকালী।।

মূল মন্ত্র— ওঁ ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং ভদ্রকাল্যৈ ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা।

বিশেষ পূজা মণ্ডলে পূর্বাদিদ্বার চতুষ্টয়ে - গণপতি, বিষ্ণু, শিব, ও সূর্যের পূজা হবে। (উপচার দানে এবং হোমে মূল মন্ত্রটি প্রয়োগ করতে হবে।)

স্তব, কবচ ও দক্ষিণাকালিকার স্তব, কবচপাঠ করা।

ভদ্রকালীর আরাধনা মানুষের মন্দ দূরীভূত হয়ে শুভ হয়।

ভদ্র শব্দের অর্থই ভাল বা শুভ। তিনি ভক্তদের ভাল বা শুভ বা মঙ্গল করে বলেই তাঁর নাম ভদ্রকালী।

**প্রণাম— সর্বগ্রাসকরী দেবীং ভীষণরূপধারিণীম্।
নমামি ভদ্রকালীং ত্বাং সর্বাশুভবিনাশিনীম্।।**

———

৮। শ্রীশ্রীরক্ষাকালী পূজা

রক্ষাকালীর পরিচয়—শ্যামকালী, শ্মশানকালী, ভদ্রকালী, রক্ষাকালী, দক্ষিণাকালী—এরকম আরও নানাবিধ কালীর নাম ও পূজার কথা পাওয়া যায়। কিন্তু লক্ষণীয় সকলেই কালী। উপনিষদে আবার কালী অগ্নির সপ্তজিহ্বার মধ্যে অন্যতমা বা প্রথমা। অগ্নি ও সূর্য আত্মা বলেই দেবতেজঃ সম্ভূতা চণ্ডীও রুদ্র যজ্ঞাগ্নি দুর্গা যেমন আত্মা, সেরূপ অগ্নিজিহ্বা সূর্যজ্যোতিঃ অদর্শনজনিত কৃষ্ণবর্ণাত্মিকা তেজঃশক্তি ও একাত্মিকা। দুর্গা-চণ্ডী তাঁদের সংহারাত্মিকা শক্তি বিসর্জন দিয়ে হলেন বাঙালীর জননী জগদ্ধাত্রী বা আদরিণী কন্যাউমা। আবার সেই দুর্গা চণ্ডীর রুদ্রের ধ্বংসাত্মিকা শক্তি নিয়ে আবির্ভূতা হলেন মহাকালরাণী রুদ্রের শক্তি মহাকালী। কিন্তু রুদ্র কেবল ধ্বংসেরই দেবতা নন তিনি শিবও। শিব কল্যাণময়, তাঁরদক্ষিণ হস্তে থাকে আরোগ্যের ঔষধ। তাই রুদ্র দক্ষিণমূর্তিতে ভক্তকে রক্ষা করেন। সেই দক্ষিণমূর্তি রুদ্রের শক্তি যোগরূপা হয়েও কখনও দক্ষিণাকালী কখনও বরাভয়দাত্রী রক্ষাকালী। তাই তাঁর পূজাবিধিতেও ঋষ্যাদিন্যাসটি কেবল পৃথক। মূলমন্ত্র বিভিন্ন প্রকার আছে তার মধ্যে একটি দক্ষিণা কালীর মন্ত্র আছে এবং নামান্তরে সঙ্গে কিছুটা মূর্তান্তর ঘটায় ধ্যান মন্ত্রও পৃথক। তবে স্বতন্ত্র স্তোত্র ও কবচ নাই। তাই দক্ষিণাকালিকার স্তব ও কবচপাঠ করা হয়। এমনকি ভৈরবও এক মহাকাল।

প্রয়োগবিধি

প্রথম থেকে দক্ষিণাকালিকাপূজার বিধি অনুসারে হবে।

স্বস্তিবাচন—ওঁ কর্তব্যোঽস্মিন্ শ্রীমান্ মহাকাল ভৈরব সহিত শ্রীমদ্ রক্ষাকালিকা পূজান কর্মণি ইত্যাদি।

সঙ্কল্পবাক্য—বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুক রাশিতে ভাস্করে অমুকপক্ষে অমুকতিথৌ অমুকবারে অমুকগোত্র.....শ্রীমদ্রক্ষাকালিকাকৃপয়া মারীভয় নিবারণ দুর্ভিক্ষাদি দুর্নিমিত্ত প্রশমন পূর্বক সর্বাপচ্ছান্তিকামঃ শ্রীমন্ মহাকালভৈরব সহিত শ্রীমদ্ রক্ষাকালিকাদেব্যাঃ পূজনমহং করিষ্যে।

স্বস্তিবাচন সঙ্কল্পের পর শেষপর্ব দক্ষিণাকালিকার বিধিতে হবে।

সমস্ত পূজানুষ্ঠান দক্ষিণাকালিকা পূজার মতই হবে। ঋষ্যাদিন্যাস অন্য প্রকার হবে। যথা—

অস্য শ্রীমদ্ রক্ষাকালিকা মন্ত্রস্য দক্ষিণামূর্তিঋষিঃ পংক্তিশ্ছন্দঃ শ্রীমদ্ রক্ষাকালিকা দেবতা সর্বেষ্ট সিদ্ধ্যর্থে বিনিয়োগঃ। ভৈরব—মহাকাল। কিন্তু শবরূপ শিবের উল্লেখ নাই।

শিরসি—দক্ষিণামূর্তিঋষয়ে নমঃ।

মুখে—পংক্তিচ্ছন্দসে নমঃ।

হৃদি—শ্রীমদরক্ষা কালিকায়ৈ দেবতায়ৈ নমঃ।

ধ্যান—

ওঁ চতুর্ভুজা কৃষ্ণবর্ণা মুণ্ডমালাবিভূষিতা।
খড়্গঞ্চ দক্ষিণে পাণৌ বিভ্রতীন্দীবরদ্বয়ম্।।
কর্ত্রিকাং খর্পরঞ্চৈব ক্রমাদ্ বামেন বিভ্রতী।
দ্যাং লিখন্তীং জটামেকাং বিভ্রতীং শিরসাদ্বয়ম্।।
মুণ্ডমালাধরাশীর্ষে গ্রীবায়ামথ চাপরাং।
বক্ষসা নাগহারঞ্চ বিভ্রতী রক্তলোচনা।।
কৃষ্ণবস্ত্রধরা কট্যাং ব্যাঘ্রাজিনসমন্বিতা।
বামপাদং শবহৃদি সংস্থাপ্য দক্ষিণং পদম্।
বিন্যস্য সিংহপৃষ্ঠেষু লেলিহানা শবদ্বয়ম্।
সাট্টাহাসা মহাঘোররাবযুক্তা সুভীষণা।।

পূজামন্ত্র— ক্রীং ক্রীং ক্রীং স্বাহা।

মন্ত্রপূর্বক—ক্রীং ক্রীং ক্রীং স্বাহা।

যেমন—ক্রীং ক্রীং স্বাহা ইদংরজতাসনং ওঁ রক্ষাকালিকায়ৈ নমঃ।

গায়ত্রী—ওঁ কালিকায়ৈবিদ্মহে শ্মশান বাসিন্যৈ ধীমহি তন্নো ঘোরে প্রচোদয়াৎ।

অনেকে দ্বিভুজা রক্ষাকালীর ধ্যান জানতে চান। তবে এটি সচরাচর পাওয়া যায় না। কালীবিলাসতন্ত্রে লিখিত দ্বিভুজাদেবীর ধ্যানটি নিম্নরূপ—

ধ্যান—

ওঁ ধ্যায়েৎতাং দ্বিভুজাং দেবীং রক্ষাকালীং ভয়াপহাম্।
রক্তপদ্মসমারূঢ়াং বামপাদমহাদ্যুতিম্।।
স্কন্ধলগ্নশিরোগ্রীবাংভৈরবোদক্ষিণে পদে।
নৃমুণ্ডং দক্ষিণে পাণৌ দিব্যালোকন তৎপরাম্।।
বামহস্তে মদ্যকরাং বরদামভয়প্রদাম্।
ত্রিবলিবলয়োপেতাং মুণ্ড মালা বিভূষিতাম্।।
বিদ্যুল্লসিত জিহ্বান্তাং কোটিচন্দ্র নিভ্যননাম্।
ব্রহ্মবিষ্ণু মহারুদ্রৈর্বন্দিতাং ভবসুন্দরীম্।।
মারীভয় মহাকালে রক্ষানীতি চ বাদিনীম্।
সর্বরক্ষাকারীদেবী মারীভয় নিবারিণীম্।।
এবং সঞ্চিন্তয়েদ্দেবীংসর্বদেবগণান্বিতাম্।

চতুর্ভুজা রক্ষাকালীর ধ্যানে শবরূপ শিব আছেন এবং তাঁরবক্ষে দেবীর বামপাদ স্থাপিত আছে। এবং দেবীকৃষ্ণবস্ত্র পরিহিতা।

দ্বিতীয় ধ্যানে ভৈরবে দক্ষিণ পদ। —এটা বিভ্রান্তিকর। কারণ শবরূপী শিব ভৈরব নন। এখানে ভৈরব অদৃশ্যভাবে দেবীর দক্ষিণে বিরাজ করেন, তা মহাকালের ধ্যানে বুঝা যায়।

তবে সারকথা হ'লে, দ্বিভুজা বা চতুর্ভুজা প্রতিমা অনুসারে ধ্যান করা বিধেয়। কিন্তু যে ধ্যানে পূজা করা হোক না কেন মূলমন্ত্রটি ঠিক রেখে দক্ষিণাকালিকা পূজাবিধি অনুসারে সমস্ত ক্রিয়া হবে।

ওঁ রক্ষ রক্ষ জগন্মাতা রক্ষমাং রক্ষাকালিকে।
ভয়েভ্যো রক্ষমাং দেবি শিবানীং ত্বং নমোঽস্তুতে।।

৯। শ্রীশ্রীনিশাকালী পূজা

আচমন ও স্বস্তিবাচন করে দক্ষিণাকালিকার পূজাবিধি অনুসারে ন্যাস আদি করবেন। তারপর কূর্ম্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে ধ্যান করবেন।

ধ্যান—

ওঁ শবোপরিসমাসীনাং মুণ্ডমালাবিভূষিতাম্।
ধ্যায়েদষ্টভুজৈর্যুক্তাং করপদ্মে বিরাজিতাম।।
শক্তিশূলধনুর্বাণ খড়্গাখেটবরাভয়াম্।
পঞ্চবক্ত্রাং মহারৌদ্রীং প্রত্যিবক্ত্র ত্রিলোচনাম্।
প্রলয়ানলধূম্রাভাং কৃষ্ণবর্ণবিধায়িনাম।
জটাজুটসমাযুক্তকেশজাল বিরাজিতাম্।।
কৃষ্ণবস্ত্রধরাং কট্যাং নাগপাশেন বেষ্টিতাম্।
হাস্যযুক্তাং নিশাকালীং সদাঘূর্ণিতলোচনাম্।।

পূজামন্ত্র — ওঁ হ্রীং হ্রীং নিশাকাল্যৈ নমঃ।

ভৈরব—মহাকাল। শবরূপশিবেরও পূজা হবে।

গায়ত্রী—হ্রীং নিশাকাল্যৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নোঘোরে প্রচোদয়াৎ।

উপরোক্ত পূজামন্ত্র ব্যতীত সমস্তই দক্ষিণকালিকা পূজাবিধিতে পূজা হবে। এখানে দেবী অষ্টভুজা এবং পঞ্চাননা। পরিধেয় কৃষ্ণবস্ত্র অর্থাৎ দিগম্বরী নন। মুণ্ডমালা আছে। কিন্তু কটিদেশে হস্তাঙ্গুলির পরিবর্তে নাগপাশ আছে। কালীর নাম ও রূপবৈচিত্র্য অতিবিস্ময়কর।

ওঁ ঘোররূপাং নিশাকালীং পঞ্চবক্ত্রং শুভাননাং।
ভবজ্বালানিবারার্থং প্রণমামি সদানিবাস।।

১০। শ্রীশ্রীমহাকালী পূজা

(দক্ষিণাকালী পূজার ক্রমে সমস্ত পূজা। কেবল নামে আর মূলমন্ত্রে পার্থক্য। অনেকে ভদ্রকালীরই নামান্তর বলে থাকেন)

ধ্যান— ওঁ দশবক্ত্রা দশভুজা দশপাদাঞ্জনপ্রভা।
বিশালয়া রাজমানা ত্রিংশল্লোচনমালয়া।।
স্ফুরদ্দশনদংষ্ট্রাভা ভীমরূপা ভয়ঙ্করী।
খড়্গাশূলগদাবাণতোমরঞ্চ ভূযন্তিভৃৎ।।
পরিঘং কার্মুকং শীর্ষং নিশ্চ্যোতদ্ রুধিরং দধৌ।
মধুকৈটভয়োর্যুদ্ধে ধ্যেয়া সা তামসী শিবা।।

মন্ত্র— ক্রীং খ্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং মহাকালি ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা। (এই মন্ত্রে উপচার নিবেদন ও হোমে আহুতি দান করা হবে)।

অন্যধ্যান—ওঁ পঞ্চবক্ত্রাং মহারৌদ্রীং প্রতিবক্ত্রত্রিলোচনাম্।
শক্তিশূলধনুর্বাণ খড়্গাখেটবরাভয়ান্।
দক্ষাদক্ষভূজৈর্দেবীং বিভ্রাণাং ভূরিভূষণাম্।।

লক্ষণীয়—মূর্তিভেদে ধ্যানের প্রয়োগ করতে হবে। দশাননা দেবীর ক্ষেত্রে প্রথম ধ্যানে এবং পঞ্চাননা দেবীর দ্বিতীয় ধ্যানে পূজা হবে।

পঞ্চাননাদেবীর মন্ত্র ও পৃথক। যথা—

মন্ত্র—ওঁ ক্রেং ক্রেং ক্রোং ক্রোং পশূন্ গৃহাণ হূং ফট্ স্বাহা।

গায়ত্রী—পূর্ববৎ।

ভৈরবও উভয়েরই মহাকাল। তবে এখানে কোনও ধ্যানেই শবরূপ শিব নাই। অতএব শবশিবের পূজা হবে না।

———

১১। শ্রীশ্রীগুহ্যকালিকা পূজা

(পূজার ক্রম দক্ষিণা কালিকার মত)

ধ্যান— ওঁ মহামেঘপ্রভাং দেবীং কৃষ্ণবস্ত্রপিধায়িনীং
লোলজিহ্বাং ঘোরদংষ্ট্রাং কোটরাক্ষীং হসন্মুখীং।।
নাগহার লতোপেতাং চন্দ্রার্ধকৃতশেখরাং।
দ্যাং লিখন্তীং জটামেকং লেলিহানাসবং স্বয়ম্।।
নাগযজ্ঞোপবীতাঙ্গীং নাগশয্যানিষেদুষীং।
পঞ্চাশন্মুণ্ডসংযুক্তবনমালাং মহোদরীং।।
সহস্রফণসংযুক্তমনন্তং শিরসোপরি।
চতুর্দ্দিক্ষু নাগফনাবেষ্টিতাং গুহ্যকালিকাং।।
তক্ষকসর্পরাজেন বামকঙ্কন ভূষিতাং।
অনন্তনাগরাজেন কৃতদক্ষিণকঙ্কনাং।।
নাগেন রসনাহারকল্পিতাং রত্ননূপুরাং।
বামে শিবস্বরূপং তৎ কল্পিতং বৎসরূপকং।।
দ্বিভুজাং চিন্তয়েদ্ দেবীং নাগযজ্ঞোপবীতিনীং।
নরদেহসমাবদ্ধকুণ্ডলশ্রুতিমণ্ডিতাং।।
প্রসন্নবদনাং সৌম্যাং নবরত্নবিভূষিতাং।
নারদাদ্যৈ র্মুনিগণৈঃ সেবিতাং শিবমোহিনীং।
অট্টহাসাং মহাভীমাং সাধকাভীষ্টদায়িনীং।।

বীজমন্ত্র—ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং গুহ্যকালিকে ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা।

বলিদানে বিশেষ মন্ত্র—ওঁ এহ্যেহি গুহ্যকালিকে মম বলিং গৃহ্ন গৃহ্ন মম শত্রূন্ নাশয় নাশয় খাদয় খাদয় স্ফুর স্ফুর ছিন্দি ছিন্দি সিদ্ধিং দেহি হূং ফট্ স্বাহা।

আসনদানে বিশেষ মূলমন্ত্র—ওঁ সদাশিব মহাপ্রেতং গুহ্যকাল্যাসনম্। কিন্তু পাদ্যাদিঃ ক্ষেত্রে মূলমন্ত্র—এতৎপাদ্যং ওঁ গুহ্যকালিকায়ৈ নমঃ ইত্যাদিক্রমে।

ভৈরব—মহাকাল— এখানে শবরূপনাই, বামে বালকরূপী শিব আছেন। শবশিবের পূজার স্থলে শিবের পূজা করতে হবে।

অনান্য সকল দক্ষিণ কালিকা পূজার ন্যায়।

———

১২। রাধাতন্ত্রোক্ত শ্রীশ্রীকৃষ্ণকালী পূজা

তন্ত্রোক্তবিধি অনুসারে দক্ষিণাকালিকাপূজা ক্রমানুযায়ী আচমন, স্বস্তিবাচন, সঙ্কল্প, ঘটস্থাপন, গণেশাদিদেবতা পূজা, দ্বার পূজা, ভূতশুদ্ধ্যাদি করে ধ্যান করবে।

ধ্যান— ওঁ চতুর্ভুজাং কৃষ্ণবর্ণাং চূড়ামুকুটমণ্ডিতাং।
দক্ষিণে শঙ্খখর্পরধারিণীং নবযৌবনাং।।
বামে খড়্গচক্রধরাং মুণ্ডমালাবিভুষিতাং।
বনমালান্বিতাং দেবীং হারকেয়ূরশোভিতাং।।
গোপীভিরর্চিতাঞ্চৈব নানালঙ্কার ভূষিতাং।
আয়ানস্য ভয়ত্রস্তাং রাধয়া পরিপূজিতাং।
চতুর্বর্গপ্রদাং দেবীং ব্রহ্মরূপাং সনাতনীং।।
দুঃখদরিদ্র্য শোকানাং নাশিনীং মোক্ষদায়িনীং।

এইরূপ ধ্যান করে মানসোপচারে পূজা, প্রাণপ্রতিষ্ঠা, দেবতাঙ্গে ন্যাসাদি, মুদ্রা প্রদর্শন করে ষোড়শোপচারে পূজা করবে।

বীজমন্ত্র—ওঁ হ্রীং শ্রীং কৃষ্ণকালিকায়ৈ নমঃ।

বীজমন্ত্রে—পূজান্তে পঞ্চবিংশতি পুষ্পাঞ্জলি দিয়ে গন্ধপুষ্প দ্বারা আবরণ পূজা করবে।

এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং মায়ারূপিণ্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং সনাতন্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং লজ্জারূপিণ্যে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং বলিলালস্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং সুখদায়িন্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং কুরঙ্গনয়নায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং কামরূপিণ্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং ভক্তবৎসলায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং মনোলোভায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং বাঞ্ছাসিদ্ধ্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং লীলারূপায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং চূড়াধারিণ্যৈ নমঃ।

এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং হাস্যরূপায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং সুররূপিণ্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং রাকানয়নায়ৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং ত্রিভঙ্গরূপিণ্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং মুণ্ডমালিন্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং খড়্গাধারিণ্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং শঙ্খধারিণ্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং চক্রধারিণ্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং খর্পরধারিণ্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং বৃন্দাবনবাসিন্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং বনমালাধারিণ্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং বহুরূপিণ্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং সর্বরক্ষাকারিণ্যৈ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং শ্রীকৃষ্ণায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং শ্যামরায়ায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং জনার্দ্দনায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং বংশীবদনায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং গোপীনাথায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং রাধাবল্লভায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং দামোদরায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং কেশবায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং মধুসূদনায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং গরুড়বাহনায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং পীতবাসায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং সঙ্কর্ষণায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং হলধরায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং মাধবায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং লক্ষ্মীনাথায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং গোবর্দ্ধনধারিণে নমঃ।

এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং চূড়াধারিণে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং চক্রধারিণে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং গদাধরায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং দেবকীনন্দনায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং শ্রীনারায়ণায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং গোপালায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং বৃন্দাবননিবাসায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং গোকুলবাসিনে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং জগন্নাথায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং দ্বরকানাথায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং বেদ্যরূপায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং মদনমোহনায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং রাধাকান্তায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং লক্ষ্মীকান্তায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং রুক্মিণীকান্তায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং মহাবিষ্ণবে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং শ্রীবিষ্ণবে নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং শ্রীকৃষ্ণায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং বাসুদেবায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং নন্দসুতায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং দেবকিনন্দনায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং নারায়ণায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং বামনায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং নরসিংহায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং মৎস্যরূপায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং কূর্ম্মরূপায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং বরাহরূপায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং হরিহরায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং ষড়ভুজায় নমঃ।

এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং চতুর্ভুজায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং দ্বিভুজায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং মায়ারূপায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং লীলারূপায় নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং শ্রীরামরূপায় নমঃ।

পূজা করে যুক্ত করে স্তুতিপাঠ করবে।

ওঁ জয় জয় কৃষ্ণকালি যমভয়াদুদ্ধারয়।
মায়ারূপে কলঙ্কং বিমোচয় বিমোচয়।।
জয় জয় কালরূপে মম শত্রূন্ সংহারয়।
জয় জয় বিষ্ণুরূপে সর্বপাপং বিনাশয়।।
জয় জয় নিজরূপে বাঞ্ছাদানং কুরু কুরু।
জয় জয় কৃপাময়ি রক্ষত্বং জীবনং মম।।

সর্ব্বমঙ্গল ইত্যাদি মন্ত্রে প্রনাম করে হোম করে ভোগ নিবেদন করে আরতি করবেন।

মূলমন্ত্রে আহুতি দিবে। (কাহারও কাহারও মতে ওঁ ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদং সমূঢ়মস্য পাংশুলে স্বাহা।

আহুতিদ্রব্য—সাজ্যতিল-যব-দূর্ব্বা।

এতদ্ভিন্ন অন্য সকল দক্ষিণ কালিকা পূজারন্যায়।

ইতি কৃষ্ণকালীপূজা

———

ওঁ পৌরোহিত্য-পূজা বিজ্ঞান
পৌরোহিত্য হোক সর্বজনীন

১৩। শ্রীশ্রীনিত্য কালীপূজা

প্রাতঃকৃত্যাদি সমাপন করে পূজক আসনে বসে প্রথমে বৈদিক আচমন করে 'ক্রীং স্বাহা' মন্ত্রাচমন করে সামান্যার্ঘ স্থাপন, আসনশুদ্ধি, করশুদ্ধি, পুষ্পশুদ্ধি সূর্য ও দেবীকে অর্ঘ্যদান করে মন্ত্রাচমন ভূতশুদ্ধি ও স্বশরীরে প্রাণপ্রতিষ্ঠা করে করে করন্যাস ও অঙ্গন্যাস করে—

দেবীর ধ্যান ওঁ করালবদনাং..... করে পঞ্চোপচারে বা দশোপচারে পূজা করে এতে গন্ধপুষ্পে গুরুভ্যো নমঃ পরমগুরুভ্যো নমঃ, পরাপরগুরুভ্যো নমঃ, পরমেষ্ঠি গুরুভ্যো নমঃ বলে গুরুপংক্তি পূজা করে—

এতেগন্ধপুষ্পে ওঁ ব্রাহ্ম্যাদিভ্যোঃ নমঃ।
এতেগন্ধপুষ্পে ও কাল্যাদিভ্যোঃ নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ অসিতাঙ্গাদি ভৈরবেভ্যো নমঃ।
এতেগন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদিলোকপালেভ্যোঃ নমঃ।

বলে বলে গন্ধপুষ্প দ্বারা পূজা করে মহাকাল ভৈরবের ধ্যান করে পঞ্চোপচারে পূজা করে। ক্রীং মন্ত্র যথাসাধ্য জপ করে 'ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকাং তর্পয়ামি স্বাহা' মন্ত্রে ৩বার তর্পণ করে—

প্রণাম— ওঁ শ্রীমৎসুরাসুরারাধ্য চরণাম্বুরুহদ্বয়ম্।
চরাচরজগদ্ধাত্রীং কালিকাং প্রণমাম্যহম্।।

শেষে একগণ্ডুষ .জল নিয়ে বলবেন—

ওঁ ইতঃ পূর্বং প্রাণবুদ্ধিদেহধর্মাধিকারতো জাগ্রৎস্বপ্ন সুষুপ্ত্যবস্থাসু কর্মনা মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎকৃতং যদুক্তং যৎস্মৃতং তৎসর্বংব্রহ্মাপর্ণং ভবতু। ওঁ মাং মদীয়ঞ্চ সকলং শ্রীমদ্দক্ষিণকালিকাচরণে সমর্পয়ামি বলে আত্মসমর্পণ করবেন। অতএব এখানে পূজায় কোনও বৈষম্য বা বৈচিত্র্য নাই।

ইতি নিত্যকালী পূজা।

১৪। মৃত্যুনাশিনী শ্রীশ্রীরক্ষাকালিকা পূজা

ধ্যান— ওঁ শরন্দিদুনিভাং শুভ্রাং বদনত্রিতয়ান্বিতাং।
নবলোচনসংযুক্তাং জটামুকটমণ্ডিতাং।।
সুচারুদশনাং দেবীং রক্ষাং রক্ষণকারিণীং।
ষড়ভুজামসিপীযূষ কর্তৃকা দক্ষিণে ক্রমাৎ।।
বামতোহঙ্কুশ ডমরুচক্রাণি ক্রমতো ন্যসেৎ।
মুণ্ডালীস্রগ্‌বিরাজন্তীং পীনচারুকুচাবহাং
শবোপরি সমাসন্নাং কৃতান্ত মর্দ্দনোদ্যতাম্।
এবং সঞ্চিন্তয়েৎ কালীং মাতরং মৃত্যু নাশিনীম্।।

বীজমন্ত্র—ঐং হ্রীং স্ত্রীং হূং ঐং। (বীজান্তর। ক্রীং ক্রীং ক্রীং স্বাহা)

ঋষ্যাদিন্যাস—অস্যমন্ত্রস্য বৃহদারণ্যক ঋষিরুষ্ণিক্ ছন্দঃ শ্রীমন্ মৃত্যুনাশিনী রক্ষা কালিকা দেবতা হ্রীং বীজং হূং শক্তিঃ কীলকং চতুবর্গসিদ্ধ্যর্থে বিনিয়োগ।।

শিরসি—ওঁ বৃহদারণ্যকায় ঋষয়ে নমঃ।
মুখে—উষ্ণিক্‌ছন্দসে নমঃ।
হৃদি—শ্রীমন্মৃত্যু নাশিনী রক্ষাকালিকায়ৈ নমঃ।
গুহ্যে—হ্রীং বীজায় নমঃ।
পদযুগলে—হূংশক্তয়ে নমঃ।
সর্ব্বাঙ্গে—ক্রীং কীলকায় নমঃ।

এই পূজায় বিশেষ আবরণদেবতাদের পূজার সময় প্রথমে যম ও ইন্দ্রের পূজা করতে হয়।

যমের ধ্যান—

ওঁ সজলাম্বুদশংস্থাভস্তপ্তচামী করাম্বরঃ।
মহিষস্থঃ স কর্ত্তব্যঃ সর্ব্বাভরণবান্ যমঃ।।
নীলোৎপলাভাং ধূম্রাণীং বামোৎসঙ্গে চ ধারয়েৎ।
ধূম্রাণী দ্বিভুজা কার্য্যা যম কার্য্যশ্চতুর্ভুজঃ।।
দণ্ডখড়্গাযুতৌ কার্য্যৌ যমদক্ষিণহস্তয়োঃ।

জ্বালাত্রিশূলং কর্ত্তব্যং চাক্ষমালাঞ্চ বাময়োঃ।।
দণ্ডোপরিমুখং কার্য্যং জ্বালামালাবিভূষণং।
ধূম্রাণ্যা দক্ষিণোহস্তো যমোপৃষ্ঠগতো ভবেৎ।।
বামে তস্যাঃ করে কার্য্যমনুলিঙ্গং সুদর্শনং।
পার্শ্বতো দক্ষিণে তস্য চিত্রগুপ্তঞ্চ কারয়েৎ।
উদ্দীপ্তবেশং স্বাকারং দ্বিভূজং সৌম্যদর্শনম্।
দক্ষিণে লেখনী তস্য বামে পত্রস্তু করয়েৎ।।
বামে পাশধরঃ কার্য্যঃ কাল বিকটদর্শনঃ।।

ফুলটি নিজের মাথায় দিয়ে মানসপূজা করে পুনরায় ধ্যান করে

আবাহন—ওঁ যমায় ত্বাঙ্গিরস্বতে পিতৃমতে স্বাহা। স্বাহা ধর্মায় ধর্মপিত, ওঁ ভূর্ভুবঃস্বঃ যম ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহ সন্নিধেহি; ইহ সন্নিরুধস্ব, মম পূজয়ং গৃহান। আবাহণের পর

ওঁ যাং যমায় নমঃ।

প্রণাম—ওঁ ঈষৎপীন নমস্তেহস্তু দণ্ডহস্ত নমোহস্তুতে।
মহিষস্থ নমস্তেহস্তু ধর্মরাজন্ নমোহস্তুতে।।

ইন্দ্রের পূজা—

ধ্যান—

ওঁ চতুর্দ্দন্তো গজসক্তঃ শ্বেতো ধ্যেয়ঃ সুরেশ্বরঃ।
বামোৎসঙ্গগতাকার্য্যা তস্য ভার্য্যাশচী নৃপ।।
নীলবস্ত্র সুবর্ণাভা সর্ব্বাভরণ ভূষিতা।
তয়োর্মূলাগ্রতঃ কার্যৌ হস্তৌ দক্ষিণবামকৌ।
বামং শচী পৃষ্ঠগতং দ্বিতীয়ং বজ্রসংযুতং।
বামে শচ্যাঃ করে ধ্যেয়া সৌম্যসন্তানমঞ্জরী।
দক্ষিণং পৃষ্ঠবিন্যস্তং দেবরাজস্য কারয়েৎ।।

ধ্যানের পর মানস পূজাতে পুনধ্যান করে ওঁ ভূর্ভুবঃ স্বঃ ইন্দ্র ইহাগচ্ছ ইত্যাদি মন্ত্রে আবাহন করে—

মন্ত্র— ওঁ লাং ইন্দ্রায় নমঃ মন্ত্রে যথাপচারে পূজা করে—

প্রণাম— ওঁ পুরন্দর নমস্তেহস্তু বজ্রহস্ত নমোহস্তুতে।
শচীপতে নমস্তভ্যং নমস্তে মেঘবাহ্ন।।

তারপর **অন্য সকল শ্রীমদ্দক্ষিণকালিকার পূজার মত শেষ পর্যন্ত হবে।**

একটা প্রথা বা রীতি আছে রক্ষাকালী পূজা শেষ হওয়ামাত্র সেই রাত্রেই বিসর্জন করা হয়। অতএব পূজা শেষে দক্ষিণান্ত ও শান্তিদানের পর দক্ষিণাকালিকা পূজায় লিখিত বিসর্জনাঙ্গ পূজাদি অনুষ্ঠানগুলি করতে হবে।

১৫। শ্রীশ্রীসিদ্ধেশ্বরী কালী পূজা

বহু প্রাচীন বনেদী বাড়িতে দীপান্বিতা অমাবস্যায় বা তাঁদের বংশানুক্রমিক প্রথা অনুসারে কোনও নির্দিষ্টমাসে হয়ে থাকে। তবে পূজা সর্বত্র দক্ষিণাকালিকা পূজার বিধিতে হয়ে থাকে। প্রায় সর্বত্র 'করালবদনাং ঘোরাং ....এই ধ্যানেই পূজা হয়ে থাকে আমি একজায়গায় প্রতিষ্ঠিত মূর্তিতে নিত্যসিদ্ধেশ্বরী কালীর পূজায় উপস্থিত হয়ে সেবাইতের সৌজন্যে তাঁদের পূজার ধ্যান মন্ত্রটি পাই। সেই ধ্যানমন্ত্র এখানে উদ্ধৃত হচ্ছে। এছাড়া অন্য কিছু অন্যরকম নাই ঋষ্যাদিন্যাস, গায়ত্রী, কবচ, স্তোত্র সমস্তই দক্ষিণাকালিকার। ভৈরবের নামও মহাকাল।

ধ্যান—ওঁ ধ্যায়েৎ সিদ্ধেশ্বরীং শ্যামাং কালিকাং দক্ষিণেরিতাম্।
বামাকালীং কৃষ্ণবর্ণাং মহামেঘসমপ্রভাম্।
শবপাদদ্বয়ারূঢ় দক্ষপাদশুভপ্রদাম্।
শবপার্শ্বোপরিন্যস্ত বামপাদাম্বুজাং শিবাম্।।
নাগরূপ মহাকাল বাম পাদতলান্বিতাম্।
নূপূরাদ্যৈরলঙ্কারৈঃ পাদদ্বন্দ্বসুপূজিতাম্।।
বিচিত্রবসনাং দেবী মতিদীর্ঘতনূত্তমাম্।
শববাহু সহস্রৈস্তু বদ্ধকাঞ্চীং সুবক্ষসাম্।।
পীনোত্তুঙ্গ স্তনদ্বন্দ্বাং দীর্ঘ গ্রীবাং চতুর্ভুজাম্।
সদ্যশ্ছিন্নশিরঃ খড়্গ বামাধোর্ধ্বঃ করাম্বুজাম্।।
বরাভয়সমাযুক্তাং দক্ষাধোর্ধ্ব করাম্বুজাম্।
আজানূলম্বিমুণ্ডালীগলদ্রুধির চর্চ্চিতাম্।।
অতিবিস্তার বদনাং লোলজিহ্বাং ভয়ঙ্করীম্।
কালদণ্ডাং মহাভীমাং স্মিতবক্ত্রাং শুভাননাম্।।
প্রাতঃসূর্য্য সহস্রাভলোচন ত্রিতয়ান্বিতাং।
সিন্দূর তিলোকোদ্দীপ্তাং চন্দ্রার্দ্ধকৃত শেখরাম্।।
অমূল্যরত্ননির্মাণ-শিরোমুকুটমণ্ডিতাম্।
মুক্তকেশীং কেশজালৈঃ পাদান্তঃ পরিশোভিতাম্।।
জ্বলদঙ্গারসংযুক্তাং শ্মশাননালয়বাসিনীম্।
শিবাকোটী সহস্রৌঘৈ র্ভৈরবৈঃ পরিবেষ্টিতাম্।
অনন্তকোটী-ব্রহ্মাণ্ডজননীং বিশ্বমোহিনীম্।।

———

১৬। শ্রীশ্রীসিদ্ধকালী পূজা

দক্ষিণাকালিকার আর একটি নামান্তর এই নামে কালিকাদেবীর পূজার প্রচলন খুবই কম আছে। তথাপি নাই বলা যায় না। সিদ্ধকালীর পূজা দক্ষিণাকালী পূজার রীতিতেই করা হয়। কিন্তু এর ধ্যানমন্ত্র ও মূলমন্ত্র স্বতন্ত্র আছে।

ধ্যান— ওঁ খড়্গোত্তিগ্নেন্দুখণ্ডস্রবদমৃতধারামাপ্লাবিতাঙ্গী ত্রিনেত্রা,
সব্যে পাণৌ কপালাদ্‌গলদসৃজমথো মুক্তকেশী পিবন্তী।
দিগ্বস্ত্রা বদ্ধকাঞ্চীমনিময়মুকুটাদ্যৈর্ধৃতাদীপ্ত জিহ্বা,
পায়ান্নীলোৎপলাভা রবিশশি বিলসৎকুণ্ডলালীড় পাদা।।

এখানে ধ্যানমন্ত্রের সঙ্গে করালবদনা ধ্যান মন্ত্রের প্রায় মিল নাই বলা যায়। এমনকি দেবী দ্বিভুজা কি চতুর্ভুজা তারও উল্লেখ নাই। শবশিব বা ভৈরবেরও উল্লেখ নাই। তবে স্বতন্ত্র মন্ত্র আছে—ওঁ হ্রীং ক্রীং মে স্বাহা। সুতরাং দক্ষিণাকালীর পূজাবিধি অনুসারে পূজা করা হয় বলে ভৈরব হিসাবে মহাকালেরই পূজা হবে। কিন্তু উপচার দানের সময়বলতে হবে একটু ভিন্নভাবে। যেমন আসন অর্চনা করার পর নিবেদনে বলতে হবে—

ওঁ হ্রীং ক্রীং মে স্বাহা ইদমাসনং সিদ্ধকালিকায়ৈ নমঃ।

তাছাড়া প্রণাম, পুষ্পাঞ্জলি, স্তব, কবচ সমস্ত দক্ষিণাকালীপূজাবিধি থেকেই নিতে হবে।

———

১৭। শ্রীশ্রীকৌশিকী কালী বা শ্রীশ্রীকৌষী বা শ্রীশ্রীকৌশীকালী পূজা

এই পূজার প্রচলন খুব কমই আছে কিন্তু এই পূজাটি অত্যন্ত মাহাত্ম্যপূর্ণ। পুরাণের বর্ণনা অনুসারে দক্ষকন্যাসতী অভিমানে দেহত্যাগ করে হিমালয়ের কন্যারূপে জন্মগ্রহণ করলে তাঁর গাত্রবর্ণ শ্যামবর্ণ হয়েছিল। তারজন্য হিমালয়ও তাঁর আদরিণী কন্যাকে কখনও কখনও কালী বলে ডাকতেন তাতে পার্বতী কখনও ক্ষুব্ধা হননি।

কিন্তু দেবতারা যখন শুম্ভ-নিশুম্ভ অসুর দ্বারা স্বর্গ থেকে বিতাড়িত হয়ে অশেষ দুঃখ ভোগ করেছিলেন। সেই দুর্দশা থেকে মুক্তি পাওয়ার জন্য দেবী বিশ্বেশ্বরীর স্তব করছিলেন। তখন পার্বতী গঙ্গায় স্নান করতে যাচ্ছিলেন।দেবগণকে কাতরভাবে স্তব করতে দেখে দেবী জিজ্ঞাসা করলেন তোমরা কার স্তব করছ? দেবতারা বললেন, তাঁরই স্তব করছেন। তখনই দেবীর দেহকোষ থেকে অম্বিকা উৎপন্না হয়ে তিনি ত্রিভুবনে কৌশিকী নামে খ্যাত। সেই দিনটি ছিল শ্রাবণী অমাবস্যা। তাই এই অমাবস্যারও নাম হ'লো কৌশিকী বা কৌষী অমাবস্যা। সুতরাংএদিনটিকে কালীর জন্মতিথি বলা যায় এবং এই শ্রাবণী বা কৌশী অমাবস্যায় কালী পূজার বিশেষ মাহাত্ম্য আছে। তবে ঐদিন পূজায় দক্ষিণাকালী নামই ব্যবহৃত হয়। যেমন দীপান্বিতা অমাবস্যায় যে কালীপূজা হয়, তাও দক্ষিণাকালিকা নামে পূজা করা হয়।

অনুরূপ শ্রাবণী অমাবস্যায় পূজ্যা কালী দেবী কৌশিকী হলেও দক্ষিণাকালী নামে ও তার পূজাবিধি অনুসারে পূজা হবে। এখানে ধ্যান থেকে কোনও কিছুতেই কোনও স্বাতন্ত্র্য বা পার্থক্য নাই।

* * *

১৮। অমাবস্যা নিমিত্তক মাসিক শ্রীশ্রীকালীপূজা

অমাবস্যায় প্রতিমাসে যে বহুভক্ত কালীপূজা করেন, তা শখে বা নিজর খেয়ালে করেন তা নয়। এই পূজার যে বিশেষ মাহাত্ম্য আছে তা শাস্ত্রেই নির্দিষ্ট।

শাস্ত্রীয়বচন— নিত্যং প্রপূজয়েদ্ দেবীং দর্শমাত্রে বিশেষতঃ।
ভূতযুক্তা তু সা জ্ঞেয়া উমামাহেশ্বরী তিথিঃ।।

পূজার সময় সম্পর্কেও শাস্ত্র নির্দেশ করেছেন—

রাত্রাবেব মহামায়াং কালিকাং কালরূপিণীন্।
পূজয়েদ্ ভক্তিভাবেন মহাবিভববিস্তরৈঃ।।
গুহ্যাদগুহ্যতরাং দেবীং দিবানৈব প্রপূজয়েৎ।।

অর্থ—দেবীকে নিত্যই পূজা করবে। তবে অমাবস্যায় বিশেষ। কারণ চতুর্দশীযুক্তা অমাবস্যা তিথিকে উমামহেশ্বর তিথি বলা হয়। তাই মানুষ চতুর্দশীযুক্ত অমাবস্যার অর্ধরাত্রে ভক্তিভাবে রাজকীয় উপচারে দেবীর পূজা করবে। এই অতিগুহ্য পূজা দিনের বেলা করা উচিত নয়। চতুর্দশীযুক্তা অমাবস্যাতেই পূজা করা উচিত।

পূজাবিধি কোনও স্বতন্ত্র নয়। দক্ষিণাকালিকাপূজার বিধি অনুসারে পূজা-হোম সমস্ত ক্রিয়া হয়। এবং পূজান্তে বিসর্জন বিধি অনুসারে বিসর্জন করতে হয়।

* * *

১৯। শ্রীশ্রীদোলকালী পূজা

এই নামটিও তিথিভিত্তিক, মুখ্যতঃ দক্ষিণাকালী। আমাদের পশ্চিমবঙ্গে যেমন শাক্তদের প্রভাব ও প্রসার আছে তেমনই বৈষ্ণবদেরও। কোথাও কোথাও আবার দুটি একাত্ম-অভিন্ন হয়ে গেছে। সে স্থলে বহু আচার বিধির মধ্যে আপাতদৃষ্টিতে বৈষম্য লক্ষিত হয়। কিন্তু ঈশ্বরের একত্ব চিন্তা করলে তার বৈষম্য অনুভূত হয় না। তার একটি চরম নিদর্শন—'দোলকালী'।

বর্ধমান জেলার একটি গ্রামে বৈষ্ণবভাবাপন্ন মানুষের অন্তরে জগজ্জননী কালীর পূজার বাসনা জাগে। কিন্তু সেক্ষেত্রে মতবৈষম্য ঘটা স্বাভাবিক। এদিকে মায়ের লীলাও অপার অচিন্তনীয়। তিনিই কয়েকজন বিশিষ্ট ব্যক্তি চিন্তনে স্থির করলেন,—আমাদের এপূজা অমাবস্যায় হবে না, হবে পূর্ণিমায়। বিশেষ করে ভগবান শ্রীকৃষ্ণ স্বয়ং কালীরূপ ধারণ করে শ্রীরাধাকে রক্ষা করেছিলেন সেই শ্রীকৃষ্ণের দ্বাদশ যাত্রার মধ্যে উত্তম দোলযাত্রার রাত্রিতে পূর্ণ পূর্ণিমায় শ্রীশ্রীকালীমাতার পূজা হবে সম্পূর্ণ সাত্ত্বিকভাবে। এই চিন্তন সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তে রূপান্তরিত হলো এবং শুরু হলো দোলপূর্ণিমার রাতে পশু রক্তের পরিবর্তে আবিরে রাঙা মাকালীর পূজা। এখনও প্রতিবর্ষে সাড়ম্বরে 'দোলকালীর' পূজা হয়।

তবে পূজা দক্ষিণাকালীর বিধিতে ক্রীং দোলদক্ষিণা কালিকায়ৈ নমঃ মন্ত্রে হয়ে থাকে। ধ্যান, গায়ত্রী, বীজমন্ত্র সমস্তই দক্ষিণাকালীর কেবল মূল মন্ত্রের পর দোল শব্দটি যোগ করা হয়।

যেন ঐ ভক্তজনেরা প্রণাম জানায় এই বলে—

ওঁ দোলায়াং রমতে কৃষ্ণোঽস্মদ্ হৃদি দোলকালিকা।
কৃষ্ণং কালীং প্রণমামি ত্বাং সর্বরূপধারিণীম্।।

২০। শ্রীশ্রীসুষরময়ীকালী পূজা

কালনিয়ন্ত্রিণী কালীমাতার রূপের ও লীলার যেমন অন্তনাই তেমনই নামেরও সংখ্যা নাই। ভক্ত সাধকের প্রকৃতিকে ভিত্তি করে আবার বহু নাম সৃষ্টি হয়ে চলেছে। যেমন ব্রহ্মোপাসক শ্রীমৎ স্বামী পরমাত্মানন্দজীর বরানগর নপাড়ান বিরাজমারা মঠে 'ব্রহ্মময়ীকালী'। আবার শান্তির দিশারি শ্রীশ্রীরাঙা ঠাকুরের শ্যামনগর মঠে মা পূজা গ্রহণ করেন 'শান্তিময়ীকালী' নামে। 'আনন্দময়ীকালী' নামে তো অসংখ্য দেবী প্রতিমা বিরাজিতা। এই নামটি অত্যন্ত বৈচিত্র্যপূর্ণ। সুষর শব্দটি সুঅবসরের অপভ্রংশ। মাকালী এই নামে পূজা গ্রহণ করেন সচরাচর বর্ধমান জেলার কয়েকটি অঞ্চলে। বর্ধমান জেলা কৃষিপ্রধান অঞ্চল আবার কৃষির মধ্যে এখানে ধানই প্রধান। কার্তিকমাসে দীপান্বিতা অমাবস্যার সময় এই অঞ্চলের মানুষের বিন্দুমাত্র অবসর থাকে না। ধানচাষের পরিচর্যাতেই ব্যস্ত থাকেন। তারপরবর্তী অগ্রহায়ণের অমাবস্যার আগেই প্রায় ক্ষেতের ফসল বাড়ীতে তুলে সুন্দর অবসর উপভোগ করেন। সেইসঙ্গে তাঁরা দীপান্বিতা অমাবস্যায় যে মাতৃপূজার আনন্দ উপভোগ থেকে বঞ্চিত হয়েছেন, তা চরিতার্থ করার জন্য তাঁদের সুঅবসরকালীন মাতৃপূজাকে 'সুষরময়ীকালী'র পূজা বলে অভিহিত করেছেন। এখানেও মন্ত্র—ক্রীং সুষরময়ী দক্ষিণাকালিকায়ৈ নমঃ।

অতএব পূজাবিধিতে কোনও ভিন্নতা নাই। দক্ষিণাকালিকার ধ্যানে গায়ত্রীতেই মায়ের পূজা হয়ে থাকে বা করতে হয়। কারণ প্রতিমাতেও কোনও বৈচিত্র্য সৃষ্টি করা হয় না। দীপান্বিতা শ্যামাই যেন স্বপ্নাদিষ্ট হয়ে অগ্রহায়ণে অমাবস্যায় পূজা গ্রহণ করেন।

ত্বাং সুষরময়ীং কালীং সর্বসুখপ্রদায়িনীম্।
প্রণমামি সদা দেবীং চতুর্বর্গার্থ সিদ্ধয়ে।।

বিংশবিধ শ্রীশ্রীকালীপূজা পদ্ধতি সমাপ্ত

***

Price : 100.00